শিল্প মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রম	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সখ্যা	কারিগরি প্রকল্পে সখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১.	শিল্প মন্ত্রণালয়	০৭	০৭	০০	০০	০৫	০৭	সর্বনিম্ন-২৫% সর্বোচ্চ-২০০%	০৬	সর্বনিম্ন (-)৮.৮৫% সর্বোচ্চ-১৩৮.৯৮%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ৭টি

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
শিল্প মন্ত্রণালয়	
এস্টাবলিশমেন্ট অব টেস্টিং ফ্যাসিলিটিজ অব এয়ার কনডিশনার, রেফ্রিজারেটর,ইলেকট্রিক ফ্যান এন্ড ইলেকট্রিক মটর ইন বিএসটিআই।	প্রকল্পটি জুলাই ২০১৪ জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় । কিন্তু ২০১৫-১৬ অর্থবছরের এডিপিতে প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পায়।
বিসিক শিল্পনগরী, শ্রীমঙ্গল প্রকল্প (২য় সংশোধিত)	ডিপিপি'তে জমির প্রাক্কলিত অর্থের চেয়ে অধিগ্রহণের সময় বেশী অর্থের প্রয়োজন এবং গ্যাস লাইনের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ না থাকায় ডিপিপি'র অঙ্গভিত্তিক সমন্বের প্রয়োজন হয় বিধায় প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পায়।
বিসিক শিল্পনগরী,ঝালকাঠি প্রকল্প (১ম সংশোধিত)	প্রকল্পের ডিপিপি'তে অনাবাসিক ভবন নির্মাণে পাইলিং এর উল্লেখ ছিল না। তাছাড়া লে-আউটি প্লান সংশোধনের কারণে সীমানা প্রাচীর, ড্রেণ, রাস্তাসহ কতিপয় অংগের ব্যয় বৃদ্ধি পাওয়া প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ বৃদ্ধি প্রয়োজন হয়।
সর্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের মাধ্যমে আয়োডিন ঘাটতি পূরণ (৩য় পর্যায়)	প্রকল্পটি বাস্তবায়ন পর্যায়ে ফলাফলের উপর একটি জরিপ পরিচালন করে দেখা যায় যে আয়োডিনযুক্ত লবন গ্রহণের হার ১৯% হতে বৃদ্ধি পেয়ে ৮৪% এ উন্নীত হলেও যথাযথ মাত্রায় আয়োডিনযুক্ত লবন গ্রহণের হার ৯০% এর বেশী হওয়া বাঞ্চণীয়। এ কারণে প্রকল্পটির ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পায়।
হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (৩য় সংশোধিত)	প্রকল্পের উদ্দেষশ্য হলো সমাজের অতি দরিদ্র, বেকার যুবমহিলা ও পুরুষদের হাতে কলমে কারিগরি প্রশিক্ষণ প্রদান করার ফলে দেশে কর্মসংস্থানের

প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
	সুযোগ সৃষ্টি করে দারিদ্র্য নিরসনে সহায়তা করা। প্রকল্পটি জনস্বার্থে সম্পৃক্ততার জন্য বাস্তবায়ন সাফল্যের বিবেচনায় গত ১৫-০৪-২০১২ ও ১২-০৮-২০১৪ তারিখে যথাক্রমে ১ম বার ও ২য় বার সংশোধিত হয়। সর্বশেষ ২৮-০৬-২০১৬ তারিখে ৭১৯৬.৬৪ (একাত্তর কোটি ছিয়ানববই লক্ষ চৌষট্টি হাজার) লক্ষ টাকা ধার্য করে ৩য় বার সংশোধন করা হয় যার মেয়াদ জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।
আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষ উন্নয়ন (১ম সংশোধিত)	মধু প্রক্রিয়াকরণ প্ল্যান্ট স্থাপন এবং ল্যাবরেটরি মেশিনারীর জন্য অতিরিক্ত ব্যয় সংস্থান, ঘূর্নায়মান তহবিলের জন্য অপারেশন ম্যানুয়াল এবং প্রকল্প মেয়াদ শেষে মধু প্রক্রিয়াকরণ প্ল্যান্টটি ব্যবহার সংক্রান্ত অপারেশন ম্যানুয়াল প্রস্তুত করার কাজ অন্তর্ভুক্তির কারণে ১১০০.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১২ থেকে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ১ম ডিপিপি সংশোধন ১১-০৯-২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্ল্যান্ট যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনের কাজে বিলম্ব হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রথমে ০৬ মাস এবং পরে আরো ০৬ মাস বৃদ্ধি করে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১২ থেকে জুন ২০১৯ পর্যন্ত করা হয়।
Modernization and Strengthening of Training Institute	প্রকল্পটি জিওবি ও ভারত সরকারের আর্থিক সহায়তায় বাস্তবায়িত হয়। প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে ভারত সরকারের চুড়ান্ত অনুমোদন পেতে বিলম্ব হয়। বাস্তবায়ন পর্যায়ে নির্মাণ সাইট পরিবর্হনের ফলে প্রকল্প ব্যয় বৃদ্ধির প্রয়োজন হয়। এছাড়াও প্রকল্পের অন্যতম কার্যক্রম ছিল ল্যাবরেটরির জন্য মালামাল সংগ্রহ। এ সকল মালামাল সংগ্রহকালে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয় ।

আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষ উন্নয়ন (১ম সংশোধিত) **শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত :জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষ উন্নয়ন (১ম সংশোধিত)

২। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : শিল্প মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

৪। প্রকল্পের অবস্থান :

	বিভাগ	জেলা	উপজেলা/থানা
প্রকল্প দপ্তর	ঢাকা	ঢাকা	মতিঝিল
মধু প্রক্রিয়াকরণ প্ল্যান্ট	ঢাকা	ঢাকা	ধামরাই
প্রশিক্ষণ কার্যক্রম	সকল	৬৪ জেলা (সমগ্র বাংলাদেশ)	

৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল জিওবি (প্রঃ সাঃ)	সংশোধিত জিওবি (প্রঃ সাঃ)	জিওবি (প্রঃসাঃ)	মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯৩৬.০০ (-)	১১০০.০০ (-)	১০৬৪.৩০ (-)	জুলাই ২০১২ হতে জুন ২০১৭	জুলাই ২০১১ হতে জুন ২০১৮	জুলাই ২০১১ হতে জুন ২০১৯*	১২৮.৩০ (১৩.৭১%)	০২ বছর (৪০%)

* ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ এক বছর বাড়ানো হয়েছে।

** মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় ১২৮.৩০ লক্ষ টাকা (১৩.৭১%) বেশি এবং প্রকৃত বাস্তবায়ন মেয়াদ মূল পরিকল্পিত মেয়াদ হতে ০২ বছর (৪০%) বেশী।

৬। অর্থায়নের উৎস :

প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১১০০.০০ লক্ষ টাকা। তবে প্রকৃত ব্যয় হয়েছে ১০৬৪.৩০ লক্ষ টাকা। এটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন :

শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
A) Revenue Component					99.61%
Pay of Officers	Pers	-	04	-	100%
Pay of Staff	Pers	10.00	04	9.55	82.88%
Allowances:	-	-	04	-	78.30%
House Rent	Pers	6.00	04	6.00	70.16%
Festival	Pers	2.00	04	2.00	56.20%
Bangla Noboborsha	Pers	0.50	04	0.50	28.80%
Medical	Pers	1.30	01	1.30	16.80%
Washing	Pers	0.00	04	0.00	98.66%
Tiffin	Pers	0.30	LS	0.21	50.95%
Conveyance	Pers	0.40	LS	0.40	99,07%
Overtime	Pers	0.00	LS	0.00	99.97%
Educational allowances	Pers	0.10	LS	0.07	96.41%
Leverage	Pers	0.00	LS	0.00	0%
Other allowances:	-	-	LS	-	84.80%
Financial benefit	Pers	3.10	LS	-	87.83%
Others	Pers	0.47	LS	-	98.70%
Total (Allowances)	Pers	14.17	LS	10.48	94.90%
Total(Pay & allowances)	Pers	24.17	LS	20.03	84.34%
Supplies & Services:	-	-	4 Nos.	-	97.10%
Traveling	LS	25.00	30 Nos.	24.60	94.20%
Rented Office	month	20.00	5 Nos.	20.00	97.87%
Postage	LS	1.20	12 Nos.	0.88	79.38%
Telephone/telegram	LS	0.50	48 Nos.	0.10	100%
Telex/Fax	LS	0.00	1063 sqm	0.00	96.67%
Water	month	1.00	-	1.00	95.88%
Electricity	month	2.00	LS	1.95	0%
Gas & Fuel	LS	6.00	LS	5.90	LS
Printing & Publication	LS	6.50	LS	6.50	LS
Stationery, seal & stamp	LS	6.50	LS	6.50	LS
Research	Nos.	15.00	3 Nos.	15.00	3 Nos.
Audio/Video Documentary film	Nos.	15.00	5 nos.	13.40	5 nos.
Publicity & Advertisement:	-	-	-	-	-
Tech. information through Radio, TV News	Times	10.00	100 Times	9.32	100 Times
Orientation on Beekeeping –4000	Pers.	10.00	4000 Pers.	10.00	4000 Pers.
Training cost (Local)	pers.	142.00	6000 pers.	142.00	6000 pers.

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Seminar conference	Nos.	5.00	10 Nos.	4.71	10 Nos.
Study Tour (India)	Pers.	56.50	12 Pers.	56.50	12 Pers.
Entertainment	LS	2.00	LS	2.00	LS
Carrying (Hired Transport)	month	50.00	84 month	49.34	84 month
Outsourcing Stuff	pers.	29.00	8 pers.	28.03	8 pers.
Chemicals & Medicine	LS	2.00	LS	0.00	LS
Consultancy (Local)	LS	5.00	LS	0.00	LS
Evaluation & Study:					
Evaluation	Nos.	5.00	1 Nos.	5.00	1 Nos.
Survey	Nos.	5.00	1 Nos.	5.00	1 Nos.
Impact study	Nos.	10.00	1 Nos.	10.00	1 Nos.
Performance study	Nos.	1.00	1 Nos.	1.00	1 Nos.
Duplicate/ Photo copy	LS	1.00	LS	0.90	LS
Different functions/ occasions					
Arrange honey Fair	nos.	12.00	6 nos.	12.00	6 nos.
Display of mobile apiary	nos.	5.00	100 nos.	5.00	100 nos.
Committee meeting	LS	6.00	LS	6.00	LS
Other :	-	-	-	-	-
Miscellaneous & contingency	LS	13.95	LS	13.61	LS
Sub-Total Supplies & Services:	-	469.15	-	456.86	-
Repair, Maintenance and rehabilitation	LS	6.00	LS	6.00	LS
Total Revenue :	-	499.32	-	482.89	-
B. Capital Component:	-	-	-	-	-
Acquisition of Assests	-	-	-	-	-
Motor Vehicle:	-	-	-	-	-
i)Motor cycle-(100 CC)	Nos.	14.84	10 Nos.	14.84	10 Nos.
ii)Bi-cycle	Nos.	0.60	10 Nos.	0.60	10 Nos.
Machinery & Equipment	-	-	-	-	-
i)Laboratory Equipment	Unit	10.00	1 Unit	10.00	1 Unit
ii)Honey Processing Equipment	Unit	110.00	1 Unit	109.52	1 Unit
Training Equipment:	-	-	-	-	-
i) Operation of Training	Lot	7.00	Lot	6.69	Lot
ii)Tools for Entrepreneurs	Lot	55.00	Lot	51.71	Lot
Computer and accessories	-	-	-	-	-
i)Desktop Computer	sets	0.80	2 sets	0.80	2 sets
ii)Printer	nos.	0.60	2nos.	0.00	2nos.
iii)Laptop	nos	2.00	2 nos	2.00	2 nos
Office Equipment:	-	-	-	-	-
i)Photocopier	nos	1.08	1 nos	1.08	1 nos
ii)Cell phone	nos	1.00	10 nos	0.20	2 nos
iii)Multimedia Projector	nos	1.53	1 nos	1.53	1 nos
iv)Slide/Visual Projector	nos	0.35	1 nos	0.35	1 nos
Furniture and Fixture	Lot	25.00	Lot	10.38	Lot

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Others	LS	5.00	LS	3.79	LS
Sub-Total (Acquisition of Assests)		234.80		224.41	
Construction works of Honey Processing Plant in specialized building	sqm.	157.00	405 sqm.	157.00	405 sqm.
Misc, Capital Expenditure (Revolving Fund)	nos.	200.00	800Nos.	200.00	800 Nos.
Sub Total (Capital Component)	-	591.80	-	581.41	-
Total (Revenue+Capital)	-	1091.12	-	1064.30	-
Capital Block Allocation & Misc, Capital Expenditure	-	-	-	-	-
i) Physical contingency	-	-	-	-	-
ii) Price contingency (% on total Project cost excluding (Revolving Fund)	1%	8.88	-	-	-
Grant Total:	-	1100.00	-	1064.30	-

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :**

আলোচ্য প্রকল্পের আওতায় সব কাজ সম্পাদিত হয়েছে। কেমিক্যালস ও মেডিসিন বাবদ ২.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও তার প্রয়োজন পড়েনি। এ ছাড়া পরামর্শকের প্রয়োজন না হওয়ায় স্থানীয় পরামর্শক খাতে ৫.০০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে।

৯। **সাধারণ পর্যবেক্ষণ :**

৯.১। **প্রকল্পের পটভূমি :**

বিসিকের অধীনে আধুনিক প্রযুক্তির ভিত্তিতে দেশব্যাপী মৌচাষ উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করা ও সম্প্রসারণের মাধ্যমে পরিবেশবান্ধব উপায়ে মধুর উৎপাদন বৃদ্ধি করা সম্ভব। এর মাধ্যমে আয় বৃদ্ধি করে দারিদ্র্য নিরসন, পুঁজির যোগান এবং দেশের কৃষির ফল ও ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যমাত্রা অনায়াসে অর্জন সম্ভব হয়, যা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে কাঙ্খিত অবদান রাখতে সক্ষম হতে পারে। সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত পরিবেশবান্ধব অবকাঠামোর মাধ্যমে দারিদ্র্য বিমোচনের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। নিরবচ্ছিন্ন মৌ-সম্পদের উন্নয়ন এবং মধু উৎপাদন উপযোগী গাছ-গাছালি সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে এ লক্ষ্যমাত্রা অর্জনে শিল্প মন্ত্রণালয়ের বিসিকের অধীনে 'আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষ উন্নয়ন প্রকল্প' শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২। **প্রকল্পের উদ্দেশ্য :**

- দশটি উপকূলীয় জেলায় পরীক্ষামূলক কার্যক্রম পরিচালনাসহ মৌ-সম্পদ ও মৌ-প্লান্ট স্থাপনের মাধ্যমে মৌচাষের উন্নয়ন;
- উপযুক্ত পরাগায়ন প্রক্রিয়া ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং আধুনিক প্রক্রিয়া ব্যবহারের মাধ্যমে দেশে মধু ও মধুজাত খাদ্যের ঘাটতিপূরণ;
- আধুনিক মৌচাষ প্রযুক্তি প্রচলনের মাধ্যমে গুনগত মানসম্পন্ন মধুর উৎপাদন বৃদ্ধি এবং জাতীয় চাহিদা পূরণ;
- মৌ-উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ৬০০০ জনকে আধুনিক মৌচাষের উপর প্রশিক্ষণ প্রদান এবং
- মৌচাষীদের দারিদ্র্য দূরীকরণ ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন এবং ১২,০০০ ব্যাক্তির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৯.৩। **প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্য :**

আলোচ্য প্রকল্পটি জুলাই ২০১২ - জুন ২০১৭ মেয়াদে ৯৩৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১৭/০৬/২০১২ তারিখে অনুমোদিত হয়। মধু প্রক্রিয়াকরণ প্ল্যান্ট স্থাপন এবং ল্যাবরেটরি মেশিনারীর জন্য অতিরিক্ত ব্যয় সংস্থান, ঘূর্নায়মান তহবিলের জন্য অপারেশন ম্যানুয়াল এবং প্রকল্প মেয়াদ শেষে মধু প্রক্রিয়াকরণ প্ল্যান্টটি ব্যবহার সংক্রান্ত অপারেশন ম্যানুয়াল প্রস্তুত করার কাজ অন্তর্ভুক্তির কারণে ১১০০.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১২ থেকে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ১ম সংশোধন ১১-০৯-২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্ল্যান্ট যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনের কাজে বিলম্ব হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রথমে ০৬ মাস এবং পরে আরো ০৬ মাস বৃদ্ধি করে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১২ থেকে জুন ২০১৯ পর্যন্ত করা হয়।

৯.৪ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য :

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালিন	খন্ড কালিন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকের দায়িত্বের মেয়াদ
১।	জনাব মোঃ আমিনুজ্জামান, জেনারেল ম্যানেজার বিসিক, ঢাকা	-	√	না	১৫-০৭-২০১২ হতে ৩০-০৬-২০১৯ (পুরো মেয়াদ)

১০। প্রকল্পের মূল কার্যক্রম:

মৌচাষ প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা উন্নয়ন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, মৌমাছি পালনের কারিগরি বিষয়ে ওরিয়েন্টেশন প্রদান, মধু মেলা আয়োজন, ভ্রাম্যমাণ মৌখামার (বি-ফার্ম) প্রদর্শন ও ব্যবস্থাপনা, মৌবাক্স ও মধু নিষ্কাশন যন্ত্র বিতরণ, মৌখামার স্থাপন, মৌমাছি পালনের কারিগরী তথ্য প্রচার, গবেষণা, সেমিনার/কনফারেন্স আয়োজন এবং মধু প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন ইত্যাদি।

১১.০ অর্থ বছরভিত্তিক প্রকল্পের বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য :

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			আর্থিক ব্যয়		
	মোট	টাকা	প্র.সা.	মোট	টাকা	প্র.সা.
২০১১-১২	১২৩.০০	১২৩.০০	-	১১৩.৩০	১১৩.৩০	-
২০১২-১৩	৬৫.০০	৬৫.০০	-	৬২.৫০৫	৬২.৫০৫	-
২০১৩-১৪	১২০.০০	১২০.০০	-	১১৮.৬৩৬	১১৮.৬৩৬	-
২০১৪-১৫	৬২.০০	৬২.০০	-	৫৮.৯৩৮	৫৮.৯৩৮	-
২০১৫-১৬	৩২৩.০০	৩২৩.০০	-	১২৯.৭৬৮	১২৯.৭৬৮	-
২০১৬-১৭	৩০০.০০	৩০০.০০	-	২৮৪.৭৭	২৮৪.৭৭	-
২০১৭-১৮	২২৪.০০	২২৪.০০	-	২০৬.০০	২০৬.০০	-
২০১৮-১৯	১৯৬.০০	১৯৬.০০	-	১৭৫.০০	১৭৫.০০	-
মোট			-	১০৬৪.৩০	১০৬৪.৩০	-

- প্রতিটি অর্থবছর শেষে অব্যায়িত অর্থ চালানের মাধ্যমে সরকারের কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এতদসংক্রান্ত চালানের কপি যাচাই করে দেখা হয়েছে।

১২. প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্য :

নং	প্যাকেজ	ডিপিপি অনুযায়ী চুক্তি মূল্য (লক্ষ টাকায়)	বিস্তারিত কার্যাদেশ অনুযায়ী		ডিপিপি অনুযায়ী চুক্তি শেষ হওয়ার তারিখ
			কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির দিন	
১.	G1- Motor Vehicle				
	Motor Cycle	১৪.৮৪	৩০-১০-১৩	১১-০৫-১৫	৩০.০৬.২০১৫
	Bi-cycle	০.৬০	৩০.০৬.১৪	১৩.০৬.১৬	৩০.০৬.২০১৬
২.	G2- Machinery & Equipment				
	Laboratory Equipment	১০.০০	০২.১০.২০১৮	৩০.০৬.১৯	৩০.০৬.২০১৮
৩	Honey processing Equipment	১১০.০০	০২.১০.২০১৮	৩০.০৬.১৯	৩০.০৬.২০১৮
৪	G3 Training equipment	৬২.০০	১০-০২-১৭	১০-০২-১৭	৩০.০৬.২০১৭
৫	G4 Computer accessories	২.৮০	১০-০২-১৩	১০-০২-১৩	৩০.০৬.২০১৩
৬.	G 5 Office Equipment	৩.৯৬	১৫-০১-১৪	১৩-০১-১৪	৩০.০৬.২০১৪
৭.	W1 Construction works of Honey processing Plant in specialized building	১৫৭.০০	২৩.০২.১৮	৩১.১২.১৮	৩০.০৬.২০১৮

১৩.১ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

(পিসিআর অনুযায়ী)

উদ্দেশ্য	অর্জন
দশটি উপকূলীয় জেলায় পরীক্ষামূলক কার্যক্রম পরিচালনাসহ মৌ সম্পদ ও মৌ প্লান্ট ব্যবস্থাপনার মাধ্যমে মৌচাষের উন্নয়ন;	দশটি উপকূলীয় জেলাসহ সারা দেশে সাধারণ জনগণ/ স্কুল-কলেজের শিক্ষার্থী / কৃষি সম্প্রসারণ বিভাগের মাঠ পর্যায়ের কর্মী এবং সামাজিক প্রতিষ্ঠানের সদস্যসহ মোট ৪০০০ জন মৌমাছি পালনের প্রযুক্তিগত জ্ঞান সম্পর্কে অবগত হয়েছে। এর মাধ্যমে জনসাধারণের একটি অংশকে দেশে মৌ-সম্পদ এবং মৌ-উদ্ভিদ ব্যবস্থাপনার মাধ্যমে মৌচাষের জন্য উদ্বুদ্ধ করা হয়।
উপযুক্ত পরাগায়ন প্রক্রিয়া ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং আধুনিক প্রক্রিয়া ব্যবহারের মাধ্যমে দেশের মধু ও মধুজাত খাদ্যের ঘাটতিপূরণ;	মৌমাছি হ'ল ৮০% পরাগবাহী উৎস। প্রায় ৭০০০ মৌমাছি পালনকারী বিভিন্ন কৃষি জমিতে যেমন: সরিষা, লিচু বাগান, জিরা ও কালোজিরা, তিল/তিষি ক্ষেত এবং সুন্দরবন অঞ্চলে মোবাইল মৌ-খামার এর মাধ্যমে মধু সংগ্রহ করছেন। এই প্রকল্পের প্রত্যক্ষ/ পরোক্ষ প্রভাবে কৃষিক্ষেত্রের উৎপাদন দিন দিন বাড়ছে।
আধুনিক মৌ চাষ প্রযুক্তি প্রচলনের মাধ্যমে গুনগত মানসম্পন্ন মধু উৎপাদন বৃদ্ধি এবং জাতীয় চাহিদা পূরণ;	২০১৪-১৫ সালের বেস লাইন সমীক্ষার প্রতিবেদনে দেখা যায় যে, ২০১২-২০১৩ মৌসুমে দেশে মোট মধু উৎপাদন হয়েছিলো মাত্র ২০০০ মে.টন.। তবে দেখা গেছে যে ২০১৮-২০১৯ মৌসুমে মধু উৎপাদন বৃদ্ধি পেয়ে হয়েছে ১০০০০০ মে.টন যা প্রকল্পের ইতিবাচক প্রভাবকে নির্দেশ করে ।
মৌ উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে ৬০০০ জনকে আধুনিক মৌচাষ প্রণালীর উপর প্রশিক্ষণ এবং	৬০০০ জন পুরুষ ও মহিলা আধুনিক মৌচাষ প্রণালীর উপর প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন।
মৌ চাষীদের দারিদ্র দূরীকরণ ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন এবং ১২০০০ জনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।	প্রকল্পের আওতায় ৬০০০ মৌমাছি পালন ইউনিট প্রতিষ্ঠা করা হয় এবং ১২,০০০ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

১৩.২ **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ:** প্রযোজ্য নয়।

১৪.০ **অডিট সংক্রান্ত:**

পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের অভ্যন্তরীণ অডিট করা হয়নি। তবে ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থবছরের কার্যক্রমের উপর বাহ্যিক অডিট সম্পন্ন করা হয়েছে, যাতে সর্বমোট ০৮টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। আপত্তিসমূহ এখন পর্যন্ত অনিষ্পন্ন অবস্থায় রয়েছে।

১৫.০ প্রকল্প পরিদর্শনঃ

১৫.১ "আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষ উন্নয়ন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় মধু প্রক্রিয়াকরণ প্ল্যান্টের জন্য নির্ধারিত ধামরাই বিসিক নগরীর নির্দিষ্ট প্রকল্প এলাকা যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন করে ০৩-০৯-২০২০ তারিখে সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে সহযোগিতা প্রদান করেন। মৌ-প্লান্ট ভবন নির্মাণের জন্য ধামরাই বিসিক শিল্প নগরীর নিকট থেকে প্লট বরাদ্দ নিয়ে ৪০৫ বর্গমিটার বা ৪৩৫৭ বর্গফুট আয়তনের প্লান্ট ভবন নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, মধু প্রসেসিং প্ল্যান্টটি সচল রয়েছে। কাঁচা মধু সংগ্রহ করে মান নিয়ন্ত্রণের মাধ্যমে মধু প্রক্রিয়াজাত করা হচ্ছে। দেশের বিভিন্ন এলাকা থেকে মৌচাষীরা তাদের উৎপাদিত মধু





প্রকল্পের আওতায় স্থাপিত মধু প্রসেসিং প্ল্যান্টের চিত্র।

নিয়ে এসে অত্র প্ল্যান্টে প্রক্রিয়াজাত করছেন। এটি নিয়মিতভাবে চালু রেখে সেবা প্রদান করলে এর নির্মাণ ব্যয় দ্রুত উঠে আসবে এবং বিসিকের রাজস্ব আয় বৃদ্ধির সুযোগ তৈরি হবে।

১৫.২ পরিদর্শনকালে দুইজন স্থানীয় উপকারভোগী মৌচাষীর সাথে কথা হয়। দুজনই এই প্রকল্পের আওতায় মৌচাষের প্রশিক্ষণ নিয়েছেন বলে জানান। তারা আরও জানান, সরকারি উদ্যোগে স্থাপিত এই প্ল্যান্টে মধু প্রসেসিং করে বাজারজাত করায় তুলনামূলকভাবে ভাল দাম পাওয়া যাচ্ছে। এখানে নিয়ন্ত্রিত পরিবেশে স্বাস্থ্যসম্মত উপায়ে মধু প্রক্রিয়া করা হচ্ছে। তবে এই প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা সীমিত, তাই প্রক্রিয়াজাতকরণের কাজে সময় বেশি লাগে। এখানকার প্রক্রিয়াজাত মধুর মান ভাল হওয়ায় উদ্যোক্তাদের মধ্যে এই প্ল্যান্ট ব্যবহারে চাহিদা ব্যাপক। এখানে আরো বেশি উৎপাদন ক্ষমতার প্রসেসিং প্ল্যান্ট স্থাপন করা যেতে পারে। উল্লেখ্য, প্লান্টের দৈনিক মধু প্রক্রিয়াজাতকরণ ক্ষমতা সর্বোচ্চ ৬০০ কেজি।

১৬.০ প্রকল্পের অন্যান্য কার্যাবলিঃ

১৬.১ 'আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষ উন্নয়ন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় মৌখামারিদের আর্থিক সহায়তা প্রদানের জন্য দুই কোটি টাকার একটি আবর্তক ঋণ তহবিলের সংস্থান ছিল। সম্ভাবনাময় উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণের

পাশাপাশি প্রাথমিক ভাবে খামার পরিচালনা করার জন্য ৯% সরল সুদে ঋণ প্রদান করা হচ্ছে। প্রকল্প চলাকালীন জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায় যে, শতকরা ৪৯ শতাংশ খামারি বিসিক থেকে ঋণ গ্রহণ করেছেন এবং তাদের ৭৮ শতাংশই নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করেছেন ও করছেন।

১৬.২ প্রকল্প পরিচালক জানান যে, মৌপালনে সাধারণ ও কারিগরি উন্নয়নের জন্য ২০০০ জন, বিদ্যমান উদ্যোক্তাদের ২০০০ জন, ২০০০ জন মৌয়ালকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, মৌচাষ সম্প্রসারণের লক্ষ্যে সরকারি, বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠানের ৬০০০ জনকে ওরিয়েন্টেশন প্রদান, নতুন প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাদের ২০০০টি মৌ-বাক্স এবং ২০০টি মধু নিষ্কাশন যন্ত্র প্রদান করা হয়েছে। এ ছাড়া ৬টি মধু মেলা আয়োজন করা হয়েছে।

১৬.৩ বেসরকারি উদ্যোগে ২৫০০টি মৌ-খামার স্থাপন, ১০০টি ভ্রাম্যমাণ মৌ-খামার পরিচালনা, ৯টি সেমিনার, ২টি গবেষণা, রেডিও/টিভি ও সংবাদপত্রে মৌপালনের ১০০টি কারিগরি তথ্য প্রচার ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং তাতে প্রায় ১২০০০ জনের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। প্রকল্প কার্যালয় হতে সেমিনার ও ওয়ার্কশপ আয়োজনের তথ্য এবং ২টি গবেষণার প্রতিবেদন পাওয়া গেছে। এছাড়াও প্রকল্প মেয়াদে সম্পন্ন মধ্যমেয়াদি মূল্যায়ন ও প্রভাব মূল্যায়ন সমীক্ষার প্রতিবেদন যাচাই করে উপর্যুক্ত তথ্যাদির সত্যতা পাওয়া গেছে।



মৌচাষ প্রশিক্ষণ ও মেলায় প্রদর্শিত মধু (ছবি প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত)

১৬.৪ মৌবাক্স ও মধুসহ চলাচলের সময়ে পথিমধ্যে যাতে কোন অসুবিধার সম্মুখীন না হতে হয় সেজন্য মৌচাষিদেরকে বিসিক থেকে আইডি কার্ড প্রদান করা হচ্ছে। মধুর গুণাগুন ও মৌচাষ উন্নয়নের অর্থনৈতিক গুরুত্ব বিষয়ে বিশ্ববিদ্যালয় পর্যায়ের সংশ্লিষ্ট বিশেষজ্ঞ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ব্যক্তিবর্গ সমন্বয়ে পুরো প্রকল্প মেয়াদে ৬টি কর্মশালার আয়োজন করা হয়েছে।

১৭.০ পর্যবক্ষেণঃ

অধিকাংশ প্রশিক্ষণ কার্যক্রমসমূহ সমগ্র দেশব্যাপী বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প কার্যালয়ে এতদসংক্রান্ত কার্যক্রমের দালিলিক প্রমাণাদি রয়েছে। বিভাগীয় ও জেলা পর্যায়ে ২০১৩ হতে ২০১৭ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন, মৌবাক্স ও মধু নিষ্কাশন যন্ত্র বিতরণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প সমাপ্তির প্রায় বছরখানেক পর সকল কার্যক্রম বাস্তবে যাচাই করা সম্ভবপর নয়। পিসিআর, পরিদর্শন, প্রাপ্ত নথি ও প্রাসঙ্গিক তথ্য উপাত্ত বিশ্লেষণের ভিত্তিতে কতিপয় পর্যবেক্ষণ নিচে তুলে ধরা হল;

১৭.১ প্রকল্পটি জুলাই ২০১২ হত জুন ২০১৭ মেয়াদে ৯৩৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত হয়। এরপর

একবার সংশোধনের ফলে ব্যয় বৃদ্ধি পায় ১২৮.৩০ লক্ষ টাকা। এছাড়া দুইবার মেয়াদবৃদ্ধি করা হয়। এর অতিক্রান্ত ব্যয় ১৩.৭১% এবং অতিক্রান্ত সময় ৪০%। বারবার সংশোধনের প্রবণতা রোধকল্পে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নে বিসিক এবং শিল্প মন্ত্রণালয় হতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন ছিল।

১৭.২ প্রকল্পের আওতায় কেমিক্যালস ও মেডিসিন বাবদ ২.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও তার প্রয়োজন পড়েনি। এছাড়া পরামর্শকের প্রয়োজন না হওয়ায় স্থানীয় পরামর্শক খাতে ৫.০০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। যদি কেমিক্যালস ও মেডিসিন এবং স্থানীয় পরামর্শকের প্রয়োজন না থাকে তা প্রকল্পে অন্তর্ভুক্ত করার আবশ্যকতা কি? এমনকি প্রকল্পের ১ম সংশোধনের সময়ও এ অপ্রয়োজনীয় বিষয়গুলো বাদ দেয়া যেত। এবিষয়ে মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থার আরো যত্নবান হওয়া প্রয়োজন ছিলো।

১৭.৩ বিগত ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থবছরের অডিট কার্যক্রমে ০৮টি আপত্তি উত্থাপন করা হয়েছে।

১৭.৪ প্রকল্পে প্রশিক্ষণ প্রাপ্তদের তথ্যাদি থাকলেও কতজন কোথায় কর্মরত রয়েছে তার পূর্ণাঙ্গ ডাটা বেইজ নেই। এর মাধ্যমে প্রকল্পের মূল উদ্দেশ্য কতটুকু অর্জিত হয়েছে তার সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য উপাত্ত তুলে ধরা সম্ভব হচ্ছেনা।

১৭.৫ আধুনিক প্রযুক্তিভিত্তিক মৌচাষ কার্যক্রমকে টেকসই (Sustainable) করার লক্ষ্যে বিসিকের রাজস্ব খাতভুক্ত কর্মসূচির আওতায় মৌচাষ সংশ্লিষ্ট কার্যক্রম জোরদার করা ও অব্যাহত রাখার কি উদ্যোগ নেয়া হয়েছে -তা স্পষ্ট নয়।

১৭.৬ এই প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ ও অন্যান্য সেবাসমূহ প্রকল্প শেষে অব্যাহত রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। আধুনিক প্রযুক্তির মাধ্যমে মধু প্রক্রিয়াকরণে মৌচাষ প্রকল্প থেকে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা জেলা পর্যায়ে কিভাবে অব্যাহত রাখা যেতে পারে –তা স্পষ্ট নয়।

১৭.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত মধ্যমেয়াদী মূল্যায়ন এবং জরিপে প্রকল্পের আওতায় গৃহীত প্রশিক্ষণ কার্যক্রম, আবর্তক ঋণ, পরামর্শ ও প্রযুক্তিগত সহায়তা কার্যক্রমের প্রয়োজনীয়তা উঠে এসেছে। এ বিষয়ে অধিকতর নিড বেজড্ স্টাডি ও গবেষণা প্রয়োজন।

১৮.০ সুপারিশ:

১৮.১ বার বার প্রকল্প সংশোধন ও মেয়াদবৃদ্ধি প্রকল্প ব্যবস্থাপনায় দুর্বলতার পরিচায়ক। এতে প্রকল্পের সময় ও ব্যয় উভয়ই বৃদ্ধি পায়। সুতরাং প্রকল্প সংশ্লিষ্টদের নিয়মিত প্রকল্প ব্যবস্থাপনা, ক্রয় ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষিত করার নিমিত্ত উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৮.২ সঠিকভাবে সম্ভাব্যতা যাচাইপূর্বক প্রকল্পের অঙ্গসমূহ নির্বাচন করা উচিত, যাতে কোন অপ্রয়োজনীয় বিষয় যুক্ত না হয় এবং প্রয়োজনীয় অঙ্গ বাদ না পড়ে। ভবিষ্যতে যথাযথ সম্ভাব্যতা যাচাইপূর্বক প্রকল্প গ্রহণ করতে হবে;

১৮.৩ উত্থাপিত অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করে আইএমইডিকে অবহিত করতে হবে;

১৮.৪ প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্পে একটি পূর্ণাঙ্গ ও শক্তিশালী ডাটাবেজ গড়ে তোলা দরকার। এজন্য অনলাইন/সফটওয়্যারভিত্তিক ডাটাবেজ গড়ে তোলার বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

১৮.৪ আধুনিক প্রযুক্তিভিত্তিক মৌচাষ উন্নয়নের নিমিত্ত প্রকল্পের কার্যক্রমকে টেকসই (Sustainable) করার লক্ষ্যে বিসিকের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন কর্মসূচির আওতায় মৌচাষ সংশ্লিষ্ট কার্যক্রম অব্যাহত রাখার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

১৮.৫ বিসিকের ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণমূলক কার্যক্রমের সাথে মৌচাষ তদারকি ও মনিটরিং কার্যক্রমের মাধ্যমে মৌচাষকে টেকসই করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। বিসিকের জেলা শিল্প সহায়ক কেন্দ্রের মাধ্যমে দেশে মৌচাষ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে জেলা পর্যায়ের কার্যালয়ের একজন কর্মকর্তা নির্দিষ্ট করা যেতে পারে;

১৮.৬ প্রশিক্ষণ, কর্মশালা, গবেষণা, মৌমেলা আয়োজন, আবর্তক ঋণবিতরণসহ অন্যান্য কার্যক্রমের তুলনামূলক বিশ্লেষণ করে বিসিককে দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করতে হবে;

১৮.৭ উপরোক্ত সুপারিশ/মতামতের আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

সর্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের মাধ্যমে আয়োডিন ঘাটতি পূরণ (৩য় পর্যায়) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৮)

১। প্রকল্পের নাম : সর্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের মাধ্যমে আয়োডিন ঘাটতি পূরণ (৩য় পর্যায়)

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : শিল্প মন্ত্রণালয়।

৪। প্রকল্পের অবস্থান : প্রধান কার্যালয় ঢাকাসহ ০৮টি জোনাল কার্যালয় যথা (ঢাকা, নারায়নগঞ্জ, চাঁদপুর, চট্টগ্রাম, পটিয়া, কক্সবাজার, খুলনা ও ঝালকাঠি)

৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃ সাঃ)		প্রকৃত ব্যয় (প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৭১০০.০০ (২৪৯২.৩৪)	৭৭২০.০০ (২৭২০.৬৩)	৭৬৩৬.৮৪ (২৬৫০.৩০)	জুলাই ২০১১ হতে জুন ২০১৬	জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৮	জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৮	৫৩৬.৮৪ (৭.৫৬%)	২ বছর ৬ মাস (৫০%)

- প্রকল্পের বৈদেশিক অর্থায়ন: Unicef, MI(NI) এবং GAIN এর অনুদান (GRANT)।

৬। **সাধারণ পর্যবেক্ষণ :**

৬.১। **প্রকল্পের পটভূমি :** আশির দশকের পূর্বে বাংলাদেশে আয়োডিন অভাবজনিত সমস্যাবলী প্রকট আকার ধারণ করেছিল। আয়োডিন নামক পুষ্টি উৎপাদনের অভাবে গলগন্ড, বামনত্ব, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী, অকাল গর্ভপাত ও অপুষ্টিহীনতা সমস্যা প্রকট আকার ধারণ করে। জনগনের মধ্যে দীর্ঘ সময় ধরে বিরাজমান পুষ্টিহীনতা মানুষের শারিরীক ও মানসিক বিকাশকে বাধাগ্রস্থ করে, বিশেষ করে মানুষের মেধা ও সৃজনশীলতার বিকাশের পথে সবচেয়ে বড় অন্তরায় হচ্ছে এই পুষ্টিহীনতা। দেশে বর্তমানে যেসব পুষ্টি সহায়তা কার্যক্রম চালু আছে তার মধ্যে অন্যতম হচ্ছে সর্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের মাধ্যমে আয়োডিন ঘাটতি পূরণ (সিআইডিডি), যার শুরু এখন থেকে প্রায় তিন দশক আগে। মনব দেহে আয়োডিনের ঘাটতি পূরণের লক্ষ্যে আয়োডিন অভাবজনিত রোগ প্রতিরোধ আইন ১৯৮৯ প্রণয়ন পূর্বক শিল্প মন্ত্রণালয়ের আওতায় বিসিকের সিআইডিডি প্রকল্প গ্রহণ করা হয়। পরবর্তীতে উক্ত আইনের বিধিমালা ১৯৯৪ প্রণয়ন করা হয়।

৬.২। **প্রকল্পের উদ্দেশ্য :**

- দেশের ৯০% জনগণকে পরিমিত মাত্রায় আয়োডিনযুক্ত লবণ প্রাপ্তি নিশ্চিত করা;
- আয়োডিন অভাবজনিত রোগসমূহ নিয়ন্ত্রণ করা;
- পটাশিয়াম আয়োডেট(আয়োডিন) আমদানি সরবরাহ নিশ্চিত করা;
- আয়োডিনযুক্ত লবণ গ্রহণে জনসচেতনতা বৃদ্ধি করা;
- গুণগতমান সম্পন্ন উন্নতমানের আয়োডিনযুক্ত লবণ উৎপাদন ও গবেষণা কার্যক্রম গ্রহণে সহায়তা প্রদান; এবং
- সকল পর্যায়ে (উৎপাদন, পাইকারী ও খুচরা বিক্রি পর্যায়ে) মনিটরিং কার্যক্রম নিশ্চিত করা।

৭। **প্রকল্প অনুমোদন ও সংশোধন:**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক ১৭-০৩-২০১২তারিখে ৭১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদন লাভ করে। পরবর্তীতে মাননীয় মন্ত্রী পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক ০৭-০৫-২০১৮ তারিখে ৭৭২০.০০

লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২য় সংশোধিত অনুমোদন লাভ করে।

৮.১ প্রকল্পের মূল কাজ:

- দেশের ৯০% জনগণকে পরিমিত মাত্রায় আয়োডিনযুক্ত লবণ প্রাপ্তি নিশ্চিত করা;
- জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে লবণ কমিটির সভা, মোবাইল কোর্ট পরিচালনা;
- আয়োডিনবিহীন ভোজ্য লবণ উৎপাদন, সরবরাহ ও বিক্রয়কারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
- লবণ সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম নিশ্চিতকরণ;
- সকল পর্যায়ে ভোজ্য ও শিল্প লবণ (উৎপাদন, পাইকারী ও খুচরা বিক্রি পর্যায়ে) মনিটরিং কার্যক্রম নিশ্চিতকরণ;
- আয়োডিনযুক্ত লবণ ব্যবহার সম্পর্কিত সচেতনতামূলক কর্মকাণ্ড পরিচালনা;
- পটাশিয়াম আয়োডেট (আয়োডিন) আমদানি ও সরবরাহ নিশ্চিতকরণ;
- জেলা পর্যায়ে লবণ পরীক্ষাগার স্থাপনের মাধ্যমে মান নিয়ন্ত্রণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং
- সকল লবণ কারখানায় বাধ্যতামূলক লবণ পরীক্ষাগার স্থাপন ও মান নিয়ন্ত্রণ এবং এসআইপি ব্যবহার নিশ্চিতকরণ।

৮.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন(পিসিআর অনুসারে):

(লক্ষ টাকায়)

Items of work (as per PP)	Unit	Target (as per PP)				Actual Progress			
		Financial			Physical (Quantity)	Financial			Physical (Quantity)
1	2	3			4	5			6
		GOB	PA	Total		GOB	PA	Total	
Pay of Officer	pers	89.70	-	89.70	10	89.70	-	89.70	10
Pay of Establishment	pers	192.41	-	192.41	30	192.41	-	192.41	30
House rent allowance	-	154.12	-	154.12	-	154.12	-	154.12	-
Festival allowance	-	47.16	-	47.16	-	47.16	-	47.16	-
Medical allowance	-	33.22	-	33.22	-	33.22	-	33.22	-
Washing allowance	-	0.20	-	0.20	-	0.20	-	0.20	-
Tiffin allowance	-	5.48	-	5.48	-	5.48	-	5.48	-
Conveyance	-	6.19	-	6.19	-	6.19	-	6.19	-
Overtime allowance	-	3.50	-	3.50	-	3.50	-	3.50	-

Items of work (as per PP)	Unit	Target (as per PP)				Actual Progress			
		Financial			Physical (Quantity)	Financial			Physical (Quantity)
1	2	3			4	5			6
		GOB	PA	Total		GOB	PA	Total	
Education allowance	-	11.30	-	11.30	-	11.30	-	11.30	-
Leverage		4.00	-	4.00	-	4.00	-	4.00	-
Other allowance	-		-		-		-		-
Financial benefit	-	87.62	-	87.62	-	87.62	-	87.62	-
Oters(Deputation,charge, Baishakhi allowance etc)	-	21.65	-	21.65	-	21.65	-	21.65	-
Traveling	-	28.91	-	28.91	L.S	28.91	-	28.91	L.S
Rented office	nos	136.02	-	136.02	11	133.52	-	133.52	8
Port charge & carrying	-	63.99	-	63.99	Lot	63.99	-	63.99	Lot
Others tax	--	-	-	-		-	-		
Postage	-	4.69	-	4.69	Lot	4.69	-	4.69	Lot
Telephone (land & cell)	-	4.60	-	4.60	Lot	4.40	-	4.40	Lot
Telex/Fax	-	0.62	-	0.62	Lot	0.62	-	0.62	Lot
Water	-	5.43	-	5.43	Lot	4.93	-	4.93	Lot
Electricity	-	10.75	-	10.75	Lot	10.50	-	10.50	Lot
Gas & Fuel	-	14.38	-	14.38	Lot	13.88	-	13.88	Lot
Petrol & lubricant	-	26.02	-	26.02	Lot	25.77	-	25.77	Lot
Printing & publication	-	12.92	-	12.92	Lot	12.92	-	12.92	Lot
Stationary	-	12.62	-	12.62	Lot	12.62	-	12.62	Lot

Items of work (as per PP)	Unit	Target (as per PP)				Actual Progress			
		Financial			Physical (Quantity)	Financial			Physical (Quantity)
1	2	3			4	5			6
		GOB	PA	Total		GOB	PA	Total	
Research	nos	-	394.49	394.49	3	-	374.49	374.49	2 nos
Publicity (IEC)	-	-	703.57	703.57	Lot	-	679.24	679.24	Lot
a) Training	pers	98.00	184.54	282.54	11037	98.00	169.54	267.54	10602
b) Study tour	pers	-	24.00	24.00	30	-	24.00	24.00	10
Seminar, workshop, Orientation	pers	9.00	7.00	16.00	735375	9.00	7.00	16.00	677075
Outsourcing staff	pers	73.41	-	73.41	07	69.24		69.24	07
Chemical (For Lab)		-	46.50	46.50	Lot	-	46.50	46.50	Lot
Consultancy	nos	-	55.20	55.20	1	-	55.20	55.20	1
Legal expenses	nos	27.47	-	27.47	2236	26.47		26.47	2036
Survey, evaluation, study	nos	26.00	222.46	248.46	10	26.00	222.46	248.46	10
Computer goods	-	9.77	8.58	18.35	Lot	8.91	8.58	17.89	Lot
Committee meeting	-	45.52	-	45.52	Lot	45.52	-	45.52	Lot
Others	-	-	-		Lot	-	-		-
Quality control	-	-	547.65	547.65	Lot	-	547.65	547.65	Lot
Quality validation	-	-	67.22	67.22	Lot	-	67.22	67.22	Lot
Monitoring activity	-	-	34.00	34.00	Lot	-	26.00	26.00	Lot
Business plan	-	-	54.50	54.50	1 no	-	54.50	54.50	Lot

Items of work (as per PP)	Unit	Target (as per PP)				Actual Progress			
		Financial			Physical (Quantity)	Financial			Physical (Quantity)
1	2	3			4	5			6
		GOB	PA	Total		GOB	PA	Total	
Review meeting	-	-	19.75	19.75	Lot	-	16.75	16.75	Lot
Miscellaneous	-	47.16	-	47.16	Lot	45.16		45.16	Lot
Repairs & maintenance	-	32.31	-	32.31	Lot	31.31		31.31	Lot
Motor vehicle (microbus)	nos	45.91	-	45.91	1	45.91		45.91	1
Machinery (Up gradation of SIP)	-	-	292.20	292.20	8 Zons		292.20	292.20	8 Zons
Computer & accessories	nos	-	5.20	5.20	7 nos		5.20	5.20	4 nos
Laboratory equipment	-	-	53.77	53.77	Lot		53.77	53.77	Lot
Furniture	-	11.00	-	11.00	Lot	11.00	-	11.00	Lot
a) CD-VAT for KIO3	-	1247.24	-	1247.24	Lot	1247.24	-	1247.24	Lot
b) CD-VAT for other goods	-	-	-	-	Lot	-	-		Lot
a) Mise-capital (Project re volving fund)	-	1889.08	-	1889.08	Lot	1889.08	-	1889.08	Lot
b)Mise-capital (Revolving fund)	-	460.00	-	460.00	Lot	460.00	-	460.00	Lot
Price contingency	-	-	-	-	-	-	-		-
Total	**-**	**4999.37**	**2720.63**	**7720.00**	**-**	**4986.54**	**2650.30**	**7636.84**	**-**

৯। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি :

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল
		পূর্ণ কালিন	খন্ডকালীন	
১.	জনাব আবু তাহের খান প্রকল্প পরিচালক	-	খন্ডকালীন	২৩-০১-২০২১১ হতে ০৯-০৪-২০১৫
২.	জনাব মোঃ মাজহারুল ইসলাম প্রকল্প পরিচালক	-	খন্ডকালীন	২১-০৪-২০১৫ হতে ০৭-০৬-২০১৫
৩.	জনাব মোঃ আবু জামিল প্রকল্প পরিচালক	-	খন্ডকালীন	০৭-০৬-২০১৫ হতে ২৯-০৯-২০১৬
৪.	জনাব শফিকুল আলম প্রকল্প পরিচালক	-	খন্ডকালীন	৩১-১০-২০১৬ হতে ৩১-১২-২০১৮

১০। ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

ক) ঢাকা জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	আসবাবপত্র (হাতল চেয়ার, সাধারণ ফাইল কেবিনেট, আলমিরা)	২৪-০২-২০১৩	১০-০৩-২০১৩	১২-০৩-২০১৩	২,৫৪,৫০০/-	২৫-০৩-২০১৩	২৪-০৩-২০১৩	অটবি ফার্নিচার, দিলকুশা ঢাকা
০২.	আসবাবপত্র (হাতল চেয়ার)	১৭-০১-২০১৬	২৭-০১-২০১৬	২৮-০১-২০১৬	৫২,৫০০/-	০৪-০২-২০১৬	০২-০২-২০১৬	ব্যবস্থাপক আক্তার ফার্নিচার ৭৫-৭৬ আলআমিন মিলিনিয়াম টাওয়ার কাকরাইল, ঢাকা-১০০০
				মোট টাকা	**৩০৭,০০০/-**			

খ) নারায়ণগঞ্জ জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	ক. এক্সিকিউটিভ টেবিল খ. এক্সিকিউটিভ চেয়ার গ. ফাইল কেবিনেট	২৮-০৮-২০১৩	১০-০৯-২০১৩	১১-০৯-২০১৩	৯০,০০০/-	২০-০৯-২০১৩	১৮-০৯-২০১৩	নাভানা ফার্নিচার, মিশন পাড়া, নারায়ণগঞ্জ
				মোট টাকা	**৯০,০০০/-**			

গ) চাঁদপুর জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	ক. সোকেস খ. কাঠের আলমিরা	২২-১১-২০১৩	২৪-১১-২০১৩	২৫-১১-২০১৩	৫০,০০০/-	২৮-১১-২০১৩	২৭-১১-২০১৩	অটবি ফার্নিচার, চাঁদপুর
				মোট টাকা	**৫০,০০০/-**			

ঘ) চট্টগ্রাম জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	আসবাবপত্র সরবরাহ (টেবিল, চেয়ার, আলমিরা, ফাইল কেবিনেট)	০১-০৬-২০১৫	০৯-০৬-২০১৫	১১-০৬-২০১৫	১,৭০,০০০/-	২৩-০৬-২০১৫	১৮-০৬-২০১৫	ঐশি বিজনেস সেন্টার, হোল্টিং নং-৬৮২, রোড-২০, সিভিএ, আ/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম
				মোট টাকা	**১,৭০,০০০/-**			

ঙ) পটিয়া জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	টেবিল-৫টি চেয়ার-৯টি	১২-১১-২০১৪	১৪-১১-২০১৪	১৫-১১-২০১৪	৭০,০০০/-	২৫-১১-২০১৪	২৪-১১-২০১৪	অটবি ফার্নিচার, পটিয়া,

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
								চট্টগ্রাম
				মোট টাকা	**৭০,০০০/-**			

চ) কক্সবাজার জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	ক) অফিস টেবিল (০৩টি) খ. হাইড্রলিক চেয়ার(বড়)(০২টি) গ. ম্যানুয়াল চেয়ার(০২টি)	২৬-০৮-২০১৩	১২-০৯-২০১৩	১২-০৯-২০১৩	২৯,০০০/-	১৮-০৯-২০১৩	১৮-০৯-২০১৩	বাগদাদ স্টীল, ছিদ্দিক ম্যানশন, টেকপাড়া, কক্সবাজার
০২.	ক) অফিস টেবিল (০২টি) খ. ম্যানুয়াল চেয়ার (০৩টি) গ. রাউন্ড ভিজিটর চেয়ার (০৩টি)	২২-০৯-২০১৩	২৩-০৯-২০১৩	২৩-০৯-২০১৩	৩৪,০০০/-	২৩-০৯-২০১৩	২৩-০৯-২০১৩	বাগদাদ স্টীল, ছিদ্দিক ম্যানশন, টেকপাড়া, কক্সবাজার
০৩.	স্ট্যান্ড ফ্যান (হিমেল) (০২টি)	২২-০৯-২০১৩	২৩-০৯-২০১৩	২৩-০৯-২০১৩	৭,০০০/-	২৩-০৯-২০১৩	২৩-০৯-২০১৩	ইউনিক ইলেক্ট্রনিক, ফরহাদ প্রাজা, বঙ্গবন্ধু সড়ক, কক্সবাজার
				মোট টাকা	**৭০,০০০/-**			

ছ) খুলনা জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	স্টীল আলমিরা	০৫-০৬-২০১৪	০৬-০৬-২০১৪	২৫-০৬-২০১৪	২১,২০০/-	৩০-০৬-২০১৪	৩০-০৬-২০১৪	রিয়াদ স্টীল প্রোডাক্টস্
০২.	টেবিল ও ছোট টেবিল	০৫-০৬-২০১৪	০৮-০৬-২০১৪	০৯-০৬-২০১৪	২৯,৭৪০/-	১৬-০৬-২০১৪	১৫-০৬-২০১৪	দি মুন মেটালকিং
০৩.	চেয়ার	১১-০৬-২০১৪	২৩-০৬-২০১৪	২৫-০৬-২০১৪	৩২,০৬০/-	৩০-০৬-২০১৪	২৯-০৬-২০১৪	দি মুন মেটালকিং
				মোট টাকা	**৮৩,০০০/-**			

জ) ঝালকাঠি জোন:

ক্র. নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র মূল্যায়নের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১.	সেক্রেটারিয়েট টেবিল-০৩টি বড় হাইড্রোলিক চেয়ার-০২টি। ছোট হাইড্রোলিক চেয়ার-০৪টি। ছোট নন হাইড্রোলিক চেয়ার-০১টি। এসএস চেয়ার-০৫টি।	১২-০৮-২০১৪	১৩-০৮-২০১৪	১৩-০৮-২০১৪	৬০,০০০/-	২০-০৮-২০১৪	১৩-০৮-২০১৪	মোঃ রাসেল সৌখিন ফার্নিচার স্টেশন রোড, ঝালকাঠি।
				মোট টাকা	**৬০,০০০/-**			
				সর্বমোট	**৯,০০,০০০/-**			

পণ্য বা Goods এর প্যাকেজের ক্ষেত্রে মূল ডিপিপি অনুযায়ী ঢাকা জোনের অফিস আসবাবপত্র ও সরঞ্জামাদি ক্রয় প্রক্রিয়া ২০১৩ সালে শুরু হয় এবং ২০১৬ সালের ০২ ফেব্রুয়ারিতে সম্পন্ন হয়। নারায়নগঞ্জ জোনের ক্রয় প্রক্রিয়া ২০১৩ সালে শুরু হয় এবং ২০১৩ সালের ১৮ সেপ্টেম্বর সম্পন্ন হয়। চাঁদপুর জোনের জোনের ক্রয় প্রক্রিয়া ২০১৩ সালে শুরু হয় এবং ২০১৩ সালের নভেম্বর মাসে সম্পন্ন হয় । চট্টগ্রাম জোনের ক্রয় প্রক্রিয়া ২০১৫ সালে শুরু হয় এবং ২০১৫ সালের জুন মাসে সম্পন্ন হয়। পটিয়া জোনের জোনের ক্রয় প্রক্রিয়া ২০১৪ সালে শুরু হয় এবং ২০১৪ সালের নভেম্বর মাসে সম্পন্ন হয়। কক্সবাজার জোনের জোনের ক্রয় প্রক্রিয়া ২০১৩ সালে শুরু হয় এবং ২০১৩ সালের সেপ্টম্বর মাসে সম্পন্ন হয়। খুলনা জোনের জোনের ক্রয় প্রক্রিয়া ২০১৪ সালে শুরু হয় এবং ২০১৪ সালের জুন মাসে সম্পন্ন হয়। ঝালকাঠি জোনের জোনের ক্রয় প্রক্রিয়া ২০১৪ সালে শুরু হয় এবং ২০১৪ সালের আগস্ট মাসে সম্পন্ন্ন হয়।

প্রকল্পের মোটরযান, মেশনারীজ, কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি ও পটাশিয়াম আয়োডাইড (আয়োডিন) ক্রয় কার্যক্রম দাতা সংস্থা ইউনিসেফ ও গেইন (GAIN- Global Alliance for Improve Nutrition) অফিস শতভাগ সম্পন্ন করেছে।

১১। (ক) <u>ডিপিপি বরাদ্দ ও অগ্রগতি:</u>

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়্যারী অর্থ বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

অর্থ বছর	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %
২০১১-২০১২	২৩০৭.৭৮	১৭৪৬.৮০	৫৬০.৯৮	৩২.৫০%	৭৫৮.৫০	৫৪৩.৫০	২১৫.০০	৯.৮২%
২০১২-২০১৩	২০৯৮.৩২	১৬২০.০০	৪৭৮.৩২	২৯.৫৫%	৯৬৭.৩২	৪৬৭.৮১	৪৯৯.৫১	১২.৫৩%
২০১৩-২০১৪	১১৪০.৮৮	৬৭০.৮২	৪৭০.০৬	১৬.০৬%	১১৯৩.৭৪	৭৪৬.৫৪	৪৪৭.২০	১৫.৪৬%
২০১৪-২০১৫	৮৩২.১৬	৩৭২.১০	৪৬০.০৬	১১.৭৩%	২৭৫৫.৭৬	২১৮৯.৪৯	৫৬৬.২৭	৩৫.৭০%
২০১৫-২০১৬	৭২০.৮৬	১৯৭.৯৪	৫২২.৯২	১০.১৫%	৭০৬.৮০	৩০৫.০০	৪০১.৮০	৯.১৬%
২০১৬-২০১৭	-	-	-	-	৪০৪.৩০	২২৩.৯৭	১৮০.৩৩	৫.২৪%
২০১৭-২০১৮	-	-	-	-	৬৭৭.৯৮	৩২০.৪৬	৩৫৭.৫২	৮.৭৮%
২০১৮-২০১৯	-	-	-	-	২৫৫.৬০	২০২.৬০	৫৩.০০	৩.৩১%
মোট	৭১০০.০০	৪৬০৭.৬৬	২৪৯২.৩৪	১০০%	৭৭২০.০০	৪৯৯৯.৩৭	২৭২০.৬৩	১০০%

১১। (খ) ডিপিপি বরাদ্দ ও অগ্রগতি:

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়্যারী অর্থ বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %		মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %
২০১১-২০১২	৭৫৮.৫০	৫৪৩.৫০	২১৫.০০	৯.৮২%	৫৪৩.৫০	৭৫৮.৫০	৫৪৩.৫০	২১৫.০০	৯.৯৩%
২০১২-২০১৩	৯৬৭.৩২	৪৬৭.৮১	৪৯৯.৫১	১২.৫৩%	৪৮৮.৬৫	৯৬৭.৩২	৪৬৭.৮১	৪৯৯.৫১	১২.৬৬%
২০১৩-২০১৪	১১৯৩.৭৪	৭৪৬.৫৪	৪৪৭.২০	১৫.৪৬%	৭৪৬.৫৪	১১৯৩.৭৪	৭৪৬.৫৪	৪৪৭.২০	১৫.৬৩%
২০১৪-২০১৫	২৭৫৫.৭৬	২১৮৯.৪৯	৫৬৬.২৭	৩৫.৭০%	২১৯২.০৮	২৭৫৫.৭৬	২১৮৯.৪৯	৫৬৬.২৭	৩৬.০৮ %
২০১৫-২০১৬	৭০৬.৮০	৩০৫.০০	৪০১.৮০	৯.১৬%	৩০৫.০০	৭০৬.৮০	৩০৫.০০	৪০১.৮০	৯.২৬%
২০১৬-২০১৭	৪০৪.৩০	২২৩.৯৭	১৮০.৩৩	৫.২৪%	৩০৯.৬৭	৪০৪.৩০	২২৩.৯৭	১৮০.৩৩	৫.২৯%
২০১৭-২০১৮	৬৭৭.৯৮	৩২০.৪৬	৩৫৭.৫২	৮.৭৮%	৩৬৬.০০	৬০৪.৬০	৩১৭.৪১	২৮৭.১৯	৭.৯২%
২০১৮-২০১৯	২৫৫.৬০	২০২.৬০	৫৩.০০	৩.৩১%	২০৩.০০	২৪৫.৮২	১৯২.৮২	৫৩.০০	৩.২২%
মোট	**৭৭২০.০০**	**৪৯৯৯.৩৭**	**২৭২০.৬৩**	**১০০%**	**৫১৫৪.৪৪**	**৭৬৩৬.৮৪**	**৪৯৮৬.৫৪**	**২৬৫০.৩০**	**১০০%**

১২.০ পরিদর্শন বিবরণ:

সমাপ্ত প্রকল্পের কার্যাবলী পর্যালোচনা ও মূল্যায়নের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপপরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক ২৬/০৬/২০১৯ তারিখে বিসিকে প্রকল্পের প্রধান কার্যালয় এবং গাজিপুরের কালিগঞ্জ উপজেলায় অবস্থিত আয়োডিনযুক্ত লবণ উৎপাদক প্রতিষ্ঠান বিএমসি মিলস লিমিটেড পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শন কাজে সহায়তা করেন।

প্রকল্প পরিচালক প্রকল্পের সার্বিক বিষয়ে অবহিত করতে গিয়ে বলেন, আয়োডিন মিশ্রিত লবণ তৈরি কার্যক্রমের মাধ্যমে আয়োডিন ঘাটতি পূরণের লক্ষ্যে " সর্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের মাধম্যে আয়োডিন ঘাটতি পূরণ" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। আয়োডিন মিশ্রিত লবণ তৈরি কার্যক্রমের মাধ্যমে আয়োডিন ঘাটতি পূরণের লক্ষ্যে জুলাই ১৯৮৯ হতে জুন ২০০০ মেয়াদে সার্বজনীন আয়োডিনযুক্ত লবণ প্রকল্প (সিআইডিডি) হাতে নেওয়া হয়। সরকার ১১ ডিসেম্বর ১৯৯৪ সালে আয়োডিনের অভাবজনিত রোগ প্রতিরোধ আইন ১৯৮৯ জারি করেন। এ আইনের আওতায় ৩১ জানুয়ারি ১৯৯৫ তারিখ থেকে দেশে আয়োডিনযুক্ত ভোজ্য লবণ ব্যতীত কোন ভোজ্য লবণ উৎপাদন, বিপণন, গুদামজাত নিষিদ্ধ করা হয়। এ প্রকল্পের ধারাবাহিকতায় আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করা হয়।



প্রকল্পের আওতায় স্থাপিতব্য ল্যাব



প্রকল্প পরিচালকের সাথে প্রকল্প কার্যক্রম নিয়ে আলোচনা

প্রকল্পের আওতায় পরিমিত মাত্রায় আয়োডিনযুক্ত লবণ প্রাপ্তি নিশ্চিত করার জন্য জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে লবণ কমিটির সভা, মোবাইল কোর্ট পরিচালনা, আয়োডিনবিহীন ভোজ্য লবণ উৎপাদন, সরবারহ ও বিক্রয়কারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং লবণ সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম চালানো হয়েছে।



বহনযোগ্য আয়োডিন সনাক্তকরণ কিট



বিভিন্ন লবণ কারখানায় লবণের নমুনা

এছাড়া সকল পর্যায়ে ভোজ্য ও শিল্প লবণ (উৎপাদন, পাইকারী ও খুচরা বিক্রি পর্যায়ে) মনিটরিং কার্যক্রম চালানোর মধ্যমে আয়োডিনযুক্ত লবণ ব্যবহার সম্পর্কিত সচতেনতামূলক কর্মকান্ড পরিচালনা, পটাশিয়াম আয়োডেট (আয়োডিন) আমদানি ও সরবরাহ নিশ্চিতকরণ, জেলা পর্যায়ে লবন পরীক্ষাগার স্থাপনের মাধ্যমে মান নিয়ন্ত্রণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই আরেকটি উল্লেখযোগ্য দিক হচ্ছে এর মাধ্যমে সকল লবণ কারখানায় বাধ্যতামূলক লবণ পরীক্ষাগার স্থাপন ও মান নিয়ন্ত্রণ এবং এস আইপি ব্যবহার নিশ্চিত করা হয়েছে।

বিএমসি লবণ মিলে ম্যানুয়ালি পটাসিয়াম আয়োডাইট (আয়োডিন)কে সাধারণ লবণের সাথে প্রিমিক্সকরণ প্রক্রিয়ায় শুরু থেকে শেষ পর্যন্ত আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে ক্রাসিং এবং মিশ্রণ, ডায়িং, বাষ্পীকরণ, শুষ্ককরণ, প্যাকেটজাতকরণ প্রভৃতি কার্যাবলি নিয়ন্ত্রণ পদ্ধতি ব্রিফ করেন। সাধারণ ক্রুড লবণকে বিভিন্ন চেম্বার থেকে চেম্বারে পাইপের ভেতর দিয়ে দ্রুত স্থানন্তর হয়ে গাঢ় রঙ থেকে হালকা ধুসর অত:পর ধবধবে সাদা কৃস্টাল আকারের আয়োডাইড সল্ট তৈরি হয়।




বিএমসি মিলে লবণ উৎপাদন কার্যক্রম পরিদর্শন

মিলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে সব ধরণের সতর্কতা অবলম্বন করা হয় যাতে সহজে কোয়ালিটি বা মান নিয়ন্ত্রণ করা যায়। মিলে চলমান ইউনিটগুলো আয়োডাইড সমৃদ্ধ লবণ উৎপাদনে সক্ষম। প্রকল্প অফিসের কেমিক্যাল ল্যাবে লবন মিল থেকে সংগৃহিত লবনে আয়োডিনের পরিমাণ পরীক্ষা করা হয়। বাংলাদেশ সল্ট আইন অনুযায়ী প্রতিকেজি লবনে ৫০ পিপিএম আয়োডিন মেশানোর নির্দেশ দেয়া হয়েছে, যাতে ক্রেতাদের ঘর পর্যন্ত পৌছাতে ১৫-২০ পিপিএম আয়োডিন বিদ্যমান থাকে। বিএমসি মিলে উৎপাদিত লবণের প্যাকেটে ২০-৫০ পিপিএম লেখা রয়েছে।


আয়োডিন মিশ্রিতকরণ যন্ত্রপাতি


বিএমসি লবণ মিলের নিজস্ব ল্যাব

লবণ মিলের কর্তৃপক্ষের সাথে কথা বলে জানা যায় যে, নিবন্ধিত মিলসমূহ নিয়মিতভাবেই তাদের উৎপাদিত লবণে সঠিকমাত্রায় আয়োডিন মিশ্রিত করে বাজারজাত করছে। এক্ষেত্রে বিসিক কর্তৃক মনিটরিং চালু রাখার জন্য মিল কর্তৃপক্ষ অনুরোধ জানান।

মিল কর্তৃপক্ষ আরো জানান, সীমান্ত এলাকা দিয়ে আয়োডিনবিহীন লবণ প্রবেশ করে। প্রত্যন্ত অঞ্চলে খুচরা বাজার পর্যায়ে আয়োডিনবিহীন লবণ বিক্রি হয়। এক্ষেত্রে আইন প্রয়োগের ঘাটতিও লক্ষ্য করা যায় বলে জানান। আয়োডিনবিহীন শিল্প লবণ

খাবার লবণ হিসেবে ব্যবহার হচ্ছে। এই malpractice বন্ধ করতে না পারলে শতভাগ আয়োডিনযুক্ত লবণ ব্যবহারের লক্ষ্যমাত্রা পূরণ বিলম্ব হবে।

১৩। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

(পিসিআর অনুযায়ী)

উদ্দেশ্য	অর্জন
উৎপাদক থেকে ভোক্তা পর্যন্ত সারাদেশে সকল পর্যায়ে ব্যপক সচেতনতামূলক কার্যক্রম চালানো যাতে আয়োডিনযুক্ত লবণের চাহিদা ও যোগান বৃদ্ধি পায়।	সারাদেশে ৬,৭৭,০৭৫ জন/ ছাত্র-ছাত্রীদেরকে পুরস্কৃত করা হয়েছে। বিগত পাঁচ বছরে লবণের সামগ্রীক চাহিদা ১৫.০৮ লক্ষ মে.টন হতে বেড়ে ১৬.২১ লক্ষ মে.টন এ উন্নীত হয়েছে। কিন্তু ভোজ্য আয়োডিনযুক্ত লবণের যোগান আরো বাড়াতে হবে।
জনগোষ্ঠীর চাহিদা অনুযায়ী আয়োডিনযুক্ত লবণ উৎপাদন ও যোগান বৃদ্ধি করা।	সারাদেশে বিগত দশকের কথা বিবেচনায় নিয়ে ধারণা করা হয় যে লবণের চাহিদা হবে৮৯.৪৯ লক্ষ মে.টন যদিও বাস্তবে চাহিদা গিয়ে দাড়ায় ৫১.৪৬ লক্ষ মে.টন এ। ক্রুড লবণ ও আয়োডিনযুক্ত লবণ উৎপাদনে মিল মালিকদের ব্যর্থতার কারণে চাহিদা ও যোগানের ঘাটতি তৈরি হয়। সাম্প্রতিক বছরগুলোতে ক্রুড লবণ আমদানী করার ফলে এই ঘাটতি ধীরে ধীরে কমে আসছে।
ভোজ্য লবণে আয়োডিনযুক্তকরণ নিশ্চিতকরণের জন্য আইনি সহায়তা প্রদান করা।	ভোজ্য লবণে আয়োডিনযুক্তকরণ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্প মেয়াদে ২,০৩৬টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।
পটাশিয়াম আয়োডেট ক্রয়, যোগান ও ব্যবহারের জন্য একটি টেকসই কর্মপরিকল্পনা ডিজাইন করা।	GAIN এর অর্থায়নে পটাশিয়াম আয়োডেট ক্রয়, যোগান ও ব্যবহারের জন্য সভা সেমিনার ও কর্মশালার মাধ্যমে কর্মপরিকল্পনা ডিজাইন করা হয়েছে।
আয়োডিনের ঘাটতিজনিত সমস্যা (IDD) নির্মূল করা এবং সার্বজনীন আয়োডিনযুক্তকরণ (USI) স্ট্যাটাস অর্জন করা।	পরিকল্পনা ১৯৮৯ সালে সর্বপ্রথম শুরু হওয়া লবণে সার্বজনীন আয়োডিনযুক্তকরণ (USI) প্রক্রিয়া সিআইডিডি প্রকল্পের তিনটি পর্যায়ে বাস্তবায়নের মাধ্যমে দেশব্যাপী আয়োডিন ঘাটতিজনিত সমস্যা (IDD) উল্লেখযোগ্যহারে হ্রাস পেয়েছে।
ভাল মানের কাঁচা লবণ উৎপাদনের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা করা।	ইউনিসেফ-এর প্রকল্প সহায়তায় কক্সবাজার কাঁচা লবণের উপর "A piloting to produce good quality of crude salt by technology" শীর্ষক গবেষণাটি চুড়ান্ত পর্যায়ে রয়েছে।
সার্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন অংশীজনদের ট্রেইনিং ও পলিসি সহায়তা প্রদানের মাধ্যমে বর্তমান সমন্বয় ও মনিটরিং অবস্থার উন্নয়ন ও জোরদার করা।	সমন্বয় ও মনিটরিং জোরদারকরণের জন্য লবণ উৎপাদন ও মনিটরিং এর ০৮টি অঞ্চলে সার্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন অংশীজনদের সাথে সভা সমাবেশ করা হয়েছে।
সংলাপ আয়োজনের মাধ্যমে বর্তমান অর্জনগুলো মূল্যায়ন করে বাংলাদেশে ২০২৪ সালের মধ্যে সার্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরির লক্ষ্যমাত্রা অর্জনে একটি কৌশলপত্র প্রণয়ন করা।	বাংলাদেশে ২০২৪ সালের মধ্যে সার্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরির লক্ষ্যমাত্রা অর্জনে একটি কৌশলপত্র প্রণয়ন করা হয়েছে, যা পরবর্তী প্রকল্পের গাইডলাইন হিসেবে কাজ করবে।

১৪ **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ:** প্রযোজ্য নয়।

১৫.০ **অডিট সংক্রান্ত:**

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যবেক্ষণে দেখা যায় যে, প্রকল্পের অভ্যন্তরীণ ইন্টারনাল অডিট করা হয়নি। বিগত ২০১৫ সাল পর্যন্ত কার্যক্রমের উপর এক্সটার্নাল অডিট করা হয়েছে, যাতে ১২টি অডিট আপত্তি প্রদান করা হয়। এর মধ্যে ০৭টি আপত্তির নিষ্পত্তি করা হয়েছে এবং ৫টি আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে। অনিষ্পন্ন অডিসমূহ দ্রুত নিষ্পত্তি করে আইএমইডিকে অবহিত করতে হবে।

১৬.০ প্রকল্প বাস্তবায়ন সমস্যা:

১৬.১ ডিপিপি অনুযায়ী প্রকল্পের ঢাকা প্রধান কার্যালয়ের জন্য অনুমোদিত ১৫ জনের মধ্যে ১১ জন কর্মরত, অপরদিকে ৮টি জোনাল অফিসের জন্য অনুমোদিত ৩৬টি পদের মধ্যে ৩০ জন কর্মরত আছে। জুলাই ২০১১ সাল থেকে ডিসেম্বর ২০১৮ সময়কালে এ প্রকল্পের জনবল দক্ষতার সাথে কাজ করছে বলে প্রকল্প পরিচালক জানান। এদের রাজস্বখাতে স্থানান্তরের মাধ্যমে দেশের আয়োডিন লবণের তথা জনস্বাস্থের কথা বিবচেনা করে কাজ করার সুযোগ প্রদান করার বিষয়টি সমাধান করা হয়নি।

১৬.২ পর্যাপ্ত জনবলের অভাবে আয়োডিনযুক্ত লবণ ব্যবহারে পিছিয়ে পড়া জেলাসমূহে মনিটরিং জোরদারকরণে ঘাটতি রয়ে গেছে। বাজার পর্যায়ে আয়োডিনবিহীন লবণ বিক্রি বন্ধে আইন প্রয়োগের ঘাটতি ; খুচরা বিক্রেতা পর্যায়ে আয়োডিনবিহীন শিল্প লবণ ভোজ্য লবণ হিসেবে ব্যবহার বন্ধ করতে না পারার কারণে শতভাগ আয়োডিনযুক্ত লবণ ব্যবহারের লক্ষ্যমাত্রা পূরণে বিলম্ব হচ্ছে।

১৬.৩ এই প্রকল্প মেয়াদে ৪ জন প্রকল্প পরিচালক কর্মরত ছিলেন। প্রকল্প মেয়াদের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক না থাকায় বাস্তবায়নে বিলম্ব ঘটে।

১৬.৪ সাধারণ জনগণের মধ্যে আয়োডিনযুক্ত লবণ ব্যবহার সম্পর্কে সচেতনতার অভাব পরিলক্ষিত হয়। আয়োডিনযুক্ত লবণ কেনা হলেও তা সঠিকভাবে Store/বয়ামে সংরক্ষণ বা চুলার কাছে না রাখার বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা কম। ফলে এসব বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম আরো জোরদার করা জরুরী বলে প্রতীয়মান হয়।

১৭.০ মতামত/সুপারিশ:

১৭.১ প্রকল্পটি জনস্বাস্থ্য সংশ্লিষ্ট হওয়ায় প্রকল্প শেষ হয়ে গেলেও পটাসিয়াম আয়োডাইড সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৭.২ প্রকল্প সংশ্লিষ্ট জনবলকে রাজস্বখাতে স্থানান্তরের চলমান প্রক্রিয়ার বিষয়ে বিসিক কর্তৃপক্ষ ও শিল্প মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;

১৭.৩ নিবন্ধিত লবণ মিলগুলো ভোজ্য লবণে প্রয়োজনীয় আয়োডিন মিক্স করছে কিনা সে বিষয়ে সংস্থা কর্তৃক মনিটরিং/তদারকি চলমান রাখতে হবে;

১৭.৪ আয়োডিনযুক্ত লবণ ব্যবহারে পিছিয়ে পড়া জেলাসমূহে আয়োডিনযুক্ত লবণের প্রাপ্যতা নিশ্চিতকরণের পাশাপাশি মনিটরিং জোরদারকরণ এবং বাজার পর্যায়ে আয়োডিনবিহীন লবণ বিক্রি বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে;

১৭.৫ খুচরা বিক্রেতা পর্যায় আয়োডিনবিহীন শিল্প লবণ ভোজ্য লবণ হিসেবে ব্যবহার বন্ধে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে এবং অবৈধ পথে দেশের অভ্যন্তরে আয়োডিনবিহীন লবণ প্রবেশ রোধে বিজিবির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.৬ ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পে জনসচেতনতামূলক কার্যাবলীতে আয়োডিনযুক্ত লবণ ব্যবহারে সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

১৭.৭ উপরোক্ত সুপারিশ/মতামত অনুচ্ছেদ (১৭.১-১৭.৬) এর আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বিসিক শিল্পনগরী, শ্রীমঙ্গল প্রকল্প (২য় সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্ত জুন, ২০১৯)

০১. প্রকল্পের নাম : বিসিক শিল্পনগরী, শ্রীমঙ্গল প্রকল্প (২য় সংশোধিত)

০২. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়

০৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করর্পোরেশন (বিসিক)

০৪. অর্থায়নের উৎস : জিওবি

০৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপির চেয়ে%)	অতিক্রান্ত সময় (মূল ডিপির চেয়ে%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৯০.০০	৪৯১৪.০০	৪৭৪২.২৩	জুলাই ২০১২ হতে জুন ২০১৫	জুলাই ২০১২ হতে জুন ২০১৯	জুলাই ২০১২ হতে জুন ২০১৯	৯৬.৫০ %	১৩৩.৩৩ %

০৬. প্রকল্পের পটভূমিঃ

সিলেট বিভাগের মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলাটি অর্থনৈতিক দিক থেকে একটি সম্ভবনাময় এলাকা। এখানে শিল্প খাতে প্রবাসীদের বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে। ইতোপূর্বে বিসিক থেকে শ্রীমঙ্গল উপজেলায় কোন শিল্প নগরী স্থাপন করা হয়নি। শিল্প উদ্যোক্তাদের চাহিদা পূরণের লক্ষ্যে এখানে একটি শিল্প নগরী স্থাপনের জন্য বিসিক কর্তৃক প্রয়োজনীয় সমীক্ষা পরিচালনা করা হয়। উক্ত সমীক্ষার সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ সরকার "বিসিক শিল্পনগরী, শ্রীমঙ্গল"-শীর্ষক প্রকল্পটি গ্রহণ করে।

০৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

- শিল্প উদ্যোক্তাদের চাহিদা পূরণকল্পে ভূমি অধিগ্রহণ ও শিল্প প্লট প্রস্তুতকরণ;
- অধিগ্রহণকৃত জমিতে মাটি ভরাট, রাস্তা নির্মাণ, ড্রেন নির্মাণ, বিদ্যুৎ লাইন স্থাপন ইত্যাদি অবকাঠামোগত সুবিধা প্রদানের মাধ্যমে উদ্যোক্তাদেরকে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপনে সহায়তা প্রদান;
- ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে দারিদ্র বিমোচন; এবং
- জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধিকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

০৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- জমি অধিগ্রহণ;
- ভূমি উন্নয়ন;
- প্রশাসনিক ভবন নির্মাণ;
- পাম্প ড্রাইভার কোয়াটার নির্মাণ;
- রাস্তা নির্মাণ;
- বৈদ্যুতিক লাইন স্থাপন;
- ড্রেন নির্মাণ; এবং
- পানি সরবরাহ লাইন স্থাপন।

০৯. মূল্যায়ন পদ্ধতি (Methodology):

- ডিপিপি/আরডিপিপি/আন্ত:খাত ব্যয় সমন্বয় পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- প্রকল্প পরিচালকের নিকট সংরক্ষিত রেকর্ডপত্র পর্যালোচনা; এবং
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই, তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন ও প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচনা।

১০. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অঙ্গের নাম	আরডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		সমার্পন
		সংখ্যা/পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক) রাজস্ব ব্যয় :							
১	ভ্রমন ব্যয়	থোক	১১.০০	১০০%	৯.৮২	৮৯.২৭	
২	জমির খাজনা	২০ একর	৩.২০	২০ (১০০%)	৩.০০	২০ (৯৩.৭৫%)	
৩	ডাক খরচ	থোক	০.৫০	১০০%	০.১৯	৩৮.০০%	
৪	টেলিফোন/মোবাইল ফোন বিল	থোক	০.৯০	১০০%	০.৬০	৬৬.৬৭%	
৫	বিদ্যুৎ বিল	থোক	১.০০	১০০%	০.৪৫	৪৫.০০%	
৬	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	০.৫০	১০০%	০.১৭	৩৪.০০%	
৭	মুদ্রণ ও প্রকাশনা	থোক	৫.৫০	১০০%	৪.১৪	৭৫.২৭%	
৮	স্টেশনারী	থোক	৮.৫০	১০০%	৬.৬০	৭৭.৬৫%	
৯	প্রচার ও বিজ্ঞাপন	থোক	১২.০০	১০০%	৭.৮১	৬৫.০৮%	
১০	ইআইএ ও আইই সমীক্ষা	১টি	৬.৫৫	১ (১০০%)	৭.০০	১ (১০৬.৮৭)	
১১	ড্রয়িং এবং ডিজাইন (পূর্ত কাজের)	থোক	৬.০০	১০০%	৬.০০	১০০%	
১২	ডুপ্লিকেট কপি	থোক	৩.৫০	১০০%	২.৭৬	৭৮.৮৬%	
১৩	কমিটি সভা	থোক	৯.০০	১০০%	৮.৯৭	৯৯.৬৭%	
১৪	**অপ্রত্যাশিত ব্যয়:**						
ক)	প্রাথমিক ব্যয়	থোক	২.৬০	১০০%	৩.০৯	১১৮.৮৫%	
খ)	সিকিউরিটি ব্যবস্থা	৩টি	৯.০০	৩ (১০০%)	৬.১৩	২ (৬৮.১১%)	
গ)	বিবিধ (অপ্রত্যাশিত ব্যয়)	থোক	৭.৬৯	১০০%	৪.৭৬	৬১.৯০ %	
ঘ)	ভাড়ায় যানবাহন	১টি	৫১.০০	১(১০০%)	৫০.৭৪	১ (৯৯.৪৯%)	
১৫	মটর সাইকেল মেরামত ও সংরক্ষণ	থোক	০.৫৮	১০০%	-	০.০০%	
১৬	কম্পিউটার ও অফিস সরঞ্জামাদি মেরামত	থোক	১.৭৫	১০০%	১.১০	৬২.৮৬%	
১৭	অন্যান্য (বিদ্যমান অফিসসহ) মেরামত	থোক	৩.৬৭	১০০%	২.৩৫	৬৪.০৩%	
মোট (আবর্তক ব্যয়):			**১৪৪.৪৪**	**১০০%**	**১২৫.৬৮**	**৮৭.০১%**	
(খ) মূলধন							
১৮	মটর সাইকেল	১টি	১.৫০	১ (১০০%)	১.৩৭	১ (৯১.৩৩%)	
১৯	**কম্পিউটার ও সরঞ্জামাদি:**						
ক)	ডেস্কটপ কম্পিউটার	২টি	১.৫২	২ (১০০%)	১.৫২	২ (১০০%)	
খ)	ল্যাপটপ কম্পিউটার	৩টি	২.১০	৩ (১০০%)	২.১০	৩ (১০০%)	
গ)	কম্পিউটার সরঞ্জামাদি (বিসিক পরিকল্পনা বিভাগের জন্য পোর্টেবল হার্ডডিস্ক-২টি (৪ টেরাবাইট-১টি ও ৮ টেরাবাইট-১টি, ওয়্যারলেস মাউস ও কি-বোর্ড ১সেট, মনিটর ২৪ ইঞ্চি-১টি)	৩ আইটেম ৪টি	০.৩৮	১০০%	-	০.০০%	

ক্রঃ নং	অঙ্গের নাম	আরডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		সমার্পন
		সংখ্যা/পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৩	**অফিস সরঞ্জামাদি:**						
ক)	টেলিকমিউকেশন যন্ত্রপাতি	২টি	০.৩০	২ (১০০%)	০.৩০	২ (১০০%)	
খ)	ইলেকট্রিফিকেশন (স্ট্রিট লাইটসহ)	লট	১০.০০	১০০%	৮.২৪	৮২.৪০%	
গ)	ফটোকপিয়ার মেশিন	২টি	২.৮০	২ (১০০%)	২.৮০	২ (১০০%)	
ঘ)	এয়ারকুলার (স্প্রিট টাইপ ২ টন)	৫টি	৪.৮৫	৫ (১০০%)	৪.৮২	৫ (৯৯.৩৮%)	
ঙ)	ফ্রিজ (১০ সিএফটি)	১টি	০.৪৭	১ (১০০%)	০.৪৯	১ (১০৪.২৬%)	
চ)	টেলিভিশন	২টি	১.১৪	২ (১০০%)	১.১৪	২ (১০০%)	
২৪	আসবাবপত্র (অফিস ও রেস্ট হাউজসহ)	থোক	১৫.০০	১০০%	১১.৬৫	৭৭.৬৭%	
২৫	বনায়ন	৬০০টি	৫.০০	৬০০ (১০০%)	২.৪৯	১৬৮ (৪৯.৮০%)	
২৬	জমি অধিগ্রহণ	২০ একর	১৯৭০.২৮	২০ (১০০%)	১৯৭০.২৮	২০ (১০০%)	
২৭	ভূমি উন্নয়ন	১৭২৬৮৬.০০ ঘঃমিঃ	৪৪০.১০	১,৭২,৬৮৬ (১০০%)	৩৯৬.০২	১,৫৬,৯৯৬.৪৫ (৮৯.৯৮%)	
২৮	**প্রশাসনিক ভবন (৩ তলা):**						
ক)	সয়েল টেস্ট	১টি	০.৮৬	১ (১০০%)	০.৮৭	১ (১০১.১৬%)	
খ)	পাইলিংসহ ফাউন্ডেশন	১২৫.০০ বঃ মিঃ	৩০.০০	১২৫ (১০০%)	২৯.৭৮	১২৫ (৯৯.২৭%)	
গ)	১ম তলা	১২৫.০ বঃ মিঃ	২৮.০০	১২৫ (১০০%)	২৭.৭৯	১২৫ (৯৯.২৫%)	
ঘ)	২য় তলা	১২৫.০০ বঃ মিঃ	৩০.০০	১২৫ (১০০%)	২৯.৭৮	১২৫ (৯৯.২৭%)	
ঙ)	৩য় তলা	১০৬.০০ বঃ মিঃ	২৮.০০	১০৬ (১০০%)	২৭.৭৯	১০৬ (৯৯.২৫%)	
চ)	আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার	২০০০.০০ গ্যালন	৩.০০	২০০০ (১০০%)	২.৯৮	২০০০ (৯৯.৩৩%)	
ছ)	প্রশাসনিক এলাকার বাউন্ডারী ওয়াল	১০০.০০ মিটার	১০.০০	১০০ (১০০%)	৯.৯৩	৭২.২৩ (৯৯.৩০%)	
জ)	এমএস গেইট	১২.০০ বঃ মিঃ	০.৯৬	১২ (১০০%)	০.৯৫	১১.৭১ (৯৮.৯৬%)	
ঝ)	অভ্যর্থনা কক্ষ ও গার্ড সেড নির্মাণ	৬৮.৩০ বঃ মিঃ	২০.৮০	৬৮.৩০ (১০০%)	২০.৬৫	৬৭.৭৬ (৯৯.২৮%)	
	মোট		**১৫১.৬২**	**১০০%**	**১৫০.৫২**	**৯৯.২৭%**	
২৯	**পাম্প ড্রাইভার কোয়াটার:**						
ক)	ফাউন্ডেশন	৪৬.৫০ বঃ মিঃ	১.৮০	৪৬.৫০ (১০০%)	১.৮০	৪৬.৫০ (১০০%)	
খ)	১ম তলা	৪৬.৫০ বঃ মিঃ	৯.১৮	৪৬.৫০ (১০০%)	৯.৩১	৪৬.৫০ (১০১.৪২%)	
গ)	বাউন্ডারী ওয়াল	১০৪ মিটার	৬.৮৫	১০৪ (১০০%)	৬.৮৫	১০৪ (১০০%)	
ঘ)	এমএস গেইট	৪.৪৬ বঃ মিঃ	০.৩৪	৪.৪৬	০.৩৪	৪.৪৬	

ক্রঃ নং	অঙ্গের নাম	আরডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		সমার্পন
		সংখ্যা/পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
				(১০০%)		(১০০%)	
	মোট		**১৮.১৭**	**১০০%**	**১৮.৩০**	**১০০.৭২%**	
৩০	**শিল্পনগরীর বাউন্ডারী ওয়াল ও প্রধান গেট:**						
ক)	শিল্পনগরীর বাউন্ডারী ওয়াল	১৫৯৫ মিটার	৩৩০.০০	১,৫৯৫ (১০০%)	৩২৮.২৬	১,৫২৫ (৯৯.৪৭%)	
খ)	শিল্পনগরীর মেইন গেট	২টি	২০.০০	২ (১০০%)	২০.০০	২ (১০০%)	
	মোট		**৩৫০.০০**	**১০০%**	**৩৪৮.২৬**	**৯৯.৫০%**	
৩১	**রাস্তা নির্মাণ:**						
ক)	৪০ ফিট রাস্তা কাপেটিং	৬৫০৫ বঃ মিঃ	২৭৫.১৬	৬,৫০৫ (১০০%)	২৬৬.২৯	৬,২৯৫.৩০ (৯৬.৭৮%)	
খ)	৩০ ফিট রাস্তা কাপেটিং	২৮২৫ বঃ মিঃ	১১৯.৭৩	২,৮২৫ (১০০%)	১১৯.৬০	২,৭৭৩.৮১ (৯৯.৮৯%)	
গ)	রাস্তা সোলডারিং	৩০১১ বঃ মিঃ	৮৭.০৩	৩,০১১ (১০০%)	৮৫.০৭	৩,০১১ (৯৭.৭৫%)	
ঘ)	এ্যাপ্রোচ রোডে বক্স কালভার্ট	২টি	২১.০৮	২ (১০০%)	২১.০৮	২ (১০০%)	
	মোট		**৫০৩.০০**	**১০০%**	**৪৯২.০৪**	**৯৭.৮২%**	
৩২	**আরসিসি ড্রেনেজ :**						
ক)	মেইন ড্রেন (আরসিসি)	২১০০ মিটার	১৯৫.০০	২,১০০ (১০০%)	১৯৫.০০	২,০৪০.১৯ (১০০%)	
খ)	সাব-ড্রেন	১১০০ মিটার	৮৪.৭৬	১,১০০ (১০০%)	৮৪.৭৬	১০৬১.২৫ (১০০%)	
গ)	আউটলেট ড্রেন	৮৬০ মিটার	১৮৬.৪৯	৮৬০ (১০০%)	১৮৬.১৮	৫০৭.১৬ (৯৯.৮৩%)	
ঘ)	৪০ ফুট চওড়া রাস্তায় ৩৪ফুট লম্বা কালভার্ট	২টি	৫.৮৭	২ (১০০%)	৫.৮৭	২ (১০০%)	
ঙ)	৩০ ফুট চওড়া রাস্তায় ২৪ফুট লম্বা কালভার্ট	১০টি	১৬.৭৫	১০ (১০০%)	১৬.৭৫	১০ (১০০%)	
	মোট		**৪৮৮.৮৭**	**১০০%**	**৪৮৮.৫৬**	**৯৯.৯৪%**	
৩৩	**ডিপ টিউবওয়েল:**						
ক)	সয়েল এন্ড ওয়াটার টেষ্টিং	৩টি	৩.০০	৩ (১০০%)	২.৯৭	৩ (৯৯.০০%)	
খ)	ডিপ টিউবওয়েল	১টি	৩৪.০০	১ (১০০%)	৩৩.৩৩	১ (৯৮.০৩%)	
গ)	ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট	১টি	৩০.৪০	১ (১০০%)	৩০.৪০	১ (১০০%)	
	মোট		**৬৭.৪০**	**১০০%**	**৬৬.৭০**	**৯৮.৯৬%**	
৩৪	**পানির পাইপ লাইন:**						
ক)	৭৫ মিঃ মিঃ	৬৫০ মিটার	৬.৩২	৬৫০ (১০০%)	৬.৩২	৬৫০ (১০০%)	
খ)	১১৪ মিঃ মিঃ	১০৫০ মিটার	১৪.১২	১,০৫০ (১০০%)	১৩.৮০	১,০২৮ (৯৭.৭৩%)	
গ)	১৫০ মিঃ মিঃ	২৫০ মিটার	৩.৭৫	২৫০ (১০০%)	৩.৭৫	২৫০ (১০০%)	
	মোট		**২৪.১৯**	**১০০%**	**২৩.৮৭**	**৯৮.৬৮%**	
৩৫	**বিদ্যুৎ লাইন:**						

ক্রঃ নং	অঙ্গের নাম	আরডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		সমার্পন
		সংখ্যা/পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
ক)	এইচটি/এলটি লাইন	১৯১৫ মিটার	৫৬.৪৫	১,৯১৫ (১০০%)	৫৬.৪৫	১,৯১৫ (১০০%)	
খ)	২৫০ কেভিএ ট্রান্সফরমার ও অন্যান্য যন্ত্রপাতিসহ	৪টি	৬০.৬৮	৪ (১০০%)	৬০.৬৮	৪ (১০০%)	
গ)	২৫ কেভিএ ট্রান্সফরমার ও অন্যান্য যন্ত্রপাতিসহ	৩টি	৫১.৩৪	৩ (১০০%)	৩৫.৮৪	৩ (৬৯.৮১%)	
ঘ)	মিটারিং রুম (এইচটি-১টি, এলটি ও পিএফআই রুম-৪টি)	২৫.২৮ বঃ মিঃ	১০.৩২	২৫.২৮ (১০০%)	৬.০০	৪ (৫৮.১৪%)	
ঙ)	সোলার প্যানেল	১টি	১২.৯৯	১ (১০০%)	১০.৬৫	১ (৮১.৯৯%)	
	মোট		**১৯১.৭৮**	**১০০%**	**১৬৯.৬২**	**৮৮.৪৫%**	
৩৬	**গ্যাস লাইন:**						
ক)	বহিঃসংযোগ লাইন	২০০ মিটার	২২.২৫	২০০ (১০০%)	১৯.৬৬	১৭৭ (৮৮.৩৬%)	
খ)	অভ্যন্তরীণ লাইন	১৯১৫ মিটার	১০৫.৭৫	১,৯১৫ (১০০%)	১০৫.৭৫	১,৯১৫ (১০০%)	
গ)	আরএমএস স্থাপন	১টি	১৫২.০০	১ (১০০%)	১৫২.০০	১ (১০০%)	
	মোট		**২৮০.০০**	**১০০%**	**২৭৭.৪১**	**৯৯.০৮%**	
৩৭	**জলাধার নির্মাণ:**						
ক)	পুকুর খনন (১৪১ফিট×৮১ফিট×১৫ফিট)	১৯১১.৩৭ ঘঃ মিঃ	১৯.৯১	১,৯১১.৩৭ (১০০%)	১৯.৩৭	১,৯১১.৩৭ (৯৭.২৯%)	
খ)	রিটেইনিং/প্রটেকশন ওয়াল (পুকুরের চারপার্শ্বে ওয়াকওয়ে এবং ঘাট)	১৩৫.৩২ মিটার	৮৪.৫৬	১৩৫.৩২ (১০০%)	৮৪.৫৬	১৩৫.৩২ (১০০%)	
	মোট		**১০৪.৪৭**	**১০০%**	**১০৩.৯৩**	**৯৯.৪৮%**	
৩৮	ডাম্পিং ইয়ার্ড (১৪০ ফিট×৬২ ফিট)	৮৬৮ বঃ ফুঃ	৭৪.১৪	৮,৬৮০ (১০০%)	৭৪.১২	৮,৬৮০ (৯৯.৯৭%)	
	উপ-মোট (মূলধন):		**৪৭০৯.০৮**	**১০০%**	**৪৬১৬.৫৫**	**৯৮.০৪%**	
	গ) ফিজিক্যাল কনটিনজেন্সি		২১.৬০	-	-	-	
	ঘ) প্রাইস কনটিনজেন্সি		৩৮.৮৮	-	-	-	
	সর্বমোটরাজস্ব+মূলধন (ক+খ):		**৪৯১৪.০০**	**১০০%**	**৪৭৪২.২৩**	**৯৬.৫০%**	

১১. অর্থবছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থবছর	আরডিপিপি'তে সংস্থান	আরএডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
১	২	৩	৪	৫	৬
২০১২-১৩	১০.৪৬	১৮.০০	১৮.০০	১০.৩২	-
২০১৩-১৪	৭.৪৮	৪৫৮.০০	৪৫৮.০০	৫.৯৭	৪৫০.০০
২০১৪-২০১৫	২০৬৪.৭২	২,১০০.০০	২,১০০.০০	২,০২২.৩৮	২১.৯৪
২০১৫-২০১৬	২৬৮.১৫	১,০৬৫.০০	৮৮৫.৫০	৪৭৬.৪৭	৩২৯.২৭
২০১৬-২০১৭	৩৭৪.১৯	১,০০০.০০	৪২৫.০০	৪৯.৭৪	-
২০১৭-২০১৮	১৮৭৫.০৫	১,৬৫০.০০	৮২৫.০০	৮২৭.০৫	৪১৮.৬৩
২০১৮-২০১৯	৩১৩.৯৫	১,৪০৭.০০	১,৩৭৪.১০	১,৩৫০.০০	১২৩.৫৩

সর্বমোট	**৪৯১৪.০০**	**৭,৬৯৮.০০**	**৬,০৮৫.৬০**	**৪,৭৪২.২৩**	**১,৩৪৩.৩৭**

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম	পদবী ও মূল দপ্তর	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
১	২	৩	৪	৫	৬
জনাব এ এইচ এম হামিদুল হক চৌধুরী	উপ-ব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক,	২৮-১০-২০১২ হতে ০৯-০৮-	অতিরিক্ত	না	-
জনাব মোঃ মাহবুবুর রহমান	উপ-ব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক,	১০-০৮-২০১৮ হতে ৩০-০৬-২০১৯	অতিরিক্ত	না	-

১৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

আরডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	**অর্জন**
➢ শিল্প উদ্যোক্তাদের চাহিদা পূরণকল্পে ভূমি অধিগ্রহণ ও শিল্প প্লট প্রস্তুতকরণ;	➢ আরডিপিপি অনুযায়ী শিল্প উদ্যোক্তাদের চাহিদা পূরণকল্পে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নপূর্বক ১৩০টি শিল্প প্লট প্রস্তুত করা হয়েছে;
➢ অধিগ্রহণকৃত জমিতে মাটি ভরাট, রাস্তা নির্মাণ, ড্রেন নির্মাণ, বিদ্যুৎ লাইন স্থাপন ইত্যাদি অবকাঠামোগত সুবিধা প্রদানের মাধ্যমে উদ্যোক্তাদেরকে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপনে সহায়তা প্রদান;	➢ অধিগ্রহণকৃত জমিতে মাটি ভরাট, রাস্তা নির্মাণ, ড্রেন নির্মাণ, বিদ্যুৎ লাইন স্থাপন ইত্যাদি অবকাঠামো সুবিধাসহ সকল কাজ সম্পন্ন করা হয়েছে;
➢ ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে দারিদ্র বিমোচন; এবং	➢ স্থাপিত শিল্প নগরীতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের মাধ্যমে প্রত্যক্ষভাবে ২২০০ লোকের কর্ম সংস্থান সৃষ্টির লক্ষ্যে ইতিমধ্যেই ১০জন উদ্যোক্তার অনুকূলে ১৮টি শিল্প প্লট বরাদ্দ দেয়া হয়েছে। তম্মধ্যে ০১(এক) জন উদ্যোক্তা জমির মূল্য পরিশোধপূর্বক জমির দখল গ্রহণ করেছে। পর্যায়ক্রমে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্দিসহ আরডিপিপি অনুযায়ী পরোক্ষ/প্রত্যক্ষভাবে ৫০০০ লোকের কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি হবে।
➢ জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধিকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।	

১৩. প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

(লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	**অনুমোদনের তারিখ**	**বাস্তবায়নকাল**	**অনুমোদিত ব্যয়**
মূল অনুমোদন	মাননীয় পরিকল্পন মন্ত্রী কর্তৃক ১৭-০৯-২০১২ তারিখে অনুমোদিত হয়।	জুলাই/২০১২ হতে জুন/২০১৭	১৯৯০.০০
১ম সংশোধন	একনেক কর্তৃক ৩১-০৩-২০১৫ তারিখে অনুমোদিত হয়।	জুলাই/২০১২ হতে জুন/২০১৮	৪০১৪.০০
২য় সংশোধন	একনেক কর্তৃক ০৪-০৬-২০১৮ তারিখে অনুমোদিত হয়।	জুলাই/২০১২ হতে জুন/২০১৯	৪০১৪.০০

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয়
আন্ত:খাত ব্যয় সমন্বয়	শিল্প মন্ত্রণালয় কর্তৃক ০৮-০৪-২০১৯ তারিখে পত্র জারি করা হয়	জুলাই/২০১২ হতে জুন/২০১৯	৪৯১৪.০০

১৪. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ: প্রকল্পের অনুমোদিত সময়ের মধ্যে প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

১৬. অডিট সংক্রান্ত :

অর্থবছর	অডিটের শিরোনাম ও জড়িত টাকার পরিমান	প্রকল্প/সংস্থা থেকে গৃহীত কার্যক্রম
২০১৮-১৯	ভ্রমণ ভাতা ও মালামাল ক্রয় বাবদ গ্রহণকৃত অগ্রিম দীর্ঘদিন যাবৎ অসমন্বিত ৬৭,৪৫০.০০ টাকা।	প্রকল্প থেকে ০৪-০৩-২০২১ তারিখে জবাব প্রেরণ করা হয়েছে। কিন্তু অডিট অধিদপ্তর থেকে অডিট আপত্তি নিস্পত্তি করা হয়নি।
২০১৮-১৯	প্রকল্পের অর্থ ব্যাংকের STD হিসাবে জমা রেখে প্রাপ্ত সুদ সরকারি তহবিলে জমা না করায় ক্ষতি ৫৮,৬৭৯.০০ টাকা।	-ঐ-
২০১৮-১৯	প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত ভূমির অতিরিক্ত মূল্য নির্ধারণের ফলে প্লট মূল্য অধিক বিবেচনায় প্রকল্প বাস্তবায়িত না হওয়ায় ক্ষতি ৮,৩০,০১,৮২৫.০০ টাকা।	-ঐ-
২০১৯-২০	ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিপরীতে কোন প্রকার Coverage দাখিল না করা সত্বেও বিল প্রদান করায় প্রকল্পের ঝুঁকি ব্যয় ১২,৯৩,২৪,১৯৮.৩৮ টাকা।	-ঐ-
২০১৯-২০	১ম সর্বনিম্ন দরদাতাকে Non-Responsive করে ২য় সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ২০,৯০,৮৪২ টাকা।	-ঐ-

১৭. প্রকল্প পরিদর্শনঃ

বিগত ০১-০৪-২০২১ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক মো: বশীর আহাম্মেদ কর্তৃক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন (শ্রীমঙ্গল বিসিক শিল্প নগরী এলাকা) করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতা প্রদান করেন। প্রকল্পটির আরডিপিপি, প্রাপ্ত পিসিআর, বিভিন্ন সভার কার্যবিবরণী, প্রকল্প পরিচালকের সাথে আলোচনা এবং প্রাপ্ত তথ্যাদির আলোকে আরডিপিপি'র প্রধান প্রধান অঙ্গভিত্তিক পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নেবর্ণিত:

১৭.১ ভূমি উন্নয়ন (মাটি ভরাট) কাজ:

শিল্প নগরীর ভূমি উন্নয়ন কাজের জন্য আরডিপিপি'তে ৪৪০.১০ লক্ষ টাকা সংস্থান ছিল। প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত ভূমি উন্নয়ন কাজের জন্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ৪,৪০,১০,০০০.০০ টাকা। উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি ০৬/০৯/২০১৫ তারিখের দৈনিক প্রথম আলো এবং The Daily Star পত্রিকায় প্রকাশিত হয়। দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক ১৪/১০/২০১৫ তারিখ প্রাপ্ত দরপত্র উম্মুক্ত করা হয়। দরপত্র উম্মুক্তকরণ সীট অনুযায়ী দেখা যায় যে, ২০টি দরপত্র দাখিল হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদনে হতে দেখা যায় যে, ১৩টি দরপত্র রেসপনসিভ এবং ৭টি দরপত্র নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটি ১ম সর্বনিম্ন দরদাতাকে ৪,৪৩,৪৩,৯৯৪.২৮ টাকায় কার্যাদেশ প্রদানের সুপারিশ করে। বিগত ২১/১২/২০১৫ তারিখে প্রকল্প পরিচালকের সাথে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে ৪,৩৪,৯০,০৬২.০০ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকৃতপক্ষে এ কাজের

জন্য সর্বমোট ব্যয় হয় ৩৯৬.০২ লক্ষ টাকা। আরডিপিপি অনুযায়ী কাজ সমাপ্তির জন্য ৩০-০৬-২০১৬ তারিখ নির্ধারিত ছিল। কিন্তু সমাপ্ত হয় ৩০-১১-২০১৬ তারিখ। আরডিপিপি'র নির্ধারিত মেয়াদের চেয়েও ৫মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, অতিবৃষ্টির কারণে মাটি সংগ্রহ ও ভরাট কাজে বিলম্ব ঘটে। তার এ দাবী যৌক্তিক নয়, কারণ প্রকল্পটির ডিপিপি এবং আরডিপিপি'র ক্রয় পরিকল্পনা অনুযায়ী কাজটি সম্পন্ন করা যায়নি। এতে করে প্রকল্পের সময় ও ব্যয় বৃদ্ধি পেয়েছে।

১৭.২ প্রশাসনিক ভবন নির্মাণ:

শিল্প নগরীর প্রশাসনিক ভবন নির্মাণ ১৫১.৬২ লক্ষ টাকার সংস্থান ছিল। এ কাজের জন্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ১,৪৬,৫০,৬৫২.৪৮ কাজটি উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে (ওটিএম) দরপত্র বিজ্ঞপ্তি ১৪মে ২০১৮ তারিখের দৈনিক ভোরের কাগজ এবং দি ফিনান্সিয়াল এক্সেপ্রেস পত্রিকায় প্রকাশিত হয়। বিগত ৩১-০৫-২০১৮ তারিখ প্রাপ্ত দরপত্রসমূহ উম্মুক্ত করা হয়। দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত সীট অনুযায়ী ২টি দরপত্র দেখা যায়। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী মেসার্স এম আর কনস্ট্রাকশন, ঢাকা এর উদ্বৃত ১,৫০,২৫,৪১৫.৯৭ টাকায় ১ম সর্বনিম্ন দরদাতা হিসেবে সুপারিশ করে। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ HOPE কর্তৃক অনুমোদিত হয়। বিগত ১২-০৭-২০১৮ তারিখে প্রকল্প পরিচালকের সাথে মেসার্স এম আর কনস্ট্রাকশন, ঢাকা এর সাথে উদ্বৃত দর ১৫০.২৫ লক্ষ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয়। এ কাজটির পরিমান ও আইটেম বৃদ্ধি পাওয়ায় ৮.৭৯ লক্ষ টাকা বৃদ্ধি করে সর্বমোট ১৫৯.০৪ লক্ষ টাকায় নির্ধারিত হয়। এ অঙ্গের কাজের জন্য সর্বমোট ব্যয় হয় ১৫০.৫২ লক্ষ টাকা। আরডিপিপি অনুযায়ী কাজ সমাপ্তির জন্য ৩০-১২-২০১৮ তারিখ নির্ধারিত ছিল, কিন্তু সমাপ্ত হয় ১১-০১-২০১৯ তারিখ। সরেজমিনে পরিদর্শনকালে ভবনটির ড্রয়িং-ডিজাইনসহ বিভিন্ন আইটেম পরিবীক্ষণ/পরিমাপ করা হয়। এ প্রশাসনিক ভবনে ১জন নিরাপত্তা প্রহরী/দারোয়ান পদায়ন রয়েছেন। এ শিল্পনগরীর বাস্তব কোন কার্যক্রম শুরু না হওয়ায় প্রশাসনিক ভবন-কাম-রেস্টহাউজ ব্যবহার হচ্ছে না। ফলে এ ভবনের বিভিন্ন আসবাবপত্র বিনষ্ট হচ্ছে।

১৭.৩ বাউন্ডারী ওয়াল এবং প্রধান গেইট নির্মাণ:

শিল্প নগরীর বাউন্ডারী ওয়াল এবং ২টি গেইট নির্মাণের জন্য আরডিপিপি'তে ৩৫০.০০ লক্ষ টাকা সংস্থান ছিল। এ কাজটির দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ৩,৩৮,৫০,৪৯২ টাকা। উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি ২৪-০৪-২০১৭ তারিখের দৈনিক ভোরের কাগজ এবং The Daily Star পত্রিকায় প্রকাশিত হয়। দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক ২৯-০৫-২০১৭ তারিখ প্রাপ্ত দরপত্র উম্মুক্ত করা হয়। দরপত্র উম্মুক্তকরণ সীট অনুযায়ী দেখা যায় যে, ৪টি দরপত্র দাখিল হয়েছে। তম্মধ্যে ৪টি দরপত্রই রেসপনসিভ হিসেবে বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদনে হতে দেখা যায় যে, ১ম সর্বনিম্ন দরদাতা হিসেবে মেসার্স ম্যাশন এন্টারপ্রাইজ জেভি,ঢাকা-কে ৩,৩১,৬৫,৪৮৯ টাকায় কার্যাদেশ প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি সুপারিশ করে। বিগত ২০-০২-২০১৮ তারিখে প্রকল্প পরিচালকের সাথে ১ম সর্বনিম্ন দরদাতা ম্যাশন এন্টারপ্রাইজ জেভি'র সাথে ৩,৩১,৬৫,৪৮৯.০০ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয়। পরবর্তীতে এ কাজটির পরিমান ও আইটেম বৃদ্ধি পাওয়ায় ভেরিয়েশন আদেশের মাধ্যমে ১৭,০৫,৯৭৬.৮৯ টাকা বৃদ্ধি করে সর্বমোট ৩,৪৮,৭১,৪২০.৪২ টাকায় সংশোধিত চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকৃতপক্ষে এ কাজের জন্য সর্বমোট ব্যয় হয় ৩৪৮.২৬ লক্ষ টাকা। আরডিপিপি অনুযায়ী কাজ সমাপ্তির জন্য ২০-০৮-২০১৮ তারিখ নির্ধারিত ছিল। কিন্তু প্রকৃত পক্ষে কাজ সমাপ্ত হয়েছে ৩০-০৬-২০১৯ তারিখ। আরডিপিপি'র নির্ধারিত মেয়াদের চেয়ে ০৯ মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে নির্মাণকৃত বাউন্ডারী ওয়াল, গেইট ড্রয়িং-ডিজাইনের সাথে মিলিয়ে দেখা হয়।

১৭.৪ রাস্তা নির্মাণ:

শিল্প নগরীর রাস্তা নির্মাণ কাজে আরডিপিপি'তে ৫০৩.০০ লক্ষ টাকা সংস্থান ছিল। শিল্প নগরীর ভিতরে সড়ক নির্মাণ একটি গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট। এ কাজের মধ্যে রয়েছে রাস্তা কার্পেটিং, সোল্ডারিং এবং এ্যাপ্রোচ সড়কে বক্স কালভার্ট নির্মাণ। কাজটির দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ৫,১১,৭৯,৮২৯/- টাকা। উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি ১৯-১১-২০১৭ তারিখের দৈনিক ভোরের কাগজ এবং The Financial Express পত্রিকায় প্রকাশিত হয়। দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক ১৮-১২-২০১৭ তারিখ প্রাপ্ত দরপত্র উম্মুক্ত হয়। দরপত্র উম্মুক্তকরণ সীট অনুযায়ী দেখা যায় যে, ৭টি দরপত্র দাখিল হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ৪টি দরপত্র রেসপনসিভ এবং ৩টি দরপত্র নন-রেসপনসিভ বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটি ১ম সর্বনিম্ন দরদাতা হিসেবে মেসার্স এম আর কন্সট্রাকশন, ঢাকা-কে ৪,৬০,৬১,৯৪৬.৯৫ টাকায় কার্যাদেশ প্রদানের জন্য সুপারিশ করে। বিগত ২০-০২-২০১৮ তারিখে প্রকল্প পরিচালকের সাথে ১ম সর্বনিম্ন দরদাতা মেসার্স এম আর কন্সট্রাকশন'র সাথে ৪,৬০,৪০,১৩৮.০০ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয় এবং ২২-০২-২০১৮ তারিখে উক্ত দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে এ কাজটির পরিমান ও আইটেম বৃদ্ধি পাওয়ায় ৩৩,১৮,৮৭০.০০ টাকা বৃদ্ধি করে সর্বমোট ৪,৯৩,৫৯,০০৮.০০ টাকায় নির্ধারণ করা হয়। এ অঙ্গের কাজের জন্য সর্বমোট ব্যয় হয় ৪৯২.০৪ লক্ষ টাকা। আরডিপিপি অনুযায়ী কাজটি সমাপ্তির জন্য ৩০-১২-২০১৮ তারিখ নির্ধারিত ছিল। কিন্তু কাজ সমাপ্ত হয়েছে ০২-০১-২০১৯ তারিখ। সরেজমিনে পরিদর্শনকালে সড়কের বিভিন্ন স্তর পরিমাপ এবং ড্রয়িং-ডিজাইনের সাথে মিলিয়ে সঠিক পাওয়া যায়। সড়কের নির্মাণ কাজ সমাপ্তের পর জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন কর্তৃপক্ষ এ শিল্প নগরীতে বিদ্যমান সড়ক কেটে গ্যাস লাইন স্থাপন করেছে। ফলে সড়কের কার্পেটিং গাছ, বিদ্যুৎ লাইন ইত্যাদি মারাত্নকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে, যা পুন:নির্মাণ/মেরামত করা হয়নি।

১৭.৫ ড্রেন ও কালভার্ট নির্মাণ:

শিল্প নগরীর মেইন ড্রেন, সাব-ড্রেন, কালভার্ট ও আউটলেট নির্মাণ করা হয়েছে। এ কাজের জন্য আরডিপিপি'তে ৫৬০.৩৯ লক্ষ টাকা বরাদ্দ ছিল। পরবর্তীতে আন্ত:অঙ্গ সমন্বয় করে ৪৮৮.৮৭ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। এ কাজটির দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ৫,৫৯,১৬,৫১৭.৯৬ টাকা। উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি ১৯-১১-২০১৭ তারিখের দৈনিক ভোরের কাগজ এবং The Financial Express পত্রিকায় প্রকাশিত হয়। দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক ১৮-১২-২০১৭ তারিখ প্রাপ্ত দরপত্রসমূহ উম্মুক্ত করা হয়। দরপত্র উম্মুক্তকরণ সীট অনুযায়ী দেখা যায় যে, ৬টি দরপত্র দাখিল হয়েছে। তম্মধ্যে ৪টি দরপত্রই নন-রেসপনসিভ এবং ২টি দরপত্রই রেসপনসিভ বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ১ম সর্বনিম্ন দরদাতা মেসার্স হায়দার কোম্পানী, ঢাকা-কে ৫,০৩,২৪,৮৬৯.৮২ টাকায় কার্যাদেশ প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি সুপারিশ করে। বিগত ২২-০২-২০১৮ তারিখে প্রকল্প পরিচালকের সাথে উক্ত দরদাতার চুক্তি স্বাক্ষরিত হয়। নির্বাচিত দরদাতাকে ২২-০২-২০১৮ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। আরডিপিপি অনুযায়ী কাজ সমাপ্তির জন্য ২০-০৮-২০১৮ তারিখ নির্ধারিত ছিল। কিন্তু প্রকৃত পক্ষে কাজ সমাপ্ত হয়েছে ২০-০৮-২০১৮ তারিখ। আরডিপিপি'র নির্ধারিত মেয়াদের চেয়ে ০৬মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে ড্রয়িং-ডিজাইনের সাথে মিলিয়ে দেখা হয়। এখানে বিশেষভাবে উল্লেখ্য, ড্রেন ও কালভার্ট নির্মাণ কাজ সমাপ্তের পর জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন কর্তৃপক্ষ শিল্প নগরীর বিদ্যমান সড়ক কেটে গ্যাস লাইন স্থাপন করেছে। ফলে সড়ক ও সড়কের পার্শ্বের ড্রেন, কালভার্ট ক্ষতিগ্রস্থ হয়েছে। কোন কোন ড্রেন, কালভার্ট এ মাটি ভরাট হয়ে সম্পূর্ণ অকোজো হয়েছে।

১৭.৬ পানির পাইপ লাইন স্থাপন:

শিল্প নগরীর পানির পাইপ লাইন স্থাপনের জন্য আরডিপিপি'তে ২৪.১৯ লক্ষ টাকা সংস্থান রয়েছে। এ কাজটির দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ২৪,১০,৮৪১.৩৬ টাকা। কাজটি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (ওটিএম) বিজ্ঞপ্তি ১৪মে ২০১৮ তারিখের দৈনিক ভোরের কাগজ এবং দি ফিনান্সিয়াল এক্সেপ্রেস পত্রিকায় প্রকাশিত হয়। বিগত ৩১-০৫-২০১৮ তারিখ প্রাপ্ত দরপত্রসমূহ উন্মুক্ত করা হয়। দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত সীট অনুযায়ী ২টি দরপত্র দেখা যায়। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী তম্ময় ট্রেড ইন্টারন্যাশনাল, ঢাকা নন-রেসপনসিভ হয়। অপর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মিথিলা এন্টারপ্রাইজ, ঢাকা এর উদ্ধৃত ২৪,০২,১৬৬.০০ টাকায় কার্যাদেশ প্রদানের জন্য সুপারিশ করে। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ HOPE কর্তৃক অনুমোদিত হয়। বিগত ১২-০৭-২০১৮ তারিখে প্রকল্প পরিচালকের সাথে মেসার্স মিথিলা এন্টারপ্রাইজ, ঢাকা এর সাথে ২৪,০২,১৬৬.০০ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয়। একই তারিখে তারিখ কার্যাদেশ প্রদান করা হয়। এ অঙ্গের কাজের জন্য সর্বমোট ব্যয় হয় ২৩.৮৭ লক্ষ টাকা। সরেজমিনে পরিদর্শনকালে স্থাপিত পানির পাইপ লাইনসহ আনুষঙ্গিক কাজ ড্রয়িং-ডিজাইন অনুযায়ী পরিমাপ করে সঠিক পাওয়া যায়।

১৭.৭ ডাম্পিং ইয়ার্ড নির্মাণ:

শিল্প নগরীর ভিতরে ডাম্পিং ইয়ার্ড নির্মাণ একটি গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট। কাজটির দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ৭৪.১৪ লক্ষ টাকা। উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি ১৪-০৫-২০১৮ তারিখের দৈনিক ভোরের কাগজ এবং The Financial Express পত্রিকায় প্রকাশিত হয়। দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক ৩১-০৫-২০১৮ তারিখ প্রাপ্ত দরপত্র উন্মুক্ত হয়। দরপত্র উন্মুক্তকরণ সীট অনুযায়ী দেখা যায় যে, ২টি দরপত্র দাখিল হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদনে হতে দেখা যায় যে, ২টি দরপত্রই রেসপনসিভ হিসেবে বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটি ১ম সর্বনিম্ন দরদাতা মেসার্স এম আর কন্সট্রাকশন, ঢাকা-কে ৬৪,৬৯,৯৫৫.৮০ টাকায় কার্যাদেশ প্রদানের জন্য সুপারিশ করে। বিগত ০১-০৯-২০১৮ তারিখে প্রকল্প পরিচালকের সাথে উক্ত দরদাতার ৬৪,৬৯,৯৫৫.৮০ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয় এবং একই তারিখে এ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে কাজের পরিমান ও আইটেম বৃদ্ধি পাওয়ায় ভেরিয়েশন আদেশ জারির মাধ্যমে ৭৪,১২,৯০৬.০০ টাকায় সংশোধিত কার্যাদেশ প্রদান করা হয়। ডাম্পিং ইয়ার্ড এর চারিদিকে ৮ফিট উচ্চতায় আরসিসি প্রাচীর নির্মাণ করা হয়েছে। এ ইয়ার্ডের পানি পরিবাহিত করার জন্য নির্মিত সার্ফেজ ড্রেনটি বর্তমানে বিভিন্ন ময়লা-আবর্জনায় ভরে রয়েছে। এ অবস্থায় ডাম্পিং ইয়ার্ডটি ব্যবহার করা সম্ভব হবে না।

১৭.৮ বিদ্যুৎ লাইন স্থাপন:

শিল্প নগরীতে বিদ্যুৎ লাইন, গভীর নলকূপ, পাম্প হাউজ, ওয়াটার ট্রীটমেন্ট প্লান, গ্যাস লাইন ডিপোজিট ওয়ার্কের মাধ্যমে সম্পন্ন হয়েছে। তম্মধ্যে গভীর নলকূপ, পাম্প হাউজ, ওয়াটার ট্রীটমেন্ট প্লান "পল্লী উন্নয়ন একাডেমী (RDA, BOGRA)", বিদ্যুৎ লাইন "পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার" এবং গ্যাস লাইন জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন কোং লি:, সিলেট এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে বিদ্যুৎ লাইন, গভীর নলকূপ, পাম্প হাউজ ইত্যাদি সচল দেখা যায়।

১৭.৯ প্রকল্পটি মৌলভীবাজার জেলা শহর থেকে ১৬ কি: মি: দূরে অবস্থিত। বর্তমানে প্রকল্পের আওতায় নবনির্মিত প্রশাসনিক ভবন-কাম-রেষ্ট হাউজ ব্যবহার হচ্ছে না। ফলে প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন ফার্নিচার, টিভি, ফ্রীজ, এয়ার কুলার ইত্যাদি ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ সকল পণ্য প্রকল্প সমাপ্তির শেষ পর্যায়ে ক্রয় ও সরবরাহ হওয়া বাঞ্চনীয়।

১৭.১০ প্রকল্পটির অনুকূলে ২০১২-১৩ অর্থবছর হতে প্রতিবছরই অর্থ ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থের নিয়মিত অডিট সম্পাদন করার উদ্যোগ গ্রহণ করা হয়নি। অডিট অধিদপ্তর কর্তৃক ০৯-০২-২০২১ খ্রি: তারিখে অডিট সম্পাদনপূর্বক ব্যয়িত অর্থের ২০১৮-১৯ অর্থবছরের ৩টি এবং ২০১৯-২০ অর্থবছরের ২টি সর্বমোট ৫টি অডিট আপত্তি উত্থাপন করে। প্রকল্প থেকে ০৪-০৩-২০২১ তারিখে জবাব প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি অডিট অধিদপ্তর থেকে উক্ত অডিট আপত্তিসমূহ নিস্পত্তি করা হয়নি।

১৭.১১ প্রকল্পের আরডিপিপি'তে প্রতি ৩মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজনের নির্দেশনা ছিল। কিন্তু প্রকল্পের ৮বছর মেয়াদে মাত্র **৯**টি পিআইসি এবং **৩**টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। অর্থাৎ প্রকল্পের নিয়মিত পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়নি। তাছাড়া প্রকল্পের **৯**টি পিআইসি সভার বিপরীতে মাত্র **৩**টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে, যা প্রকল্প বাস্তবায়ন শৃংখলার সম্পূর্ণ পরিপন্থি। সার্বিকভাবে বলা যায় যে, প্রকল্পের বিভিন্ন সমস্যা পিআইসি ও পিএসসি সভায় উত্থাপিত না হওয়ায় প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা পাওয়া যায়নি।

১৭.১২ বিবিধ পর্যবেক্ষণ:

স্থানীয় উদ্যোক্তাদের দ্বারা ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জাতীয়ভাবে অবদান রাখা এবং দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করার জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

প্রকল্পটির সার্বিক পর্যবেক্ষণে এতদসংক্রান্তে দেখা যায় যে, এ প্রকল্পটির নির্মাণ কাজ জুন,২০১৯ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের অধীন সর্বমোট ১৩০টি শিল্প প্লট তৈরী করা হয়েছে, যার মধ্যে মাত্র ১টি প্লট বরাদ্দপূর্বক দখল হস্তান্তর করা হয়েছে। কিন্তু অদ্যাবধি উক্ত প্লটেও কোন শিল্প কারখানা স্থাপন করা হয়নি। এ প্রেক্ষাপটে বলা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নের ফলে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জাতীয়ভাবে অবদান রাখার মাধ্যমে সপ্তম পঞ্চবার্ষিকী কর্ম পরিকল্পনা বাস্তবায়নে ভূমিকা রাখার বিষয়টি উপেক্ষিত হতে পারে। তাছাড়া, উক্ত শিল্প প্লটের বরাদ্দ এবং শিল্প প্রতিষ্ঠান স্থাপনে অত্যধিক বিলম্ব হলে শিল্প নগরীর বিভিন্ন অবকাঠামো যেমন: ড্রেন, পানির লাইন, বিদ্যুৎ লাইন, গভীর নলকূপ ইত্যাদি ব্যবহারের উপযোগিতা হারাবে। উল্লেখ্য, ইতোমধ্যেই ব্যবহার/রক্ষণাবেক্ষণের অভাবে ড্রেন ময়লা আবর্জনায় ভরে গেছে। তাছাড়া পানি, বিদ্যুৎ, নলকূপ ইত্যাদির ফিটিংস্ ক্ষতিগ্রস্থ হচ্ছে।

১৮. **সুপারিশসমূহ:**

১৮.১ তিন বছর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্পটি সমাপ্ত করতে ০৭বছর সময় লেগেছে। প্রকল্পের অবকাঠামো উন্নয়নে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে। এ ধরনের দীর্ঘসূত্রতার কারণে Cost-over-run ১৩৩.৩৩% এবং Time-over-run ৯৬.৫০% বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে শিল্প নগরী স্থাপন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিষয়টি বিবেচনায় রাখার জন্য সংশ্লিষ্টদের সতর্ক করার ব্যবস্থা করতে হবে;

১৮.২ প্রকল্পটি বাস্তবায়নের ফলে স্থানীয় উদ্যোক্তাদের দ্বারা ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জাতীয়ভাবে অবদান রাখবে এবং দারিদ্র বিমোচন হবে। আরডিপিপি অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়িত হলে সপ্তম পঞ্চবার্ষিকী কর্ম পরিকল্পনা বাস্তবায়নে ইতিবাচক ভূমিকা রাখবে। এ লক্ষ্যে প্রকল্পের আওতায় নির্মাণকৃত প্লট শিল্প উদ্যোক্তাদের মাঝে দ্রুত বরাদ্দ প্রদান ও শিল্প স্থাপনের বিষয়ে বিসিক থেকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৮.৩ শিল্প নগরীতে সড়কের নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার পর জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন কর্তৃপক্ষ (জেজিটিডিএসএল) নির্মিত সড়ক কেটে গ্যাস লাইন স্থাপন করার ফলে সড়কাংশের Edgingসহ কার্পেটিং, গাছ ইত্যাদি ক্ষতিগ্রস্থ হয়েছে। জেজিটিডিএসএল এর মাধ্যমে ক্ষতিগ্রস্থ সড়কাংশ মেরামত, বৃক্ষ রোপন ইত্যাদি কাজ সম্পন্নের জন্য বিসিক

কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৮.৪ ড্রেনের ময়লা/আবর্জনা নিয়মিত পরিস্কার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৫ শিল্প নগরীর প্রশাসনিক ভবন-কাম-রেস্টহাউজের জন্য ক্রয়কৃত টিভি, ফ্রিজ, আসবাবপত্র ইত্যাদি অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। এগুলোর যথাযথ ব্যবহার ও সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

১৮.৬ বিসিক থেকে ০৪-০৩-২০২১ তারিখে উত্থাপিত অডিট আপত্তির নিস্পত্তিমূলক জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এক্ষণে উক্ত অডিট আপত্তিসমূহ নিস্পত্তির জন্য তদারকি করতে হবে।

১৯। বর্ণিত পর্যবেক্ষণ ও সুপারিশগুলো প্রতিপালনকরত: আগামী ১৫(পনের) দিনের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি আইএমইড-কে অবহিত করতে হবে।

প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র-১: শাখা সড়কের বিভিন্ন লেয়ার পরিমাপ।</td><td>চিত্র-২: ড্রেন ড্রয়িই-ডিজাইনের সাথে মিলিয়ে দেখা এবং পরিমাপ।</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র-৩: প্রধান কালভার্ট ড্রয়িই-ডিজাইনের সাথে মিলিয়ে দেখা এবং পরিমাপ।</td><td>চিত্র-৪: জেজিটিডিএসএল কর্তৃপক্ষ কর্তৃক গ্যাস লাইন স্থাপনের ফলে সড়কের ক্ষতিগ্রস্থ অংশ।</td></tr>
</table>

Modernization and Strengthening of Training Institute for Chemical Industries in Bangladesh (Revised) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯)

১. প্রকল্পের নাম : Modernization and Strengthening of Training Institute for Chemical Industries in Bangladesh (Revised)

২. প্রকল্পের অবস্থান : ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ (টিআইসিআই), পলাশ, নরসিংদী।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি)।

৪. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়:	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)
মূল:	সংশোধিত:		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫০১৬.৫০ [জিওবি ০১৬.৫০+প্রকল্প সাহায্য (কোইকা-ইন কাইন্ড) ৪০০০.০০]	৫২৫৬.২৮ [জিওবি ২৫৬.২৮+প্রকল্প সাহায্য (কোইকা-ইন কাইন্ড) ৪০০০.০০]	৫০৯৩.০৩ [জিওবি ১০৯৩.০৩ +প্রকল্প সাহায্য (কোইকা-ইন কাইন্ড) ৪০০০.০০]	০১/০৭/২০১৪ ৩০/০৬/২০১৮	০১/০৭/২০১৪ ৩০/০৬/২০১৯	পাঁচ বছর (০১/০৭/২০১৪ ৩০/০৬/২০১৯)	১০১.৫২%	১২৫%

৬. **অর্থায়নের উৎস:** বৈদেশিক সাহায্য KOICA (ইন কাইন্ড)**:** ৪০০০.০০ লক্ষ টাকা ও জিওবি: ১২৫৬.২৮ লক্ষ টাকা।

৭. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:** লক্ষ টাকা

ক্রঃ নং	অঙ্গের নাম	আরটিএপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য/পর্যবেক্ষণ
		একক	আর্থিকঃ জিওবি (প্রঃ সাঃ)	বাস্তব	আর্থিকঃ জিওবি (প্রঃ সাঃ)	বাস্তব	
(ক)	রাজস্ব ব্যয়:						
১	টিএ/ডিএ	লট	৬.০০ **(০.০০)**	লট	৬.০০ **(০.০০)**	লট	
২	ট্যাক্স/ভ্যাট	লট	২.০০ **(০.০০)**	লট	০.৭১ **(০.০০)**	লট	PCR এ আর্থিক অগ্রগতি ০.৭১ লক্ষ এর স্থলে

							০২.০০লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে।
৩	পেট্রল/গ্যাস (অন্যান্য)	লট	১৫.০০ **(০.০০)**	লট	১৪.৯৮	লট	
৪	বিজ্ঞাপন	লট	১.০০ **(০.০০)**	লট	১.০০ **(০.০০)**	লট	
৫	প্রশিক্ষণ (KOICA)	MM	**০.০০** (৫২০.০০)	৩৪ MM	**০.০০** (৫২০.০০)	৩৪ MM	KOICA এর মাধ্যমে ব্যয়কৃত
৬	আপ্যায়ন	লট	৫.৫০ **(০.০০)**	লট	৫.৫০ **(০.০০)**	লট	
৭	ইকুইপমেন্ট পরিবহন	লট	২০.০০ **(০.০০)**	লট	১৯.৩৪ **(০.০০)**	লট	
৮	দৈনিক ভিত্তিক শ্রমিক	লট	**৫**.০০ **(০.০০)**	লট	৫.০০ **(০.০০)**	লট	
৯	পরামর্শক (KOICA)	MM	০.০০ (৮৮০.০০)	৪৫ MM	০০ (৮৮০.০০)	৪৫ MM	KOICA এর মাধ্যমে ব্যয়কৃত
১০	নিরাপত্তা প্রহরী	লট	২৫.০০ **(০.০০)**	লট	২৫.০০ **(০.০০)**	লট	
১১	সম্মানী (PSC/PIC)	লট	১৬.০০ **(০.০০)**	লট	১৫.৬৮ **(০.০০)**	লট	PCRএ আর্থিক অগ্রগতি ১৫.৬৮ লক্ষ এর স্থলে ১৫.৮৩লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে।
১২	বিবিধ ও অন্যান্য	লট	২২.০০ **(০.০০)**	লট	২১.৭৩ **(০.০০)**	লট	
১৩	রিনোভেশন কাজ	লট	২২৫.৫০ **(০.০০)**	লট	২২৫.৩৫ **(০.০০)**	লট	PCRএ আর্থিক অগ্রগতি ২২৫.৩৫ লক্ষ এর স্থলে ২২৫.৪৪ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে।
	(ক) উপ-মোট -রাজস্ব		৩৪৩.০০ **(১৪০০.০০)**		৩৪০.২৯ **(১৪০০.০০)**		
(খ) মূলধন							
১৪	একাডেমিক ভবন-৩, KOICA	m^2	**০.০০** (৮০০.০০)	১০০০ m^2	**০.০০** (৮০০.০০)	১০০০ m^2	KOICA এর মাধ্যমে ব্যয়কৃত
১৫	মাইক্রোবাস	সংখ্যা	৪৪.০০ **(০.০০)**	১	৪০.২৩ **(০.০০)**	১	প্রকৃতপক্ষে বিজ্ঞাপন বাবদ ০.৬৪ লক্ষ,ক্রয় বাবদ

							৩৮.৩৮ লক্ষ ও বীমা বাবদ ১.২১ লক্ষ মোট খরচ ৪০.২৩ লক্ষ টাকা।
১৬	সার্ভিস যন্ত্রপাতি	লট	৪০০.০০ **(০.০০)**	লট	৩৫৬.৩০ **(০.০০)**	লট	এই খাতে বরাদ্দ ৪০০.০০ লক্ষ টাকার স্থলে মোট ৩৫৬.৭৮ লক্ষ টাকা অবমুক্ত করা হয়।
১৭	প্রশিক্ষণ যন্ত্রপাতি, KOICA	লট	**০.০০** (১৮০০.০০)	লট	**০.০০** (১৮০০.০০)	লট	KOICA এর মাধ্যমে ব্যয়কৃত
১৮	আসবাবপত্র/টিচিং এইড	লট	২০.০০ **(০.০০)**	লট	১৯.৯৭ **(০.০০)**	লট	
১৯	বৈদ্যুতিক তার	লট	৩৫.০০ **(০.০০)**	লট	৩৫.০০ **(০.০০)**	লট	
২০	ভূমি উন্নয়ন	লট	৯.২৪ **(০.০০)**	লট	৯.২২ **(০.০০)**	লট	
২১	পানি ও গ্যাস সরবরাহ	লট	২.৫০ **(০.০০)**	লট	২.৫০ **(০.০০)**	লট	
২২	সিডি ভ্যাট/ট্যাক্স	লট	৪০০.০৪ **(০.০০)**	লট	২৮৯.৫৩ **(০.০০)**	লট	পিসিআর ২৮৯.৫৩ লক্ষ টাকার স্থলে ৩০০.০০ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে।
২৩	অপ্রত্যাশিত ব্যয় (ভৌত, প্রাইস)	লট	২.৫০ **(০.০০)**	লট	০.০০ **(০.০০)**	লট	এই খাতের অর্থ অবমুক্ত করা হয়নি
	(খ) **উপ-মোট মূলধন**		৯১৩.২৮ (২৬০০.০০)		৭৫২.৭৫ (২৬০০.০০)		
	সর্বমোট: রাজস্ব+মূলধন (ক+খ):		১২৫৬.২৮ (৪০০০.০০) ৫২৫৬.২৮		১০৯৩.০৩ (৪০০০.০০) ৫০৯৩.০৩		পিসিআর এ সর্বমোট আর্থিক অগ্রগতি ৫০৯৩.০৩ লক্ষ টাকার স্থলে ৫১০৫.০৪ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে।

জিওবি খাতে মোট: ১২৫৬.২৮ লক্ষ টাকা

জিওবি খাতে মোট অর্থ অবমুক্ত: ১১১০.৫০ লক্ষ টাকা

জিওবি খাতে প্রকৃত ব্যয়: ১০৯৩.০৩ লক্ষ টাকা

সরকারী কোষাগারে জমা: (৫.৪৬ + ১০.৪৭) = ১৫.৯৪ লক্ষ টাকা

অবশিষ্ট অর্থ: {১১১০.৫০ -(১০৯৩.০৩+১৫.৯৪)} = ১.৫৪ লক্ষ টাকা টিআইসিআই হিসাবে জমা আছে যা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়নি।

KOICA অংশের বরাদ্দকৃত অর্থ অঙ্গ ভিত্তিক ব্যয়ের আলাদা কোন হিসাব পাওয়া যায়নি। আরটিএপিপি'র বরাদ্দ অনুসারে

সমুদয় অর্থ ৪০০০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে বলে KOICA কর্তৃপক্ষের দাখিলকৃত তথ্য থেকে জানা যায় বিধায় KOICA কর্তৃক ব্যয়িত অর্থের অঙ্গভিত্তিক শতভাগ আর্থিক ও বাস্তব অগ্রগতি দেখানো হয়েছে। *সূত্র:পিসিআর ও প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী।*

৮. **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** আরএটিপিপির বরাদ্দ মোতাবেক প্যাকেজ জিডি-৪ এর ১৪টি সার্ভিস ইকুইপমেন্টের মধ্যে ৯টি ক্রয় করা সম্ভব হয়েছে। বাকি ৫টি সার্ভিস ইকুইপমেন্টের জন্য পুনঃ দরপত্র আহবান করেও কোন দরদাতা পাওয়া না যাওয়ায় ক্রয় করা সম্ভব হয়নি। নিম্নে ছকে তথ্য উপস্থাপন করা হলোঃ

প্যাকেজ নং	ক্রমিক নং	ক্রয় করা সম্ভব হয়নি
জিডি-৪	১	Multi-phase relay test system
	২	Cable fault detector
	৩	DC power supply (variable)
	৪	Electronic DP cell transmitter
	৫	Air compressor

৯. **সাধারণ পর্যবেক্ষণ**

৯.১ **প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশের শিল্প খাতে দক্ষ ও প্রশিক্ষিত জনবল সৃষ্টির লক্ষ্যে নেদারল্যান্ড সরকারের আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ করপোরেশন (BCIC)-এর অধীনে 'ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (TICI)' প্রতিষ্ঠিত হয় এবং ১৯৯০খ্রিঃ সন হতে এর কার্যক্রম শুরু হয়। নিম্নলিখিত সাতটি কারিগরি বিভাগের আওতায় বর্তমানে বিসিআইসি ও বিসিআইসি বহির্ভূত বাংলাদেশের সকল শিল্প প্রতিষ্ঠানের জনবলের জন্য এর বাস্তবভিত্তিক প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা সার্ভিস কার্যক্রম উন্মুক্ত রয়েছেঃ

(1) Operation & Process Technology
(2) Instrumentation & Control Engineering
(3) Mechanical Engineering
(4) Electrical & Electronics Engineering
(5) Analytical Chemistry & Environmental Science
(6) Industrial Safety & Health and
(7) Computer & Information Technology Departments

শিল্প কারখানায় নতুন নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা ও শ্রমিকদের জন্য শিক্ষানবিশ কোর্স, কর্মরতদের জন্য সংক্ষিপ্ত মান উন্নয়ন কোর্স, ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি প্রাকটিস কোর্স, বিশ্ববিদ্যালয়ের শেষ বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য সমন্বিত ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি কোর্স এবং কোন প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট চাহিদার প্রক্ষিতে টেইলর মেড প্রশিক্ষণ আয়োজন করা হয়। টিআইসিআই-এ প্রশিক্ষণ প্রাপ্ত জনবল দেশ-বিদেশে চাকুরীর ক্ষেত্রে অগ্রাধিকার পাচ্ছে, অধিকতর দক্ষতার সাথে কারখানা পরিচালনায় অবদান রাখছে।বৈদেশিক রেমিট্যান্স অর্জন বৃদ্ধিতে সহায়ক হচ্ছে।

ইনস্টিটিউটের প্রত্যেক প্রশিক্ষকের শিল্প কারখানায় চাকুরির দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। তাঁদের অভিজ্ঞতা ও প্রশিক্ষণ প্রদান চর্চায় লব্ধ জ্ঞান কাজে লাগিয়ে দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানযেমন পাওয়ার প্লান্ট, সারকারখানা, গ্যাস ফিল্ড, পেপার মিল, সিমেন্ট কারখানা, চিনি শিল্প, জাহাজ নির্মাণ কারখানা ইত্যাদি ভারী শিল্পপ্রতিষ্ঠানে ব্যবহৃত হাই-টেক যন্ত্রপাতির ত্রুটি নির্ণয় ও মেরামত কাজ টিআইসিআই কর্তৃক করা হয়। বিশেষ এই কারিগরি সহায়তা সার্ভিসের ধরণ নিম্নরূপঃ

Rotating machine condition analysis & Dynamic mass balancing; Installation and In-situ repair & maintenance of control instruments and Electrical & electronic equipment; Quality testing; Industrial Pollution Control; Chemical cleaning of heat exchangers & boilers; Preparation of Industrial Standard Operating Procedure (SOP); Testing & Calibration of Instruments maintaining ISO/IEC 17025 standard.

এ সকল কারিগরি সহায়তা সার্ভিস পূর্বে বিদেশী বিশেষজ্ঞের মাধ্যমে নেয়া হতো/ বর্তমানে এ প্রতিষ্ঠান থেকে সেবা প্রদান করায় বৈদেশিক মুদ্রার সাশ্রয় হচ্ছে। টিআইসিআই এর সার্বিক এ কার্যক্রম শিল্প প্রতিষ্ঠানের তথা দেশের উৎপাদনশীলতা বৃদ্ধিতে ব্যাপক অবদান রাখতে সক্ষম হচ্ছে।

ইনস্টিটিউট দীর্ঘদিন চলার ফলে প্রশিক্ষণ যন্ত্রপাতি পুরাতন মডেলের হয়ে পড়েছিল ক্ষেত্রবিশেষে আংশিক/সম্পূর্ণ অকেজো হয়ে গিয়েছিল। বর্তমানে দেশে প্রশিক্ষণ ও কারিগরি সার্ভিসের ক্রমবর্ধমান চাহিদার কারণে ইনস্টিটিউটের আধুনিকায়ন ও ক্ষমতা বৃদ্ধিকরণ (বছরে ১৬০০ হতে ৩০০০ জন) আবশ্যক হয়ে পড়েছিল প্রেক্ষিতে প্রকল্পটি গ্রহণ করা হয়যেখানে নিম্নলিখিত প্রস্তাব করা হয়ঃ

১) দীর্ঘদিন পূর্বে স্থাপিত পুরাতন প্রশিক্ষণ যন্ত্রপাতির পাশাপাশি আধুনিক যন্ত্রপাতি স্থাপন ও অকেজো যন্ত্রপাতি প্রাতিস্থাপন।

২) প্রশিক্ষণ ল্যাব-শপ, ক্লাসরুম ও হোস্টেলের আয়তন বৃদ্ধির লক্ষ্যে একটি নতুণ ভবন নির্মাণ ও বিদ্যমান ভবন সম্প্রসারণ করণ।

৩) উন্নত বিশ্বের Knowledge Sharing এর মাধ্যমে প্রশিক্ষক ও ইনস্টিটিউট ব্যবস্থাপকদের দক্ষতা ও নৈপূণ্য বিকাশের লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা করণ।

৪) শিল্প ক্ষেত্রে উন্নত বিশ্বের হাই-টেক কারিগরি জ্ঞান দেশে সম্প্রসারণ ও তাল মিলিয়ে চলার লক্ষ্যে ইনস্টিটিউটের প্রচলিত কারিকুলামের উন্নয়ন সাধন।

৫) শিল্প ক্ষেত্রে দেশীয় প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে টিআইসিআইতে গবেষণা ও উন্নয়ন উইং-এর কাজ শুরুকরণ।

৬) জাতীয় পর্যায়ের বিভিন্ন উদ্দ্যোগ বাস্তবায়ন ত্বরান্বিত করণের উদ্দেশ্যে অত্র প্রতিষ্ঠানের কারিগরি সহায়তা সার্ভিস পুলের কার্যক্রম সমৃদ্ধ ও জোরদারকরণ।

২.৯ **প্রকল্পের উদ্দেশ্য :**

ক) বাংলাদেশে রসায়ন শিল্প কারখানাসহ অন্যান্য ভারী কারখানা সমূহের জন্য কারিগরি সেবা বৃদ্ধির লক্ষ্যে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ-এর আধুনিকায়ন ও ট্রেনিং ক্যাপাসিটি বৃদ্ধি করণের মাধ্যমে বাংলাদেশ সরকারের জাতীয় উন্নয়ন মূলক পদক্ষেপ সমূহকে বেগবান করা।

খ) জাতীয় আয় প্রবাহ বৃদ্ধি এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের রসায়ন শিল্প কারখানাও অন্যান্য ভারী কারখানা সমূহের কারিগরি জনবলের সক্ষমতা উন্নয়নে সহায়তা করা।

গ) দক্ষিণ কোরিয়ার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, উন্নয়নের অভিজ্ঞতা এবং ট্রেনিং মডেল বিষয়ে জ্ঞান ও দক্ষতা শেয়ার করণের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।

ঘ) টিআইসিআইএর কারিগরি সহায়তা সার্ভিস পুলের ফ্যাসিলিটি উন্নয়নের মাধ্যমে দেশের উচ্চপ্রযুক্তির শিল্প কারখানার মেরামত, রক্ষণাবেক্ষণ, ক্যালিব্রেশন, মান পরীক্ষণ, শিল্প দূষণ ব্যবস্থাপনা ইত্যাদি কাজে অধিকতর সহায়ক ভূমিকা পালন করা।

৯.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম**:

ক. একাডেমিক ভবন-৩ নির্মাণ;

খ. KOICAকর্তৃক প্রশিক্ষণ যন্ত্রপাতি সরবরাহ;

গ. কোরিয়ায় প্রশিক্ষণ কোর্স পরিচালনা;

ঘ. প্রশিক্ষণ কারিকুলাম উন্নয়ন;

ঙ. একটি মাইক্রোবাস ক্রয়;

চ. একাডেমিক ভবন-২ এর রিনোভেশন/রিমডেলিংকাজ;

ছ. ট্রেনিজ হোস্টেল ভবন রিনোভেশন কাজ;

জ. সার্ভিস যন্ত্রপাতি ক্রয়;

ঝ. ক্যাবল ক্রয়, ভূমি উন্নয়ন

ঞ. সেমিনার হল-কাম ক্লাসরুমের জন্য ফার্নিচার ক্রয়;

৯.৪ **প্রকল্পের অনুমোদন অবস্থা:**

বিবরণ	অনুমোদনের তারিখ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
মূল	০৩/১২/২০১৪	পরিকল্পনা কমিশন
১ম সংশোধন	৩০/০৬/২০১৮	পরিকল্পনা কমিশন

৯.৫ প্রকল্প ১ম সংশোধনের কারণ ও যৌক্তিকতা:

প্রকল্প ১ম সংশোধনের কারণ ও যৌক্তিকতা গুলো নিম্নে উল্লেখ করা হলোঃ

টিআইসিআই মূলত শিল্প কারখানার জন্য দক্ষ জনবল সৃষ্টি এবং কারখানায় কর্মরত কারিগরি জনবলের দক্ষতা উন্নয়নের উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ লক্ষ্যে বছরে ১-২ সপ্তাহ মেয়াদী ৫০টি আপ-গ্রেডেশন কোর্স, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য ৩-৪ সপ্তাহ মেয়াদী ২৫টি বিশেষ কোর্স এবং ২ সপ্তাহ মেয়াদী ২-৫টি টেইলর মেড কোর্সসহ মোট ৮০টি বিভিন্ন প্রশিক্ষণ কোর্স পরিচালনার মাধ্যমে ১৫০০-১৬০০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও ২৫০ জন শিক্ষানবিশ নিয়োগ ও তাদেরকে ৩ মাস মেয়াদী প্রাতিষ্ঠানিক এবং ৯ মাস কারখানায় বাস্তব প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়। এতে দেখা যায় মাসে গড়ে ২০০-২৫০ জন প্রশিক্ষণার্থী টিআইসিআই এ অবস্থান করে। প্রশিক্ষণার্থীর সংখ্যা অনুপাতে অপ্রতুল ল্যাব/শপ সুবিধাদি, হোস্টেলে অপর্যাপ্ত সিট সংখ্যা, বিশেষ করে অডিটরিয়াম হল ও ক্যান্টিন সমস্যা খুবই প্রকট যা সমাধানের জন্য ১ম সংশোধনীতে অর্থ বরাদ্দ রাখা হয়।

ক) প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ছাড়াও টিআইসিআই প্রশিক্ষকদের স্বীয় অভিজ্ঞতা ও প্রশিক্ষণ লব্ধ জ্ঞানকে কাজে লাগানোর উদ্দেশ্যে শিল্প কারখানার চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন ধরণের টেকনিক্যাল এ্যাসিট্যান্স সার্ভিস প্রদান করা হয়ে থাকে। এসব কারিগরি সহায়তা সার্ভিস প্রদানে হাই-টেক, দুষ্প্রাপ্য ও মূল্যবান সার্ভিস যন্ত্রপাতির প্রয়োজন হয়। জিওবি অর্থে ৫টি লটে কিছু সার্ভিস যন্ত্রপাতি ক্রয় করা হয়। দেশে বিভিন্ন কারখানার চাহিদা মোতাবেক টেকনিক্যাল সার্ভিস দেয়ার জন্য আরও কিছু সার্ভিস যন্ত্রপাতি ক্রয় করা অত্যাবশ্যক হয়ে পড়ে। এখাতে অতিরিক্ত ১৩০.৫০ লক্ষ টাকা আরটিএপিপিতে সংস্থান

রাখা হয়েছিল।

খ) টিআইসিআই এর সেমিনার হল-কাম ক্লাসরুমের পার্টেক্স নির্মিত টেবিল ও চেয়ারের হাতল, সিট কভার দীর্ঘ ২৭ বছর ব্যবহারের ফলে নষ্ট হয়ে যাওয়ায় এবং অডিও ভিজ্যুয়াল সিস্টেম/টিচিং এইড এর ব্যবস্থা করা প্রয়োজন হওয়ায় সংশোধিত টিএপিপিতে ২০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

গ) KOICA কর্তৃক নির্মিত একাডেমিক ভবন-৩ এর সাইট Preparation এর অংশ হিসাবে উক্ত নির্মান সাইট হতে ৪টি ভূগর্ভস্থ হাই-টেনশন বৈদ্যুতিক ক্যাবল অপসারণ করার প্রয়োজন হয়। একাডেমিক ভবন-২ ও ৩ এর মাঝে অবস্থিত পুকুর সংস্কার, টিআইসিআই ক্যাম্পাস এর চারদিকে সৌন্দর্য্য বৃদ্ধির জন্য ফেন্সি ওয়াল তৈরি ও ফুল গাছ লাগানো ও ভূমি উন্নয়ন কাজের জন্য অর্থ বরাদ্দের প্রয়োজন থাকায় আরটিএপিপিতে ৯.২৪ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

ঘ) প্রকল্প বাস্তবায়নে সৃষ্ট সুবিধাদি বিষয়ে টিআইসিআই স্টেক হোল্ডারদেরকে অবগত করানো ও সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে KOICA বাংলাদেশ অফিসের কান্ট্রি ডাইরেক্টর কর্তৃক প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনের জন্য টিআইসিআইকে অনুরোধ করা হলে (যা KOICA'র সাথে স্বাক্ষরিত ToR-এ উল্লেখ আছে) টিপিপিতে এতদবিষয়ে খাত থাকলেও বরাদ্দ পর্যাপ্ত ছিল না বিধায় বরাদ্দ বৃদ্ধি করে আরটিএপিপিতে ১০.০০ লক্ষ টাকা সংস্থান রাখা হয়।

ঙ) KOICA সরবরাহতব্য প্রশিক্ষণ যন্ত্রপাতি বন্দর হতে খালাসের লক্ষ্যে মূল টিপিপিতে ৩০০.০০ লক্ষ টাকা CD-VAT ধরা ছিল। KOICAকর্তৃক সরবরাহকৃত মূল্য তালিকা অনুযায়ী চট্রগ্রাম কাস্টমস হতে একটি প্রভিশনাল CD-VAT নির্ণয় করানো হয় যাতে ৪০০.০৪ লক্ষ টাকা দেখানো হয়েছিল বিধায় আরটিএপিপিতে ৪০০.০০ লক্ষ টাকা সংস্থান রাখা হয়।

৯.৬ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি-না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
১	মোঃ ছলিমুশ্বান নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক	--	অতিরিক্ত দায়িত্ব	না	**১৯.০১.২০১৫**	**১৭.০৯.২০১৫**
২	মোঃ ছামছুল হক সরদার নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক	--	অতিরিক্ত দায়িত্ব	না	**২১.১০.২০১৫**	**১৭.০৯.২০১৬**
৩	অমল কান্তি বড়ুয়া নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক	--	অতিরিক্ত দায়িত্ব	না	**০৬.০১.২০১৭**	**০৭.০১.২০১৯**
৪	মোঃ হামিদুল হক নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক	--	অতিরিক্ত দায়িত্ব	না	**০৩.০৩.২০১৯**	**৩০.০৬.২০১৯**

৯.৯ বছরভিত্তিক বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল টিপিপিঃ মোট জিওবি (KOICA)	আরটিএপিপি মোট জিওবি (KOICA)	অবমুক্তঃ মোট জিওবি (KOICA)	প্রকৃত ব্যয়ঃ মোট জিওবি (KOICA)	সমর্পনকৃত অর্থের পরিমাণ
২০১৪-১৫	৯৪৭.১৮ ৩৭৭.১৮ (৫৭০.০০)	৬১৯.৫০ ৪৯.৫০ (৫৭০.০০)	৬২৫.০০ ৫৫.০০ (৫৭০.০০)	৬১৯.৫০ ৪৯.৫৪ (৫৭০.০০)	৫.৪৬ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়।
২০১৫-১৬	১৯৭৫.৮৬ ৪৫৫.৮৬ (১৫২০.০০)	১৮৭৭.২৭ ২৪২.২৭ (১৬৩৫.০০)	১৮৭৭.২৭ ২৪২.২৭ (১৬৩৫.০০)	১৮৭৭.২৭ ২৪২.২৭ (১৬৩৫.০০)	
২০১৬-১৭	২০৩৪.৭৬ ১৫৪.৭৬ (১৮৮০.০০)	২২৪৫.৪৩ ৪৮০.৪৩ (১৭৬৫.০০)	২২৪৫.৪৩ ৪৮০.৪৩ (১৭৬৫.০০)	২২৪৫.৪৩ ৪৮০.৪৩ (১৭৬৫.০০)	
২০১৭-১৮	৫৮.৭০ ২৮.৭০ (৩০.০০)	৯৯.০০ ৬৯.০০ (৩০.০০)	৯৯.০০ ৬৯.০০ (৩০.০০)	৯৯.০০ ৬৯.০০ (৩০.০০)	
২০১৮-১৯	--	৪১৫.০৮ ৪১৫.০৮ (০.০০)	২৫৩.৩৩ ২৬৩.৮০ (০.০০)	২৫১.৭৯ ২৫১.৭৯ (০.০০)	১০.৪৭লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়।
মোট=	৫০১৬.৫০ ১০১৬.৫০ (৪০০০.০০)	৫২৫৬.২৮ ১২৫৬.২৮ (৪০০০.০০)	৫১১০.৫০ ১১১০.৫০ (৪০০০.০০)	৫০৯৩.০৩ ১০৯৩.০৩ (৪০০০.০০)	পিসিআর এ সর্বমোট আর্থিক অগ্রগতি ৫০৯৩.০৩লক্ষ টাকার স্থলে ৫১০৫.০৪ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে। বর্তমানে টিআইসিআই হিসাবে ১.৫৪লক্ষ টাকা জমা আছে যা সমর্পণ যোগ্য কিন্তু সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।

তথ্য সূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

৯.১০ **প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়নঃ** মোট প্যাকেজ সংখ্যা ০৯ টি তন্মধ্যে পণ্য প্যাকেজ ০৪ টি, পূর্ত প্যাকেজ ০৪ টি এবং সেবা প্যাকেজ ০১ টি।

৯.১০.১ পণ্য প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদিঃ

প্যাকেজ নং	বিবরন	একক সংখ্যা	আরটিএপিপি অনুযায়ী		বাস্তবেকাজ সমাপ্তির তারিখ				মতামত/পর্যবেক্ষণ
			দরপত্র আহবানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহবানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
জিডি-১	ট্রেনিং ইন্সট্রুমেন্ট/ইকুইপমেন্ট(KOICA)	০১(এক) লট	--	--	--	--	--	আগস্ট, ২০১৮	KOICAনিয়োজিত প্রজেক্ট ম্যানেজমেন্ট কনসালট্যান্ট (PMC) কর্তৃক যন্ত্রপাতি নির্বাচন, দরপত্র আহবান, বিভিন্ন দেশ হতে কয়েকটি কনসাইনমেন্টে সংগ্রহ, সরবরাহ, ইন্সটলেশন-কমিশনিং ও প্রশিক্ষণ সম্পাদিত হয়।
জিডি-২	সার্ভিস ইন্সট্রুমেন্টস (এসিএস)	০১(এক) লট	OTM ২৯-০৭-১৫	৬৫.০০ ২২-১১-২০১৫	OTM ২৯-০৭-২০১৫	২২-১১-২০১৫ ৫৯.৯১	২৮-০২-২০১৬	২৮-০২-২০১৬	পিপিআর অনুযায়ী সম্পাদিত।
জিডি-২	সার্ভিস ইন্সট্রুমেন্টস (ওপিটিডি)	০১(এক) লট	OTM ৯-০৩-২০১৬	৫৫.০০ ১১-০৫-২০১৬	OTM ০৩-০১-২০১৬	১১-০৫-২০১৬ ৪৪.৯০	১৫-১২-২০১৬	১৫-১২-২০১৬	
জিডি-২	সার্ভিস ইন্সট্রুমেন্টস(এমইডি)	০১(এক) লট	OTM ২৩-০১-২০১৬	৪৭.০০ ০৮-০৫-২০১৬	OTM ২৩-০১-২০১৬	০৮-০৫-২০১৬ ৪৪.৭০	২৬-১১-২০১৬	২৬-১১-২০১৬	

জিডি-২	সার্ভিস ইন্সট্রুমেন্টস(ইইই)	০১(এক) লট	OTM ০৮-০৮-২০১৬	৫০.০০ ২৯-০৬-২০১৬	OTM ১৯-০১-২০১৬	২৯-০৬-২০১৬ ২৭.৪২	২৯-০৯-২০১৬	২৯-০৯-২০১৬	১ম দফা দর পত্র আহবানপূর্বক কাজ সম্পাদন করা হয়।
					OTM ০৮-০৭-২০১৬	২২-০১-২০১৭ ১৩.০৬	০৮-০৩-২০১৭	০৮-০৩-২০১৭	২য় দফা দর পত্র আহবানপূর্বক কাজ সম্পাদন করা হয়।
জিডি-২	সার্ভিস ইন্সট্রুমেন্টস (আইসিইডি)	০১(এক) লট	OTM ২১-০২-২০১৭	৫২.০০ ১৯-০৬-২০১৭	OTM ২১-০২-২০১৭	১৯-০৬-২০১৭ ২৫.৭৬	১৬-১০-২০১৭	১৬-১০-২০১৭	পিপিআর অনুযায়ী সম্পাদিত।
জিডি-৩	মাইক্রোবাস	০১(এক) টি	OTM ০১-০৪-২০১৫	৪৪.০০ ০২-০৬-২০১৫	OTM ০১-০৪-২০১৫	০২-০৬-২০১৫ ৪০.২৩	১৭-০৬-২০১৫	১৭-০৬-২০১৫	ক্রয়মূল্য ৩৮.৩৮, বিজ্ঞাপন০.৬৪ ও বীমা ১.২১
জিডি-৪	সার্ভিস ইন্সট্রুমেন্টস	০১(এক) টি	OTM মে-২০১৮	১৮০.০০ জুলাই-২০১৮	OTM ১৫-০৫-২০১৮	১৬-০৮-২০১৮ ৩৩.৮৯	১৮-১২-২০১৮	১৮-১২-২০১৮	ইইইডি আইটেম
					OTM ০৫-০৯-২০১৮	০৫-০৯-২০১৮ ২৭.২০	০১-০১-২০১৯	০১-০১-২০১৯	এমইডি আইটেম
					OTM ১৯-০৫-২০১৮	১৩-০৮-২০১৮ ৪৩.৯৭	০৯-১২-২০১৮	০৯-১২-২০১৮	এসিইএসডি আইটেম
					OTM ২৯-০৫-২০১৮	১৩-০৮-২০১৮ ৬.৪৮	২০-১১-২০১৮	২০-১১-২০১৮	আইসিইডি আইটেম
					OTM ১৮-০৯-২০১৮	১৮-১১-২০১৮ ২.৩৪	১৩-০৩-২০১৯	১৩-০৩-২০১৯	আইসিইডি আইটেম
					OTM ২৫-০৫-২০১৮	০৫-০৯-২০১৮ ১৯.৫০	৩১-১২-২০১৮	৩১-১২-২০১৮	ওপিটিডি আইটেম

৯.১০.২ পূর্ত প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদিঃ-

প্যাকেজ নং	বিবরণ	একক সংখ্যা	আরটিএপিপি অনুযায়ী		বাস্তবে কাজ সমাপ্তির তারিখ				পর্যবেক্ষন/মন্তব্য
			দরপত্র আহবানের পদ্ধতি ও খোলার তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)ও চুক্তির	দরপত্র আহবানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	চুক্তি অনুযায়ী	প্রকৃত	

				তারিখ					
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
WD	একাডেমিক বিল্ডিং-৩	লট	--	৮০০.০০ জানুয়ারী ২০১৬	OTM	-- ৮০০.০০	৩০-০৫-২০১৮	৩০-০৫-২০১৮	KOICA কর্তৃক টেন্ডার আহবান, চুক্তি ও নির্মাণ কাজ সম্পাদিত হয়
WD	একাডেমিক ভবন -২ রিনোভেশন	লট	OTM ১৩-০৬-২০১৬	১৪২.০০ ২৮-০৭-২০১৬	OTM ১৮-০৫-২০১৬	২৮-০৭-২০১৬ ১৩৫.০৪	১৫-০৫-২০১৮	১৫-০৫-২০১৮	১২৭.৭২ লক্ষ টাকা পরিশোধ করা হয়
WD	ট্রেনীজ হোস্টেল রিনোভেশন	লট	OTM ২৪-০১-২০১৬	৫৯.০৪ ০১-০২-২০১৬	OTM ০৩-১১-২০১৫	২৪-১১-২০১৫ ৪৯.৩১	২৮-০৭-২০১৬	২৮-০৭-২০১৬	৪৭.৮৫ লক্ষ টাকা পরিশোধ করা হয়
					LTM ২৩-০৯-২০১৮	২১-১০-২০১৮ ৯.৪৪	৩১-১০-২০১৮	৩১-১০-২০১৮	ল্যাবের পুরাতন টেবিল মেরামত, দক্ষিণ সীমানা দেয়ালের পাশে গার্ডেন ওয়াল সংরক্ষণকল্পে টাইলস স্থাপন, গার্ডেন লাইটের ব্যবস্থা করা, বাউন্ডারী ওয়ালে ওয়েদার কোটসহ পূর্ত ও বৈদ্যুতিক মেরামত কাজে ৯.৪৪ লক্ষ টাকা পরিশোধ করা হয়
					LTM ১২-০৮-২০১৮	১৪-১১-২০১৮ ৩.৯৭	২৪-১১-২০১৮	২৪-১১-২০১৮	টিআইসিআই ক্যাম্পাসের বিভিন্ন ভবন, মহিলা হোস্টেল ও আবাসিক ভবনের বাহিরের দেয়াল ওয়েদার কোর্ট, ভিতরের দেয়াল ডিসটেম্পার, জানালার গ্রীল এনামেইল পেইন্ট

									করার কাজে ৩.৯৭ লক্ষ টাকা পরিশোধ করা হয়
					LTM ২৪-০৭-২০১৮	১৬-০৮-২০১৮ ২.৯৮	৩০-০৮-২০১৮	৩০-০৮-২০১৮	ক্যাম্পাসের হেলে পড়া সীমানা দেয়াল পুনঃনির্মাণ কাজে ২.৯৫ লক্ষ টাকা পরিশোধ করা হয়
					RFQ ২২-১২-২০১৮	০১-০১-২০১৯ ০.৩৭	৩০-০৬-২০১৯	৩০-০৬-২০১৯	কেন্টিন ভবন এবং সভাকক্ষ-১ এর দরজা ও গ্লাস পার্টিশন থাই-এলুমিনিয়াম দ্বারা পরিবর্তন কাজে ০.৩৭ লক্ষ টাকা পরিশোধ করা হয়
					RFQ ১৮-০২-২০১৯	০৬-০৩-২০১৯ ০.২৪	২৫-০৩-২০১৯	২৫-০৩-২০১৯	টিআইসিআই ক্যাম্পাসের সেফটি ল্যাব, ক্যান্টিন বয়দের থাকার রুম পেইন্টিং এবং নোটিশ বোর্ড মেরামত কাজে ০.২৪ লক্ষ টাকা পরিশোধ করা হয়
					LTM ১২-০৮-২০১৮	১২-০৯-২০১৮ ৩.১৬	২৫-০৯-২০১৮	২৫-০৯-২০১৮	মহিলা হোস্টেলের বিভিন্ন রূমের খসে পড়া প্লাস্টার, দরজা, জানালা মেরামত এবং রং ও ডিসটেম্পার করাসহ রক্ষনাবেক্ষণ কাজে৩.১৬লক্ষ টাকা পরিশোধ করা হয়
					DPM ২৯-০৭-২০১৮	৩০-০৭-২০১৮ ৫.৮০	০২-০৮-২০১৮	০২-০৮-২০১৮	টিআইসিআই ক্যাম্পাসের বিভিন্ন ভবন, মহিলা হোস্টেল ও আবাসিক ভবনের বাহিরের দেয়াল ওয়েদার কোট

									ভিতরের দেয়াল, ডিসটেম্পার, জানালার গ্রীল এনামেইল পেইন্ট ক্রয় বাবদ মোট ৫.৮০লক্ষ টাকা পরিশোধ করা হয়
					LTM ২৫-০২-২০১৫	০৭-০৪-২০১৫ ১.২০ ০৭-০৪-২০১৫ ২.৬৮	০২-০৫-২০১৫ ২৮-০৪-২০১৫	০২-০৫-২০১৫ ২৮-০৪-২০১৫	প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে এসিসহ একটি অফিস কক্ষ প্রস্তুতকরণে৩.৮৮লক্ষ টাকা পরিশোধ করা হয়
WD	রিনোভেশন একাডেমিক বিল্ডিং এবং ল্যাব/ শপ	লট	RFQ জুলাই ২০১৮	২০.৪৬ --	OTM ০৪-১০-২০১৮	২৪-১১-২০১৮ ১৯.৯৭	২২-০১-২০১৯	২২-০১-২০১৯	১৯.৯৭ লক্ষ টাকা পরিশোধ করা হয়

আরটিএপিপিতে জিওবি খাতে রিনোভেশন কাজেবরাদ্দকৃত ২২৫.৫০ লক্ষ টাকার মধ্যে ২২৫.৩৫ লক্ষ টাকা ব্যয় করা হয়। কিন্তু ২২৫.৫০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও পূর্তকাজের ৩টি প্যাকেজে ২২১.৫০ লক্ষ টাকা ব্যয়ের সুযোগ আছে। OTM পদ্ধতিতে একাডেমিক ভবন-২,ট্রেনীজ হোস্টেল, একাডেমিক ভবন রিনোভেশন এবং ল্যাব/শপ স্থাপন কাজে ১৯৫.৫৪ লক্ষ টাকা ব্যয় করা হয়। এছাড়াও LTM/RFQ পদ্ধতিতে মহিলা হোস্টেল সংস্কার, অন্যান্য পুরাতন ভবন সংস্কার, রাস্তা, বাউন্ডারি ওয়াল মেরামত, ফার্নিচার মেরামত ইত্যাদি কাজসমূহ২৯.৮১লক্ষ টাকায় সম্পাদন করা হয় এবং অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে সংস্থা প্রধান/মন্ত্রণালয় হতে কোন অনুমোদন নেয়া হয়নি এবং মেরামতের অনুমোদিত কোন কর্ম পরিকল্পনা নেই। বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত ২৯.৮১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

৯.১০.৩সেবা প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদিঃ-

প্যাকেজ নং	বিবরণ	একক সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে কাজ সমাপ্তির তারিখ				মতামত/পর্যবেক্ষণ
			দরপত্র আহবানের পদ্ধতি ও খোলার তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহবানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
SD1	বিশেষজ্ঞ	৪৫	--	--	--	৮৮০.০০	--	আগস্ট	KOICA নিয়োজিত

	প্রেরণ (Expatriate Consultancy KOICA)	MM						২০১৮	প্রজেক্ট ম্যানেজমেন্ট কনসালট্যান্ট (PMC) কর্তৃক কারিকুলাম প্রণয়ন বিশেষজ্ঞ, ট্রেনিং নিড এ্যানালাইসিস বিশেষজ্ঞ, প্র্যাক্টিস গাইড বুক প্রস্তুতকরণ ও যন্ত্রপাতি ইন্সটলেশন-কমিশনিং বিশেষজ্ঞ সিডিউল মোতাবেক নিয়োগপূর্বক যথাযথভাবে কাজ সম্পাদন করা হয়।

১০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
১. বাংলাদেশে রসায়ন শিল্প কারখানাসমূহের জন্য কারিগরী সেবা বাড়ানোর লক্ষ্যে ট্রেনিং ইন্সটিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ-এর আধুনিকায়ন ও ট্রেনিং ক্যাপাসিটি বৃদ্ধি করণের মাধ্যমে বাংলাদেশ সরকারের জাতীয় উন্নয়ন মূলক পদক্ষেপ সমূহকে বেগবান করা।	১২ টি নতুন ল্যাব অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সজ্জিত করা হয় ও ০১টি ক্লাস রুম নতুন করে প্রস্তুত করা হয়। ০৬টি পুরাতন ল্যাব যন্ত্রপাতি দ্বারা আধুনিকায়ন করা হয়। হোস্টেলে আসন সংখ্যা বৃদ্ধি করে ১০০ করা হয়।
২. জাতীয় আয় প্রবাহ বৃদ্ধি এবং টেকসই অর্থনৈতিক উন্নয়ন-এর উদ্দেশ্যে বাংলাদেশের রসায়ন শিল্প কারখানা সমূহের কারিগরি জনবলের সক্ষমতা উন্নয়নে সহায়তা করা।	টিআইসিআই এর ২০ জন কারিগরি প্রশিক্ষক দক্ষিণ কোরিয়ায় Computerized chemical process operation, Quality testing of materials, industrial safety and mechanical, electrical & instrument maintenance of industrial equipment ইত্যাদি বিষয়ে Korean National Competencies of Skill (NCS)এর আওতায় ToT প্রশিক্ষণ গ্রহণ করে।
৩. কোরিয়ার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, উন্নয়নের অভিজ্ঞতা এবং ট্রেনিং মডেল বিষয়ে জ্ঞান ও দক্ষতা শেয়ার করণের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।	KOICA Technical Expert (Professors of KoreaTech University) টিআইসিআই-এর প্রশিক্ষকদের যুক্ত করে এবং বুয়েটের শিক্ষকের মাধ্যমে ভেটিং করিয়ে ১০টি Practice Guide Books (PGBs) প্রস্তুত করে টিআইসিআইকে সরবরাহ করে।
৪.টিআইসিআই-এর কারিগরি সহায়তা সার্ভিস পুলের ফ্যাসিলিটি উন্নয়নের মাধ্যমে দেশের উচ্চ প্রযুক্তির শিল্পকারখানার মেরামত, রক্ষণাবেক্ষণ, ক্যালিব্রেশন, মান পরীক্ষণ, শিল্প দুষণ ব্যবস্থাপনা ইত্যাদি কাজে অধিকতর সহায়ক ভূমিকা পালন করা।	জিওবি ফান্ডের মাধ্যমে ৫৪টি সার্ভিস যন্ত্রপাতি সংযোজন করা হয়েছে যা বাংলাদেশে বিভিন্ন শিল্প কারখানার যান্ত্রিক ত্রুটি সমাধান, ইকুইপমেন্ট ও মেশিনারি মেরামত, ক্যালিব্রেশন, টেস্টিং এবং দূষণ মনিটরিং কাজে ব্যবহৃত হচ্ছে।

১১. প্রকল্পের সার্বিক পর্যবেক্ষণঃ

'Modernization and Strengthening of Training Institute for Chemical Industries in Bangladesh (Revised)' শীর্ষক প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম গত ০১ এপ্রিল ২০২১ তারিখ বৃহস্পতিবার পলাশ, নরসিংদী সরেজমিন পরিদর্শন করা হয় এবং পরিদর্শনকালে টিআইসিআই এর নিম্নলিখিত কর্মকর্তাগণের সাথে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়ঃ

ক. জনাব সমীর বিশ্বাস, নির্বাহী পরিচালক, টিআইসিআই ।
খ. জনাব প্রকৌশলী জসিম উদ্দিন আহমেদ খাঁন, প্রশিক্ষণ পরিচালক, টিআইসিআই।
গ. জনাব মোহাম্মদ জাহেদ হোসেন আনসারী, উপ-প্রধান রসায়নবিদ ও সদস্য সচিব, মডার্নাইজেশন প্রকল্প, টিআইসিআই।
ঘ. জনাব মোঃ সাইফুল আরিফ খান, ব্যবস্থাপক (বাণিজ্যিক) ও বিভাগীয় প্রধান, ক্রয় ও ভান্ডার বিভাগ, টিআইসিআই।
ঙ. জনাব মোঃ আব্দুল কাইয়ূম, উপ-প্রধান প্রকৌশলী (স্থাপত্য) ও বিভাগীয় প্রধান, টেকনিক্যাল সার্ভিস ও মেইনটিন্যান্স বিভাগ, টিআইসিআই।
চ. জনাব মুহাম্মদ আনওয়ারুর রশীদ, ব্যবস্থাপক (প্রশাসন) ও বিভাগীয় প্রধান, প্রশাসন বিভাগ, টিআইসিআই।
ছ. জনাব শরিফুল ইসলাম, সহকারী প্রধান হিসাব রক্ষক ও বিভাগীয় প্রধান, হিসাব ও অর্থ বিভাগ

সভায় প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত দালিলিক প্রমাণাদি পর্যালোচনা করা হয়। সরেজমিনে একাডেমিক ভবন-৩, একাডেমিক ভবন-২, ট্রেনিজ হোস্টেল, ট্রেনিং ইকুইপমেন্ট, সার্ভিস ইন্সট্রুমেন্ট ইত্যাদি পরিদর্শন ও দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষণ নিম্নরূপঃ

প্রকল্পটি শিল্প মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি) এর অধীনে একমাত্র শিল্প ও কারিগরি বিষয়ক প্রশিক্ষণ প্রতিষ্ঠান। যুগের চাহিদা, শিল্প ক্ষেত্রে দক্ষ জনশক্তি তৈরি ও টিআইসিআইকে আধুনিকীকরণের উদ্দেশ্যে গত জুলাই, ২০১৪ হতে প্রকল্পটির বাস্তবায়ন কাজ শুরু হয় এবং গত জুন, ২০১৯ (০৫বছর মেয়াদে) এ বাস্তবায়ন কাজ শেষ হয়। প্রকল্পটি দক্ষিণ কোরিয়া সরকারের আর্থিক ও কারিগরি সহায়তায় (বৈদেশিক সাহায্য ৪০.০০ কোটি টাকা এবং জিওবি ১২.৫৬ কোটি টাকা; মোট ৫২.৫৬ কোটি টাকা) বাস্তবায়িত হয়।

প্রকল্পের আওতায় টিআইসিআই এর প্রশিক্ষকদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রকল্পের শিল্প প্রযুক্তি বিষয়ে ৬ (ছয়) সপ্তাহ মেয়াদে KOICA অর্থায়নে দক্ষিণ কোরিয়ায় ২০ (বিশ) জন প্রশিক্ষকের প্রশিক্ষণ, একটি ১০০০ (এক হাজার) বর্গমিটারের দুই তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ ও ট্রেনিং ইকুপমেন্ট সরবরাহ এবং জিওবি ফান্ডে একটি মাইক্রোবাস ক্রয়, ট্রেনিজ হোস্টেলের ৩য় তলা রিনোভেশন/রিমোডেলিং, একাডেমিক ভবন-২ এর চতুর্থ তলা রিনোভেশন/রিমোডেলিং, ভুমি উন্নয়ন এবং সার্ভিস ইন্সট্রুমেন্ট ক্রয়, সেমিনার কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় ইত্যাদি কাজ সম্পাদন করা হয়। উল্লেখ্য যে, KOICA অর্থায়নে প্রাপ্ত প্রশিক্ষণ যন্ত্রপাতি একাডেমিক ভবন-৩ সহ একাডেমিক ভবন-১ ও একাডেমিক ভবন-২ এ সজ্জিত করা হয়।
ট্রেনিজ হোস্টেল রিনোভেশনের মাধ্যমে তৃতীয় তলায় ০৮টি(আট) রুম তৈরী করা হয়েছিল। দুই বছর রুমগুলো প্রশিক্ষণার্থীদের দ্বারা ব্যবহৃত হওয়ার পর ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের (জিপিইউএফপি) সীমার মধ্যে ট্রেনিজ হোস্টেল ভবনটি পড়ায় তা ছেড়ে দিতে হয়েছে এবং পরবর্তিতে জিপিইউএফপি কর্তৃপক্ষ কর্তৃক ভেঙ্গে ফেলা হয়। উক্ত ট্রেনিজ হোস্টেল এর পরিবর্তে ঘোড়াশাল ইউরিয়া সার কারখানার ০৩ (তিন)টি ডি-টাইপ ভবন সাময়িকভাবে পাওয়া যায় বর্তমানে সেখানে নিয়মিত ট্রেনিজ হোস্টেল হিসাবে প্রশিক্ষণার্থীরা অবস্থান করে বলে জানা যায়।

প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিসিআইসিসহ দেশের বিভিন্ন শিল্প কারখানার জন্য দক্ষ জনশক্তি তৈরি, শিল্প প্রযুক্তি সম্পর্কিত বাস্তবধর্মী শিল্প প্রশিক্ষণ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদেরকে শিল্প প্রশিক্ষণ এবং জাতীয় ও বহুজাতিক কোম্পানীর কারখানাসমূহের চাহিদার পরিপ্রেক্ষিতে দক্ষ প্রশিক্ষণ পরিচালনা এবং কারিগরি সহায়তা প্রদান সম্ভব হয়েছে।

পরিদর্শনকালে টিআইসিআই এ প্রশিক্ষণরত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের চতুর্থ বর্ষের ছাত্রছাত্রীদের সাথে মৌখিক আলোচনাকালে ছাত্রছাত্রীরা জানান যে, 'প্রশিক্ষণে ব্যবহৃত প্রকল্প হতে প্রাপ্ত যন্ত্রপাতি অত্যন্ত আধুনিক মানের, বিশ্ববিদ্যালয়ে এ জাতীয় যন্ত্র সম্পর্কে তারা শুধু ত্বাত্তিক জ্ঞান অর্জন করেছে, কিন্তু বাস্তব কোন জ্ঞান ছিল না, এখানে এসে তারা এ সম্পর্কে বাস্তব জ্ঞান অর্জন করেছে, কর্মক্ষেত্রে এই আধুনিক যন্ত্রের জ্ঞান দক্ষতার সাথে কাজে লাগাতে পারবে। এছাড়া কেমিস্ট্রি এর বেশ কিছু বিষয়ে Practical ও Demonstration ক্লাসের মাধ্যমে স্বচ্ছ ধারণা পেয়েছে।

১১.১ **প্রকল্পের উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ:** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১১.২ **গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পাদিত কার্যক্রম:** প্রযোজ্য নয়।

১১.৩ **প্রকল্প কর্তৃপক্ষ/প্রকল্প পরিচালক কর্তৃক সম্পাদিত কার্যক্রম:** প্রকল্পের উন্নয়ন সহযোগিতা সংস্থা KOICA, Koreaকে প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে একাডেমিক ভবন-৩ নির্মাণ কাজে KOICA কর্তৃক নিযুক্ত Construction Manager কে সহযোগিতা প্রদান, প্রশিক্ষকদেরকে প্রশিক্ষণের উদ্দেশ্যে কোরিয়ায় প্রেরণের ব্যবস্থাপনা, প্রশিক্ষণ যন্ত্রপাতি ব্যবহার করে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের উদ্দেশ্যে KOICA Expert কর্তৃক Practice Guide Book(PGB) প্রণয়নে সহযোগিতা প্রদান, টিআইসিআই এর বিভিন্ন বিভাগ হতে প্রশিক্ষণ যন্ত্রপাতির তালিকা সংগ্রহ করে তা KOICA Expert-কে সরবরাহ করা, প্রশিক্ষণ যন্ত্রপাতির CD-Vat প্রদান ইত্যাদি কাজ প্রকল্প পরিচালক কর্তৃক সম্পাদিত হয়েছে।

জিওবি ফান্ড হতে একটি মাইক্রোবাস ক্রয়, ট্রেনিজ হোস্টেলের ৩য় তলা রিনোভেশন/রিমোডেলিং, একাডেমিক ভবন-২ এর চতুর্থ তলা রিনোভেশন/রিমোডেলিং, ভুমি উন্নয়ন, সার্ভিস ইন্সট্রুমেন্ট ক্রয়, সেমিনার কক্ষের জন্য নতুন আসবাবপত্র ক্রয় ইত্যাদি কাজ সম্পাদিত হয়। পরিদর্শনকালে উল্লিখিত ভবন, যন্ত্রপাতি, আসবাবপত্র ও কার্যক্রমসমূহ প্রত্যক্ষ করা হয়।

এছাড়া মাননীয় শিল্প মন্ত্রী কর্তৃক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান ও উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন এবং স্টেকহোল্ডারদের মাঝে টিআইসিআই এ প্রকল্প কর্তৃক বাস্তবায়িত সুবিধাদি অবহিত করার উদ্দেশ্যে একটি ফাইভ স্টার হোটেলে (লেকশোর হোটেল, গুলশান) অনুষ্ঠান আয়োজন প্রকল্প পরিচালক কর্তৃক সম্পাদিত হয়।

১১.৪ **হস্তান্তর কমিটি ও গ্রহণ কমিটির প্রতিবেদন পর্যালোচনা:**

প্রকল্পের আওতায় KOICA কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণ যন্ত্রপাতি KOICA কর্তৃক নিযুক্ত Expert-এর উপস্থিতিতে টিআইসিআই এর প্রতিটি প্রশিক্ষণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বুঝে নেন। এ সময় প্রত্যেকটি যন্ত্রের Installation, Commissioning এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষকদের Training দেয়া হয়।

KOICA কর্তৃক নির্মিত একাডেমিক-৩ KOICA নিযুক্ত Construction Manager হতে টিআইসআই-এর টেকনিক্যাল সার্ভিস ও মেইনটেনেন্স বিভাগ (টিএসএমডি) বুঝে নেন। আরটিএপিপি অনুযায়ী যথাযথ রয়েছে বলে প্রতীয়মান হয়।

১১.৫ **প্রত্যাশিত সংস্থার মতামত গ্রহণ:**

টিআইসিআই এর নির্বাহী পরিচালক জানান যে, প্রকল্প কাজ সঠিক বাস্তবায়নের ফলে প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা সার্ভিসের পরিমান বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিল্প সংশ্লিষ্ট বিভাগগুলির শিল্প প্রশিক্ষণের চাহিদা পূর্বের

তুলনায় অনেকগুণ বৃদ্ধি পেয়েছে। ক্ষেত্রবিশেষে কিছু গবেষণা কার্যক্রমও শুরু করা হয়েছে। পরিচালক(প্রশিক্ষণ) বলেন যে, প্রশিক্ষণ ও আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি পাওয়ায় শিক্ষকদের প্রশিক্ষণের মান ব্যাপক বৃদ্ধি পেয়েছে। টিআইসিআই এর মাধ্যমে দেশে বিভিন্ন কারখানায় বিশেষ প্রকৃতির শিল্প সহায়তা সার্ভিস প্রদান করা সম্ভব হচ্ছে।

১১.৭ **স্টক এন্ট্রি ও টিওএন্ডই ভুক্তকরণ:** KOICA কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণ যন্ত্রপাতিসমূহ স্টক এন্ট্রিভূক্ত করা হলেও টিওএন্ডই ভূক্তকরণ করা হয়নি।

১১.৮ **অডিট আপত্তি:**

ক) ২০১৫-১৬ অর্থ বছরে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তর কর্তৃক মোট ০৬ (ছয়)টি নিরীক্ষা আপত্তি উত্থাপিত হয় যাতে জড়িত অর্থের পরিমান ২৩,০৭,৬১৫.০০ টাকা।

খ) ২০১৬-১৭ অর্থ বছরে মোট ৫(পাঁচ) টি নিরীক্ষা আপত্তি আপত্তি উত্থাপিত হয় যাতে জড়িত অর্থের পরিমান ২৩,২৫,৮৭,৮৪৩/- টাকা। প্রমানক পর্যালোচনা করে দেখা গেছে যে, বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তর কর্তৃক গত ১৮.০৩.২০২০খ্রিঃ তারিখে ০১(এক)টি আপত্তি নিস্পত্তি করা হয়েছে।

গ) ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৪(চার) টি নিরীক্ষা আপত্তি আপত্তি উত্থাপিত হয় যাতে জড়িত অর্থের পরিমান ২,১৯,২৯,১৩৫/- টাকা। প্রমানক পর্যালোচনা করে দেখা গেছে যে, বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তর কর্তৃক গত ১৮.০৩.২০২০খ্রিঃ তারিখে ০৩(তিন)টি আপত্তি নিস্পত্তি করা হয়েছে।

উল্লেখ্য ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থবছরের নিরীক্ষা আপত্তি নিস্পত্তির জন্য গৃহিত কার্যক্রম নিম্নে ছকে বর্ণনা করা হলো-

ক্রমিক নং	অর্থ বছর	আপত্তির বিষয়	নিস্পত্তির জন্য গৃহিত ব্যবস্থা	মন্তব্য
০১	২০১৪-১৫	-	-	অডিট সম্পন্ন হয়নি
০২	২০১৫-১৬	01. Supporting document of DPA expenditure amounting to Tk. 16,35,00,000.00 was not produced to audit.	DPA খরচের কোন বিল বা ভাউচার KOICA কর্তৃপক্ষ আমাদের নিকট সরবরাহ করে নাই এ ব্যাপারে তাদের নিকট পত্র প্রেরণ করা হলে বছর ভিত্তিক DPA খরচের বিল বা ভাউচার না দিয়ে কেবল মাত্র মোট খরচের হিসাব দিয়েছেন এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	শিল্প মন্ত্রণালয় হতে জবাব পাঠানোর তারিখ সুত্রঃ ৩৬.০০.০০০০. ০৭১.১৪. ০০৭. ১৯.৪৩ তাং ২৯/০১/২০২০খ্রিঃ
		02. Excess expenditure amounting to Tk. 11500000.00 of DPA fund beyond the TPP Provision for the financial year 2015-16.	RTAPP তে DPA খরচ ১৫২০.০০ লক্ষ টাকার পরিবর্তে ১৬৩৫.০০ লক্ষ টাকা করা হয়েছে এবং টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে ব্রডসিট জবাব বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	কিন্তু শিল্প মন্ত্রণালয় কর্তৃক জবাবFAPAD এ না পাঠিয়ে বাণিজ্যিক অডিট বিভাগে পাঠানো হয়েছে ফলে

		03.Unauthorized expenditure amounting to Tk.31,00,970.00 for renovation work of hostel bulding,repair & maintenance of boundary wall ,land development & purchase of Air Conditioner beyond the provision of TPP for the year 2015-16.	এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	নিস্পত্তির বিষয়ে কোন অগ্রগতি নেই।
		04. Instrument / Equipment of DPA Fund amounting to Tk.4,00,00,000.00 was not procured as per TPP provision.	DPA খরচের কোন বিল বা ভাউচার KOICA কর্তৃপক্ষ সংস্থার নিকট সরবরাহ করে নাই এ ব্যাপারে তাদের নিকট পত্র প্রেরণ করা হলে বছর ভিত্তিক DPA খরচের বিল বা ভাউচার না দিয়ে কেবল মাত্র মোট খরচের হিসাব দিয়েছেন। এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	
		05. Excess expenditure amounting to Tk.1,2192500.00 for service equipment from GOB fund beyond TPP provision for the year 2015-16.	টিপিপি তে সার্ভিস ইকুইপমেন্ট খাতে ২০১৪-১৫ অর্থ বছরে ২১৫.২০ লক্ষ ও ২০১৫-১৬ অর্থ বছরে ৫৫.০০ লক্ষ মোট ২৭০.২০ লক্ষ টাকা বরাদ্দ ছিল কিন্তু ১,৭৬,৯২,৫০০/- টাকা খরচ হওয়ায় অতিরিক্ত (১,৭৬,৯২,৫০০/- - ৫৫,০০,০০০/-) =১,২১,৯২,৫০০/- টাকা প্রয়োজনীয়তা অনুযায়ী সংশোধিত টিপিপি তে উক্ত খাতে মোট বরাদ্দ ৪০০.০০ লক্ষ করা হয় এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	
		06. Bank interest accrured amounting to Tk.4,12,645.00 was not deposited into	প্রকল্পের নামে সোনালী ব্যাংক লি:, পলাশ শাখা, নরসিংদী এ এসএনডি হিসাব নং ০০৪০০০৫০৯ পরিচালিত হয়। ২০১৫-১৬ অর্থ বছরের ডিসেম্বর/১৫ ও জুন/১৬ মাসে মোট	

		Govt.head of account.	সুদ প্রদান করে ৪,১২,৬৪৫/- টাকা এবং সুদ হতে ১৫% হারে মোট উৎস কর কর্তন করে ৬১,৮৯৬/-টাকা। সুদ বাবদ নীট প্রাপ্ত টাকা (৪,১২,৬৪৫/--৬১,৮৯৬/-) =৩,৫০,৭৪৯/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার সাতশত উনপঞ্চাশ টাকা) মাত্র সোনালী ব্যাংক লিঃ পলাশ শাখা, নরসিংদী চালান নং টি-০১ তারিখ-০৫.০৪.২০১৮খ্রিঃ এর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান হয়েছে । এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	
০৩	২০১৬-১৭	01. Supporting document of DPA expenditure amounting to Tk. 17,65,00,000.00 was not produced to audit	DPA খরচের কোন বিল বা ভাউচার KOICA কর্তৃপক্ষ আমাদের নিকট সরবরাহ করে নাই এ ব্যাপারে তাদের নিকট পত্র প্রেরণ করা হলে বছর ভিত্তিক DPA খরচের বিল বা ভাউচার না দিয়ে কেবল মাত্র মোট খরচের হিসাব দিয়েছেন এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	শিল্প মন্ত্রণালয় হতে জবাব পাঠানোর তারিখ সুত্রঃ ৩৬.০০.০০০০. ০৬৯.০১. ০০৭. ১৯.২২৩ তাং ২৮/০৯/২০২০খ্রিঃ কিন্তু শিল্প মন্ত্রণালয় কর্তৃক জবাব FAPAD এ না পাঠিয়ে বাণিজ্যিক অডিট বিভাগে পাঠানো হয়েছে ফলে নিস্পত্তির বিষয়ে কোন অগ্রগতি নেই।
		02. Excess expenditure incurred amounting to Tk. 2,00,00,000.00 for CD/VAT from GoB fund beyond the TPP Provision for the year 2016-17.	প্রকল্প সহায়তা হিসাবে KOICA হতে প্রাপ্ত প্রশিক্ষণ যন্ত্রপাতির CD/VAT খাতে ২০১৫-১৬ অর্থ বছরে ০২(দুই) কোটি ও ২০১৬-১৭ অর্থ বছরে ০১(এক) কোটি মোট ০৩(তিন) কোটি টাকা বাজেট বরাদ্দ ছিল। ২০১৫-১৬ অর্থবছরে প্রশিক্ষণ যন্ত্রপাতি প্রেরণ না করায় এবং প্রয়োজন না হওয়ায় CD/VAT খাতে কোন টাকা বাজেট ছাড় করণ বা উত্তোলন করা হয় নাই। ২০১৬-১৭ অর্থ বছরে প্রশিক্ষণ যন্ত্রপাতি প্রেরণ করায় CD/VAT খাতের বরাদ্দ এবং প্রয়োজন অনুযায়ী একসাথে ০৩(তিন) কোটি টাকা বাজেট ছাড় সাপেক্ষে উত্তোলন করে কমিশনার, কাস্টমস হাউজ, চট্টগ্রামে জমা দেয়া হয়। উল্লেখ্য, সংশোধিত টিপিপিতে ২০১৬-১৭	

			অর্থবছরে CD/VAT খাতে একসাথে ০৩(তিন) কোটি টাকা বাজেট বরাদ্দ রাখা হয়। এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	
		03. Unspent balance of GoB fund amounting to Tk.2,94,98,000.00 was not surrendered to Govt. Account	২০১৬-১৭ অর্থ বছরের ৩০শে জুন ২০১৭ ইং তারিখে ব্যাংক হিসাবে ২,৯৪,৯৮,০০০.০০ টাকা জমা ছিল। প্রকল্পের কাজ চলমান থাকায় এবং প্রাপ্ত টাকার বিপরীতে কার্যাদেশ প্রদান করায় যথাসময়ে বিল প্রদানের স্বার্থে ব্যাংক হিসাবে জমাকৃত টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয় নাই। তাছাড়া ৩০শে জুনের পূর্বে প্রদানকৃত সব চেক ব্যাংকে উপস্থাপন করা হয় নাইউল্লেখ্য প্রকল্পের মেয়াদ ৩০.০৬.২০১৯খ্রিঃ শেষ হয়েছে এবং এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	
		04. Unauthorized expenditure incurred amounting to Tk.59,54,091.00 for renovation/remodeling work of Trainees hostel and Academic bulding maintenance of Lab/Shops And procurement of Service Equipment beyond the provision of the TPP for the year 2016-17.	২০১৪-১৫ হতে ২০১৭-১৮অর্থবছর পর্যন্ত বাস্তবায়নাধীন প্রকল্পের টিপিপিতে হোস্টেল বিল্ডিং খাতে ২০১৪-১৫ অর্থবছরে-৫৯.০৪ লক্ষ, সার্ভিস ইকুইপমেন্ট খাতে, ২০১৪-১৫ অর্থবছরে-২১৫.২০ লক্ষ এবং ২০১৫-১৬ অর্থবছরে -৫৫.০০ লক্ষ একাডেমিক বিল্ডিং খাতে ২০১৪-১৫ অর্থবছরে-৩০০.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ ছিল। উল্লেখ্য, সংশোধিত টিপিপিতে উপরোক্ত খাতে বাজেট বরাদ্দ রাখা হয় এবং এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	
০৪	২০১৭-১৮	01. Unspent balance of GOB fund amounting to Tk.2,02,55,360.00 was not surrendered	২০১৭-১৮ অর্থ বছরের ৩০শে জুন ২০১৮ ইং তারিখে ব্যাংক হিসাবে ২,০২,৫৫,৩৬০.২৮ টাকা জমা ছিল। প্রকল্পের কাজ চলমান থাকায় এবং প্রাপ্ত টাকার বিপরীতে কার্যাদেশ প্রদান	শিল্প মন্ত্রণালয় হতে জবাব পাঠানোর তারিখ সুত্রঃ

		to Govt. Account	করায় যথাসময়ে বিল প্রদানের স্বার্থে ব্যাংক হিসাবে জমাকৃত টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয় নাই। তাছাড়া ৩০শে জুনের পূর্বে প্রদানকৃত সব চেক ব্যাংকে উপস্থাপন করা হয় নাই। উল্লেখ্য প্রকল্পের মেয়াদ ৩০.০৬.২০১৯খ্রিঃ শেষ হয়েছে এবং এ বিষয়ে ব্রডশীট জবাব টিআইসিআই কর্তৃক বিসিআইসি'র মাধ্যমে বৈদেশিক সাহায্যপুষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	৩৬.০০.০০০০. ০৬৯.০১. ০০৭. ১৯.২৫৬ তাং ২৫/১০/২০২০খ্রিঃ কিন্তু শিল্প মন্ত্রণালয় কর্তৃক জবাব FAPAD এ না পাঠিয়ে বাণিজ্যিক অডিট বিভাগে পাঠানো হয়েছে ফলে নিস্পত্তির বিষয়ে কোন অগ্রগতি নেই।
০৫	২০১৮-১৯		-	অডিট সম্পন্ন হয়নি

১১.১০ প্রকল্প বাস্তবায়ন সমস্যা:

টিআইসিআই এর ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ (EEED) এবং ইন্সট্রুমেন্টেশন এন্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বিভাগ (ICED) এর সার্ভিস যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে কিছু যন্ত্রপাতি বিশেষ ও দুর্লভ প্রকৃতির হওয়ায় তৃতীয় দফা টেন্ডার আহবান করেও দরদাতা না পাওয়ায় যাওয়ায় ক্রয় করা সম্ভব হয়নি।

১২. পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র



টিআইসিআই এর বিভিন্ন কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভা



KOICAকর্তৃক নির্মিত একাডেমিক ভবন-৩



KOICAকর্তৃক সরবারহকৃতপ্রশিক্ষণ যন্ত্রপাতি



টিআইসিআই এপ্রশিক্ষণরত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের সাথে প্রকল্প কর্তৃক প্রাপ্তসুবিধাদি বিষয়ে আলোচনা

১৩. সুপারিশ/মতামত:

১। আরটিএপিপিতে জিওবি খাতে রিনোভেশন কাজে (অর্থনৈতিক কোড ৪৯০০) বরাদ্দকৃত ২২৫.৫০ লক্ষ টাকার মধ্যে ২২৫.৩৫ লক্ষ টাকা ব্যয় করা হয়। কিন্তু উক্ত খাতে ২২৫.৫০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও পূর্তকাজের ৩টি প্যাকেজে ২২১.৫০ লক্ষ টাকা ব্যয়ের সুযোগ আছে। OTM পদ্ধতিতে একাডেমিক ভবন-২, ট্রেনিজ হোস্টেল, একাডেমিক ভবন রিনোভেশন এবং ল্যাব/শপ স্থাপন কাজে ১৯৫.৫৪ লক্ষ টাকা ব্যয় করা হয়। এছাড়াও LTM/RFQ পদ্ধতিতে অন্যান্য পুরাতন ভবন সংস্কার, রাস্তা, বাউন্ডারি ওয়াল মেরামত, ফার্নিচার মেরামত ইত্যাদি কাজসমূহ ২৯.৮১লক্ষ টাকায় সম্পাদন করা হয় এবং অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে সংস্থা প্রধান/মন্ত্রণালয় হতে কোন অনুমোদন নেয়া হয়নি এবং মেরামতের অনুমোদিত কোন ক্রয় পরিকল্পনা নেই যা পরিকল্পনা শৃংখলার পরিপন্থী। এ বিষয়ে প্রকল্প পরিচালকের নিকট মন্ত্রণালয় ব্যাখ্যা চাইতে পারে।

২। বর্তমানে টিআইসিআই হিসাবে প্রকল্পের ১.৫৪ লক্ষ টাকা জমা আছে যা সমর্পণযোগ্য কিন্তু সরকারি কোষাগারে ফেরত প্রদান করা হয়নি। বাস্তবায়নকারী সংস্থাকে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান সহ সরকারি কোষাগারে সত্তর উক্ত অর্থ জমা প্রদানে মন্ত্রণালয়কে ব্যবস্থা নেয়ার জন্য বলা যেতে পারে।

৩। আরটিএপিপিতে প্রকল্প বরাদ্দ ৫২৫৬.২৮ লক্ষ টাকা। কিন্তু প্রেরিত পিসিআরে অঙ্গভিত্তিক ব্যয় বিবরণীতে কতিপয় অঙ্গে উল্লেখিত ব্যয়ের সাথে প্রকৃত ব্যয়ের গড়মিল পাওয়া যায়। ফলে পিসিআরে প্রকৃত সর্বমোট আর্থিক অগ্রগতি ৫০৯৩.০৩ লক্ষ টাকার স্থলে ৫১০৫.০৪ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে। পরবর্তীতে পিসিআর প্রেরণের পূর্বে মন্ত্রণালয় এ রকমের ত্রুটিসমূহ যাচাই করে প্রেরণের ব্যবস্থা নিতে পারে।

৪। ২০১৪-১৫ এবং ২০১৮-১৯ অর্থ বছরে কোন অডিট সম্পাদন হয়নি। এছাড়া অন্যান্য অর্থ বছরে সম্পাদিত অডিটের আপত্তির জবাব মন্ত্রণালয় কর্তৃক FAPAD এ না পাঠিয়ে বাণিজ্যিক অডিট বিভাগে পাঠানো হয়েছে ফলে নিষ্পত্তি বিষয়ে কোন অগ্রগতি নেই। অসম্পন্ন অডিট দ্রুত সম্পাদনসহ নিষ্পত্তির জন্য জবাব যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে মন্ত্রণালয়কে বলা যেতে পারে।

৫। KOICA এবং জিওবি অর্থায়নে ক্রয়কৃত প্রশিক্ষণ ও সার্ভিস যন্ত্রপাতি টিওএন্ডই ভূক্তকরণ, যথাযথ সংরক্ষণ এবং চতুর্থ শিল্প বিপ্লবের পথে এগিয়ে যাওয়ার উদ্দেশ্যে প্রাপ্ত যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে সংশ্লিষ্ট সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা দিতে মন্ত্রণালয়কে বলা যেতে পারে।

হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন ২০১৯)

০১। প্রকল্পের নাম : হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (৩য় সংশোধিত)

০২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

০৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়

০৪। প্রকল্পের অবস্থান : বিটাক ঢাকা, চট্টগ্রাম, খুলনা, চাঁদপুর ও বগুড়া কেন্দ্র ।

০৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ)		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩১২০.০০ (-)	৭১৯৬.৬৪ (-)	৭১৪৪.৪৩ (-)	জুলাই, ২০০৯ থেকে জুন, ২০১৪ পর্যন্ত	জুলাই, ২০০৯ থেকে জুন, ২০১৯ পর্যন্ত	জুলাই, ২০০৯ থেকে জুন, ২০১৯ পর্যন্ত	৪০২৪.৪৩ (২২৮.৯৮%)	৫ বছর (২০০%)

০৬। **<u>সাধারণ পর্যবেক্ষণ:</u>**

৬.১ **প্রকল্পের পটভূমি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সালে শিল্প মন্ত্রণালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে মত বিনিময় সভায় সরকারী চাকরির সংখ্যাল্পতা এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘরে ঘরে চাকরি দেয়ার প্রতিশ্রুতি ইত্যাদি বিষয় প্রাধান্য পায়। মাননীয় প্রধানমন্ত্রী কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি ও বেসরকারী খাতে চাকরির সুযোগ সৃজনের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করার লক্ষ্যে একটি প্রকল্প প্রণয়ন করার জন্য শিল্প মন্ত্রণালয়কে অনুশাসন প্রদান করেন। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে বাংলাদেশ শিল্প কারিগরী সহায়তা কেন্দ্র (বিটাক) ''হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন''-শীর্ষক প্রকল্পটি গ্রহণ করে। মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ১৯-০৩-২০০৯ তারিখ একনেক সভায় জুলাই ২০০৯ থেকে জুন ২০১৪ পর্যন্ত মেয়াদে ৩১২০.৬৮ (এক ত্রিশ কোটি বিশ লক্ষ আটষট্টি হাজার) লক্ষ টাকায় প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পটি জনস্বার্থে সম্পৃক্ততার জন্য বাস্তবায়ন সাফল্যের বিবেচনায় গত ১৫-০৪-২০১২ ও ১২-০৮-২০১৪ তারিখে যথাক্রমে ১ম বার ও ২য় বার সংশোধিত হয়। সর্বশেষ ২৮-০৬-২০১৬ তারিখে ৭১৯৬.৬৪ (একাত্তর কোটি ছিয়ানববই লক্ষ চৌষট্টি হাজার) লক্ষ টাকা ধার্য করে ৩য় বার সংশোধন করা হয় যার মেয়াদ জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

৬.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

সমাজের অতি দরিদ্র, বেকার যুবমহিলা ও পুরুষদের হাতে কলমে কারিগরি প্রশিক্ষণ প্রদান করার ফলে দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে যা দারিদ্র্য নিরসনে সহায়তা করবে।

ক) এসএমই সেক্টরের জন্য মানব সম্পদের উন্নয়ন বৃদ্ধিকরণ;

খ) জ্ঞান ও দক্ষতার আধুনিকীরণের সুযোগ সৃষ্টি করা;

গ) অর্থনৈতিক কর্মকান্ডের মূল ধারায় মহিলাদের পূর্ণ অংশগ্রহণ নিশ্চিতকরণ;

ঘ) সকল অর্থনৈতিক কর্মকান্ডের মহিলাদের বৈষম্য দূর করা; এবং

ঙ) প্রশিক্ষিত কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি ওয়ার্কশপ স্থাপন ত্বরান্বিত করা।

০৭। **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১৯-০৩-২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় জুলাই ২০০৯ থেকে জুন ২০১৪ পর্যন্ত মেয়াদে ৩১২০.৬৮ (এক ত্রিশ কোটি বিশ লক্ষ আটষট্টি হাজার) লক্ষ টাকায় প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পটি জনস্বার্থে সম্পৃক্ততার জন্য বাস্তবায়ন সাফল্যের বিবেচনায় গত ১৫-০৪-২০১২ ও ১২-০৮-২০১৪ তারিখে যথাক্রমে ১ম বার ও ২য় বার সংশোধিত হয়। সর্বশেষ ২৮-০৬-২০১৬ তারিখে ৭১৯৬.৬৪ (একাত্তর কোটি ছিয়ানববই লক্ষ চৌষট্টি হাজার) লক্ষ টাকা ধার্যকরতঃ ৩য় বার সংশোধন করা হয়, যার মেয়াদ জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৮.১ প্রকল্পের মূল কাজ:

আলোচ্য প্রকল্পের মূল কার্যক্রম হল হাতে কলমে প্রশিক্ষণ প্রদান। আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে প্রকল্পটি ৯ টি ট্রেড যথা: ১। লাইট মেশিনারিজ ২। ইলেকট্রনিক্স ৩। ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ৪। অটোক্যাড ৫। রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ৬। প্লাষ্টিক প্রসেসিং (জেনারেল) ৭। প্লষ্টিক প্রসেসিং (কাষ্টমাইজড্) ৮। হাউজ হোল্ড এ্যাপ্লায়েন্স ও ৯। কার্পেন্ট্রি ট্রেডে ৩ মাস মেয়াদে যুব-মহিলাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা। তাছাড়া যুবকদের জন্য ৮ সপ্তাহব্যাপী ৩ টি ট্রেড যথা: ১। ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ২। রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ৩। ওয়েল্ডিং (আর্ক ও গ্যাস) প্রশিক্ষণের ব্যবস্থা। বিটাক, ঢাকা কেন্দ্রে শুধুমাত্র মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বিটাক, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা এবং বগুড়াতে পুরুষদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বিটাক, ঢাকায় ৩০০ প্রশিক্ষণার্থীর থাকার ব্যবস্থাসম্পন্ন ৫ তলা বিশিষ্ট ৩০,০০০ বর্গফুটের ১ টি হোস্টেল বিল্ডিং নির্মাণ করা হয়েছে।

৮.২ **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে) :**

(লক্ষ টাকায়)

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress	
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)
1	2	3	4	5	6
(a) Revenue Component :					
Staffs's Pay & Allowance of Establishment	05	৭৬.৪৯	5person	৭২.৪১	১০০%
Festival Allowance	05	৭.০৭	5person	৬.৭৭	১০০%
Conveyance allowance-24840 Pers.	24840 Pers.	১০৯.৮০	24840 Per	১০৯.৫৮	১০০%
Training allowance for trainees-24840pers.	24840 Pers.	৩৯৩৩.০০	24840 Per	৩৯২৯.৬২	১০০%
Projects Evalution	LS	৪.০০	L.s	৩.৯৮	১০০%
Fixed Travel	24840	১৩.৪০	-	৮.৭২	১০০%

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress	
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)
1	2	3	4	5	6
allowances	Pers				
Gas & Fuel/ Petrol & Lubricant	LS	১২.০০	L.s	৮.৯৭	১০০%
Other Stationery	LS	১৩.৩২	L.s	১৩.৩২	১০০%
Grants in Aid for books-	28467 nos.	৪৫.৭৪	L.s	৪৫.৭৪	১০০%
Advertising Expenses	LS	৩৫.০০	-	১৮.৮৮	১০০%
Training expenditure - 24840 pers	24840 Pers	২২৮৬.০০	24840 Per	২২৮৬.০০	১০০%
Seminar and conference expenses	LS	২৭.০০	L.s	২৩.৩৭	১০০%
Raw Materials and Spare parts (Grants in Aid for Kits-8400Nos.)	8400Nos	১৬.৩০	L.s	১৬.৩০	১০০%
Entertainment expenses	LS	১০.০৪	L.s	১০.০৩	১০০%
Honorarium /Fee	LS	৭.৮৬	L.s	৭.৮৬	১০০%
Consumable Stores	LS	১০.৬০	L.s	১০.৬০	১০০%
Freight and Transport Charge	LS	৯৩.৬০	L.s	৭৬.৮৯	১০০%
Residential building	LS	১১.০০	L.s	১০.৯৭	১০০%
Sub Total (Revenue Component) :		**৬৭১২.২২**		**৬৬৬০.০১**	
(b) Capital Component :					
Engnineering and Others equipments	LS	১২. ২৯	L.s	১২.২৯	১০০%
Furniture	1426	৫২.১৩	1426 Nos	৫২.১৩	১০০%
Residential building (Hostel Building Construction. 30,000sft.)	30,000 sft	৪২০.০০	30,000 sft	৪২০.০০	১০০%
Sub Total (Capital Component) :		৪৮৪.৪২		**৪৮৪.৪২**	১০০%
(c) Physical Contingency	LS	-		-	
(d) Price Contingency	LS	-		-	
Total (a+b+c+d) :		**৭১৯৬.৬৪**	**১০০**	**৭১৪৪.৪৩**	১০০%

৯। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল
		পূর্ণকালীন	খন্ডকালীন	
১	২	৩	৪	৫
১.	ড.সৈয়দ মো: ইহসানুল করিম অতিরিক্ত পরিচালক	-	√	০৯-০৮-২০০৯ হতে ৩০-০৯-২০১০ পর্যন্ত।
২.	মো: শফিকুর রহমান পরিচালক	-	√	০১-১০-২০১৩ হতে ০৪-০৬-২০১৫
৩.	মো: ইকবাল হোসেন পাটোয়ারি অতিরিক্ত পরিচালক	-	√	০৫-০৬-২০১৫ হতে ৩০-০৬-২০১৯ পর্যন্ত।

১০। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

(লক্ষ টাকায়)

ক্রয় বিবরণী	প্রাক্কলিত ব্যয়	দরপত্র			কাজ সমাপ্তির তারিখ	
		চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭
হোস্টেল ভবন নির্মাণ	৪২০.০০	৪২০.০০	০২-০২-২০১০	০২-০৫-১০ ০৪-১১-১০	০৫-৭-১২	-

১১। (ক) **<u>ডিপিপি বরাদ্দ ও অগ্রগতি:</u>**

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %		মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০০৯-১০	৭২৫.০০	৭২৫.০০		১৪%	-	৫০০.০০	৫০০.০০		১৪%
২০১০-১১	৭৪১.০০	৭৪১.০০		৩৭.৭১%		৮৯১.০০	৮৯১.০০		৩৭.৭১%
২০১১-১২	৫০০.৬৮	৫০০.৬৮		১১.৭৩%		৫৭১.০০	৫৭১.০০		১১.৭৩%
২০১২-১৩	৫০০.৬৮	৫০০.৬৮		০.৮৬%		৫৭৯.৮৪	৫৭৯.৮৪		০.৮৬%
২০১৩-১৪	৫০০.০০	৫০০.০০		-		৬৯৪.০০	৬৯৪.০০		-
২০১৪-১৫						৭৪৫.০২	৭৪৫.০২		০.১৫%
২০১৫-১৬						৭৫১.৬৪	৭৫১.৬৪		০.৬৯%
২০১৬-১৭						৮২০.০৪	৮২০.০৪		০.১৩%
২০১৭-১৮						৮২৪.০৪	৮২৪.০৪		০.২৩%
২০১৮-১৯						৮২০.০৪	৮২০.০৪		০.২৩%
মোট=	**২৯৬৭.৩৬**	**২৯৬৭.৩৬**				**৭১৯৬.৬৪**	**৭১৯৬.৬৪**	**-**	**১০০%**

১১. (খ) এডিপি/সংশোধিত আরএডিপি বরাদ্দ ও অগ্রগতি:

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %		মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০০৯-১০	৫০০.০০	৫০০.০০	-		৫০০.০০	৫০০.০০			১৪%
২০১০-১১	৮৯১.০০	৮৯১.০০			৮৯১.০০	৮৯১.০০			৩৭.৭১%
২০১১-১২	৫৭১.০০	৫৭১.০০			৫৭১.০০	৫৭১.০০			১১.৭৩%
২০১২-১৩	৫৭৯.৮৪	৫৭৯.৮৪			৫৭৯.৮৪	৫৭৯.২২			০.৮৬%
২০১৩-১৪	৬৯৪.০০	৬৯৪.০০			৬৯৪.০০	৬৬৭.৯৭			-
২০১৪-১৫	৬২৮.০০	৬২৮.০০			৬২৮.০০	৬২৬.৬৯			০.১৫%
২০১৫-১৬	৮৬৯.০০	৮৬৯.০০			৮৬৯.০০	৮৬৮.৬৭			০.৬৯%
২০১৬-১৭	৭৫২.০০	৭৫২.০০			৭৫২.০০	৭৩৮.৯১			০.১৩%
২০১৭-১৮	৮৮৯.০০	৮৮৯.০০			৮৮৯.০০	৮৬৫.৩৪			০.২৩%
২০১৮-১৯	৮৬০.০০	৮৬০.০০			৮৬০.০০	৮৪০.২১			০.২৩%
মোট=	৭১৯৬.৬৪	৭১৯৬.৬৪			৭১৯৬.৬৪	৭১৪৪.৪৩			১০০%

১২.০ পরিদর্শন:

সমাপ্ত প্রকল্পের কার্যাবলী পর্যালোচনা ও মূল্যায়নের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপ-পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক ১৮/০৭/২০১৯ তারিখে বিটাকের প্রধান কার্যালয় এবং নারী হোস্টেল পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শন কাজে সহায়তা করেন।



প্রকল্পের আওতায় পরিচালিত প্রশিক্ষণসংক্রান্ত পোস্টার



প্রকল্পের আওতায় নারী হোস্টেলে স্থাপিত প্রদর্শণী কর্ণার

প্রকল্পের মূলকাজ প্রশিক্ষণ প্রদান হলেও এর আওতায়কিছু পূর্তকাজ করা হয়েছে। বিটাক, ঢাকা কেন্দ্রে যুবমহিলাদের জন্য

৩০,০০০ বর্গফুটের ৫ তলা বিশিষ্ট ১ টি হোষ্টেল বিল্ডিং নির্মাণ করা হয়েছে। উক্ত হোষ্টেল বিল্ডিং এ একত্রে ৩০০ প্রশিক্ষণার্থীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। বিটাক, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা এবং বগুড়া কেন্দ্রে হোষ্টেল বিল্ডিং না থাকায় সাময়িক ব্যবস্থাপনায় প্রশিক্ষণার্থীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান, বিটাকের চট্টগ্রাম কেন্দ্রে এ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের জন্য আলাদা কোন হোস্টেল নেই। বিটাক এর নিয়মিত প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের জন্য হোস্টেল নিমার্ণ করা হয়। কিন্তু এ প্রকল্পের আওতায় কোন হোস্টেল বিল্ডিং নিমার্ণ করা হয়নি। বিটাক এর নিয়মিত এবং সেপার প্রশিক্ষণাথীগণ একই হোস্টেলে গাদাগাদি করে থাকে। কমিটির প্রশিক্ষণার্থীদের মানবেতরভাবে হোস্টেলে অবস্থান করার কারণে ভবিষ্যতে হোস্টেল বিল্ডিং নির্মাণ প্রয়োজন ।




প্রকল্পের আওতায় অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ ও মোটিভেশনাল ওয়ার্কশপ এর চিত্র

প্রকল্পের আওতায় কর্মমুখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃজন ও দারিদ্র দূরীকরণের প্রয়াস নেয়া হয়েছে। নারী প্রশিক্ষণার্থীর জন্য ৩ মাস মেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় যাতে প্রায় ১০৪৪০ জন নারী প্রশিক্ষণ গ্রহণ করেন। [সংখ্যাঃ- মূল: ৪৫০০ জন (সংশোধিত: ৫০৪০ জন), (২য় সংশোধিত: ৭২০০ জন), (৩য় সংশোধিত : ১০৪৪০ জন)] পুরুষ প্রশিক্ষণার্থীর জন্য ৮ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় যাতে প্রায় ১৪৪০০ জন প্রশিক্ষণ গ্রহণ করেন। [সংখ্যাঃ- মূল: ৫৪০০ জন (১ম সংশোধিত: ৭২০০ জন), (২য় সংশোধিত: ১০,০৮০ জন), (৩য় সংশোধিত : ১৪৪০০ জন)]। প্রকল্পের মোট মেয়াদ অর্থাৎ জুলাই/২০০৯ হতে জুন/২০১৯ পর্যন্ত মহিলা ও পুরুষ প্রশিক্ষণ প্রদানের মোট সংখ্যা = ২৪৮৪০ জন। জুলাই/২০০৯ হতে জুন/২০১৯ পর্যন্ত ৪৩৩৪ জন মহিলা ও ৪০৬৩ জন পুরুষসহ সর্বমোট ৮৩৯৭ জনকে বিভিন্ন শিল্প কারখানায় নিয়োগ দেয়া হয়েছে এবং কেউ কেউ ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে নিজেরা স্বাবলম্বি হচ্ছে। বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরী প্রার্থীর বর্তমান চাহিদার পরিমাণ প্রায় ৩০০ জন ।




প্রকল্পের আওতায় অনুষ্ঠিত বিভিন্ন ট্রেডে হাতে কলমে প্রশিক্ষণ এর চিত্র

প্রশিক্ষণ সুবিধাদির বিষয়ে প্রকল্প পরিচালক জানান, মূলত বিটাকের নিজস্ব প্রশিক্ষকদের দিয়ে প্রশিক্ষণ পরিচালনা করা হয়েছে। প্রশিক্ষণ প্রদানের জন্য পর্যাপ্ত পরিমাণ প্রশিক্ষক বিদ্যামান রয়েছে বলে জানা যায়। প্রশিক্ষণ কারিকুলাম ও শিডিউল পদ্ধতি পর্যালোচনায় নিজস্ব মনিটরিং ব্যবস্থার মাধ্যমে পরিচালনা করা হয়। সফলভাবে কোর্স সমাপ্তকারী অধিকাংশ প্রশিক্ষণনার্থীই চাকুরী প্রাপ্তির ক্ষেত্রে আগ্রহী বলে জানা যায় এবং তাদের অনেকেই চাকুরিও লাভ করে। তবে চাকুরী পাওয়ার পর শ্রমঘন্টা অধিক (১২ ঘন্টা) হওয়া ও তুলনামূলক কম বেতন পাওয়ার কারনে ড্রপ আউট হয়।



প্রকল্প পরিচালকের সাথে প্রকল্প কার্যক্রম নিয়ে আলোচনা



পরিদর্শন চিত্র

প্রকল্পের আওতায় স্থাপিত নারী হোস্টেলে প্রশিক্ষণার্থীদেরকে একটি রুমে শেয়ার করে থাকতে হয়। তাদের প্রত্যেকের আলাদা বেড, চেয়ার টেবিল এর ব্যবস্থা রয়েছে। প্রত্যেকের জন্য আলাদা কেবিনেট এর ব্যবস্থা করা যেতে পারে। এছাড়া হোস্টেলের বাথরুম ও কিচেনের রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার পরিচ্ছন্নতার দিকে সবসময় খেয়াল রাখা জরুরী।



নারী হোস্টেলের একটি রুম



নারী হোস্টেলের ডাইনিং হল।

ভবিষ্যতে গৃহিতব্য প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থীদের কারিগরি জ্ঞানের পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শ্রম আইন ও অধিকার, নারী অধিকার, নিরাপত্তা ও সচেতনতা, কর্মক্ষেত্রে নিরাপত্তা (OSH) ইত্যাদি বিষয় কারিকুলামে অন্তভূর্ক্ত করার প্রয়োজন রয়েছে। প্রশিক্ষণের মান কাংখিত পর্যায়ে রাখার জন্য বিটাক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক কর্তৃক নিবিড় মনিটরিং প্রয়োজন।




আলোক চিত্রঃ এসেম্বলি হল ও রান্নাঘর

বিটাকের প্রকল্পের আওতায় পরিচালিত ট্রেড/কোর্সসমূহের বাস্তব চাহিদা রয়েছে। তবে শিল্প কারখানার বাস্তব চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ ট্রেড/মডিউল পুনঃবিন্যাস করে আরো মডিউল সংযোজন/বিয়োজন করা যেতে পারে। এ ব্যাপারে সময় সময় শিল্প কারখানার সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় করা যেতে পারে।

যে সকল কোর্সের চাহিদা বেশি সে সকল কোর্সে মহিলাদেরকে হোস্টেল নিমার্ণ স্বাপেক্ষে বিটাক, চট্টগ্রাম, খুলনা এবং বগুড়া কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যেতে পারে; বিটাক ঢাকা কেন্দ্রে ছেলেদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

প্রকল্পের আওতায় বিভিন্ন ট্রেডের জন্য ছাপানো মডিউলসমূহ পরিদর্শন কালে দেখা হয়। বইগুলো রঙিন, টেকসই ও সুন্দরভাবে বাধাইকৃত। তবে ব্যবহৃত কাগজের মান তুলনামূলকভাবে নিম্ন বলে প্রতীয়মান হয়। একজন প্রশিক্ষণার্থী এই মডিউলটি তার কাছে দীর্ঘদিনের জন্য সংরক্ষণ করতে চাইবে। এর কাগজের মান আরো ভালো হওয়া বাঞ্চনীয়। এছাড়া মডিউলসমূহ সময়োপযোগী করা এবংসহজ ভাষায় চিত্তাকর্ষক করে সবসময় আপডেট করার ব্যবস্থা থাকা উচিত। মডিউলসমূহ সহজলভ্য করার নিমিত্ত বিটাকের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা করা যেতে পারে।





প্রকল্পের আওতায় তৈরীকৃত বিভিন্ন ট্রেডসংক্রান্ত মডিউল

যেহেতু প্রকল্পটি দারিদ্র বিমোচনের লক্ষ্যে প্রণীত, প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে উচ্চ শিক্ষতদের নিরুৎসাহিত করে স্বল্প শিক্ষিত ও গরীব প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। প্রশিক্ষণার্থী সিলেকশনের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যেতে

পারে। একটি প্রশিক্ষণ কার্যক্রমের মূল উপাদান দক্ষ প্রশিক্ষক। সমজাতীয় প্রকল্পের প্রশিক্ষণ ফি, প্রশিক্ষণ ভাতাসহ অন্যান্য অঙ্গভিত্তিক ব্যয় যৌক্তিকীকরণ করা যেতে পারে।

হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাক এর কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (৩য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পটি দক্ষ জনশক্তি ও কর্মসংস্থান সৃষ্টি, উদ্যোক্তা তৈরী, দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, জেন্ডার ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণে প্রকল্পটি ব্যাপক সফলতা অর্জন করেছে। এই ধরনের সুবিধা প্রত্যাশী দরিদ্য স্বল্প শিক্ষিত তরুণ/তরুণিদের মধ্যে কর্মমুখী প্রশিক্ষণের চাহিদা রয়েছে। তাই প্রকল্পটির ধারাবাহিকতা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বাঞ্চনীয়।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
ক) এসএমই সেক্টরের জন্য মানব সম্পদের উন্নয়ন বৃদ্ধিকরণ;	এ প্রকল্পের অধীনে ২৪৮৪০ জন যুবক ও যুব মহিলাকে হাতে কলমে কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তারা এখন শিল্প কারখানায় দক্ষ মানব সম্পদ হিসাবে বিবেচিত।
খ) জ্ঞান ও দক্ষতার আধুনিকীরণের সুযোগ সৃষ্টি করা;	এ প্রশিক্ষনের মাধ্যম্যে তারা হাতে কলমে কারিগরি প্রশিক্ষণ পেয়ে তাদের দক্ষতার মানের উন্নয়ন হয়েছে।
গ) অর্থনৈতিক কর্মকান্ডের মূল ধারায় মহিলাদের পূর্ণ অংশগ্রহণ নিশ্চিতকরণ;	এ প্রশিক্ষনের মাধ্যমে গরীব, অসহায় ১০৪৪০ জন সরাসরি বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে চাকুরীর ব্যবস্থা হয়েছে। তারা অর্থনৈতিক মুলধারার সম্পৃক্ত হয়েছে এবং তাদের দারিদ্র বিমোচন হয়েছে।
ঘ) সকল অর্থনৈতিক কর্মকান্ডের মহিলাদের বৈষম্য দূর করা; এবং	যুব মহিলাগণ কাজের মুলধারায় সম্পৃক্ত হওয়ার মাধ্যম্যে নারীর প্রতি সামাজিক বৈষম্য দূর হয়েছে।
ঙ) প্রশিক্ষিত কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি ওয়ার্কশপ স্থাপন ত্বরান্বিত	প্রশিক্ষণের মাধম্যে দক্ষ জনবল ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানে কাজে যোগ দিয়েছে, আবার কেউ কেউ উদ্যোক্তা হয়েছে। এত করে লাইট

১৪। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ:** প্রযোজ্য নয়।

১৫.০ **অডিট সংক্রান্ত:**

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যবেক্ষণে দেখা যায় যে, প্রকল্পের ইন্টারনাল অডিট করা হয়নি। বিগত ২০১৫-১৬ সালের কার্যক্রমের উপর এক্সটার্নাল অডিট করা হয়েছে, যাতে ২টি অডিট আপত্তি প্রদান করা হয়। আপত্তিসমূহ নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে। অনিষ্পন্ন অডিটসমূহ দ্রুত নিষ্পত্তি করে আইএমইডিকে অবহিত করতে হবে।

১৬.০ **সার্বিক পর্যবেক্ষণ :**

১৬.১ আলোচ্য প্রকল্পটি বারংবার (৩বার) সংশোধন ও ব্যয় মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এ প্রবণতা রোধকল্পে সুনিদষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে এবং সে অনুসারে প্রয়োজনীয় ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন ছিল। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তির লক্ষ্যে সংস্থা এবং মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা জরুরী। প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রকল্পের মেয়াদ বৃদ্দি বা প্রকল্প সংশোধন না করে নতুন কোন কর্মসূচির মাধ্যমে বাস্তবায়ন করাই সমীচিন ছিল।

১৬.২ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্তদের তথ্যাদি থাকলেও কতজন কোথায় কর্মরত রয়েছে তার পূর্ণাঙ্গ ডাটা বেইজ নেই। এর

মাধ্যমে প্রকল্পের মূল উদ্দেশ্য কতটুকু অর্জিত হয়েছে তার সম্পর্কে নির্ভরযোগ্য উপাত্ত বা Findings তুলে ধরা সম্ভব হচ্ছেনা।

১৬.৩ প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থীদের কারিগরি জ্ঞানের পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শ্রম আইন ও অধিকার, নারী অধিকার, নিরাপত্তা ও সচেতনতা, কর্মক্ষেত্রে নিরাপত্তা (OSH) ইত্যাদি বিষয় কারিকুলামে অন্তভূর্ক্ত করার প্রয়োজন রয়েছে।

১৬.৪ ঢাকার বাইরে নারী হোস্টেল না থাকায় সমগ্র বাংলাদেশের নারীদের জন্য শুধু রাজধানীতেই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ফলে বিপুল চাহিদার সামান্য অংশই পূরণ হচ্ছে। দ্রুত নারী হোস্টেল নিমার্ণ করে বিটাকের অন্যান্য কেন্দ্রে চাহিদা সম্পন্ন কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যেতে পারে;

১৬.৫ রাজধানীর প্রাণকেন্দ্রে অবস্থিত বিটাক কার্যালয়ে নারী প্রশিক্ষণার্থীর জন্য সময়োপযোগী ট্রেডের সংখ্যা বাড়ানো এবং চাহিদা বিশ্লেষণপূর্বক পুরুষ প্রশিক্ষণার্থীর জন্য ট্রেড চালু করা প্রয়োজনীয়তা যাচাই করা যেতে পারে;

১৬.৬ দারিদ্র বিমোচনের লক্ষ্যে প্রণীত এই জাতীয় প্রকল্পে প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে উচ্চ শিক্ষিতদের নিরুৎসাহিত করে স্বল্প শিক্ষিত ও দরিদ্র প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। দেশের প্রত্যন্ত অঞ্চলে বিশেষ করে চর, হাওড়, উপকূলীয় পার্বত্যাঞ্চলসহ দুর্গম ও দারিদ্রঘন অঞ্চলসমূহে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যেতে পারে;

১৬.৭ প্রকল্পের প্রশিক্ষণ ফি, প্রশিক্ষণ ভাতাসহ অন্যান্য অঙ্গভিত্তিক ব্যয় আনুপাতিক/বাস্তবভিত্তিক হারে যৌক্তিকীকরণ করা উচিত;

১৬.৮ নারী হোস্টেলে প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য ন্যূনতম বিছানা, টেবিল, চেয়ার আলমিরা/কেবিনেটের ব্যবস্থা করা যেতে পারে, এতে হোস্টেলের পরিবেশ আরো উন্নত হতে পারে;

১৬.৯ প্রশিক্ষণ মডিউলগুলো রঙিন, টেকসই ও সুন্দরভাবে বাধাইকৃত। তবে ব্যবহৃত কাগজের মান তূলনামূলকভাবে নিম্ন বলে প্রতীয়মান হয়। এগুলো সময়োপযোগী করা এবংসহজ ভাষায় চিত্তাকর্ষক করে সবসময় আপডেট করার ব্যবস্থা থাকা উচিত। মডিউলসমূহ সহজলভ্য করার নিমিত্ত বিটাকের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা এ জাতীয় প্রকল্পে গুরুত্বের সাথে বিবেচনার দাবী রাখে।

১৭.০ মতামত/সুপারিশ:

১৭.১ বার বার প্রকল্প সংশোধন ও মেয়াদবৃদ্ধি প্রকল্প ব্যবস্থাপনায় দুর্বলতার পরিচায়ক। সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়নের দুর্বলতা কাটিয়ে উঠার জন্য প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্টদের নিয়মিত প্রকল্প ব্যবস্থাপনা, ক্রয় ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষিত করার নিমিত্ত সংস্থা/মন্ত্রণালয়কে উদ্যেগ গ্রহণ করতে হবে;

১৭.২ প্রশিক্ষণ সংক্রান্ত এই ধরণের প্রকল্পে একটি পূর্ণাঙ্গ ও শক্তিশালী ডাটাবেজ গড়ে তোলা অত্যাবশ্যক। ভবিষ্যতে প্রয়োজনে অনলাইন/সফটওয়্যারভিত্তিক ডাটাবেজ গড়ে তোলার বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

১৭.৩ কারিগরি জ্ঞানের পাশাপাশি অন্যান্য বিষয়ে যেমন শ্রম আইন ও অধিকার, নারী অধিকার, সামাজিক নিরাপত্তা, সচেতনতা ইত্যাদি বিষয় প্রশিক্ষণের বিষয় হিসাবে কোর্সে অন্তর্ভূক্ত করা যেতে পারে;

১৭.৪ নারী হোস্টেল নিমার্ণ সাপেক্ষে বিটাকের অন্যান্য কেন্দ্রে চাহিদা সম্পন্ন কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যেতে পারে; বিটাক ঢাকা কেন্দ্রে ছেলেদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

১৭.৫ ভবিষ্যতে গৃহিতব্য সমজাতীয় প্রকল্পে পর্যাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণের ভিত্তিতে সঠিক ট্রেড নির্বাচন করতে হবে। নির্বাচিত

ট্রেডসূমহের শতভাগ বাস্তবায়ন লক্ষ্যমাত্রা নিশ্চিত করতে হবে। বাজারের চাহিদা সাথে তাল মিলিয়ে কর্মমূখি নতুন ট্রেডসুমহের সম্ভাবনা যাচাই করে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৭.৬ নারী হোস্টেলে প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য ন্যূনতম বিছানা, টেবিল, চেয়ার আলমিরা/কেবিনেটের ব্যবস্থা করতে হবে;

১৭.৭ ভবিষ্যতে গৃহিতব্য প্রকল্পে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ ফি, প্রশিক্ষণ ভাতা, সম্মানীসহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি আরও যৌক্তিক পর্যায়ে নির্ধারণ জরুরী;

১৭.৮ ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পে জনসেচতনতামূলক কার্যাবলীতে দেশের প্রত্যন্ত অঞ্চলে বিশেষ করে দুর্গম, দারিদ্রঘন অঞ্চলসমূহে কর্মমুখী প্রশিক্ষন সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

১৭.৯ মডিউলসমূহ সময়োপযোগী করা এবং সহজ ভাষায় চিত্তাকর্ষক করে সবসময় আপডেট করার ব্যবস্থা থাকা উচিত। মডিউলসমূহ সহজলভ্য করার নিমিত্ত বিটাকের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা করা যেতে পারে;

১৭.১০ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৭.১-১৭.৯) এর আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

এস্টাবলিশমেন্ট অব টেস্টিং ফ্যাসিলিটিজ অব এয়ার কনডিশনার, রেফ্রিজারেটর, ইলেকট্রিক ফ্যান এন্ড ইলেকট্রিক মটর ইন বিএসটিআই শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ণ প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর ২০১৮)

১.	**প্রকল্পের নাম**	:	এস্টাবলিশমেন্ট অব টেস্টিং ফ্যাসিলিটিজ অব এয়ার কনডিশনার, রেফ্রিজারেটর, ইলেকট্রিক ফ্যান এন্ড ইলেকট্রিক মটর ইন বিএসটিআই।
২.	**প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ**	:	শিল্প মন্ত্রণালয়
৩.	**বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ স্ট্যান্ডর্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)
৪.	**প্রকল্পের অবস্থান**	:	বাংলাদেশ স্ট্যান্ডর্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই), ১১৬-ক তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৫.	**প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়**	:	জুলাই' ২০১৪-ডিসেম্বর'২০১৮, ১২.০০ কোটি টাকা।

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্র:সা:)		প্রকৃত ব্যয় (প্র:সা:)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১২০০.০০	১২০০.০০	১১৯৭.৫৩	জুলাই'২০১৪-জুন'২০১৬	জুলাই'২০১৪-জুন'২০১৮	মে'২০১৫-ডিসেম্বর'২০১৮	-	২ বছর (৩৩.৩৩%)

০৬। **<u>সাধারণ পর্যবেক্ষণ:</u>**

৬.১ **প্রকল্পের পটভূমি:**

পাওয়ার জেনারেশন হতে উদ্ভুত গ্রীন হাউজ নির্গমন কমানোর লক্ষ্যে Global Environment Facilities & WNDP বিভিন্ন কমর্সূচী বাস্তাবয়ন করে । এর অংশ হিসেবে এশিয়ার ৬টি দেশ যথা:- বাংলাদেশ, চীন, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম এবং পাকিস্তানে বাস্তবায়নের জন্য একটি আঞ্চলিক প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পের অংশ হিসেবে বাংলাদেশে বাস্তাবয়নের জন্য 'Barrier Removal to the Cost-Effective Development and Implementation of Energy Standards & Laval-Ling, একটি কারিগরী সহায়তা প্রকল্প মোট ১৮.৬০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১০ হতে জুন ২০১৫ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়। তন্মধ্যে ৩টি পণ্যের মান পরীক্ষণের সুবিধা বিএসটিআইতে থাকার ফলে পরীক্ষণ করে সার্টিফিকেট প্রদান করা হচ্ছে। অপর ৩টি পণ্য যোমন-মোটর, রেফ্রিজারেটর এ এয়ার কন্ডিশনার এর টেস্টিং সুবিধা বতর্মানে বিএসটিআইতে নেই। তাছাড়া ফ্যানের টেস্টিং সুবিধা থাকলেও তা আধুনিক নয়। BRESL প্রকল্পের আওতায় ৬টি পণ্যের জন্য যে মান নির্ধারণ করা হয়েছে তা পরিপূণর্ভাবে বাস্তাবয়নের লক্ষ্যে বিএসটিআইতে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সৃষ্টি ও উৎপাদনকারী এবং ভোক্তা পর্যায়ে গণচেতনতা সৃষ্টির জন্য Establishment of Testing Facilities of Air conditioner, Refrigerator, Electric Fan and Electric Motor In BSTI শীর্ষক বিনিয়োগ প্রকল্প গ্রহণ করা হয়েছে যার মাধ্যমে বিএসটিআইত এসি, ফ্রিজ, মোটর ও ফ্যানের নমুনা পরীক্ষাণের ল্যাবরেটরী স্থাপন করা সম্ভব হবে।

৬.২ **প্রকল্পের উদ্দ্যেশ্য:**

ক) এসি, রেপ্রিজারেটর, ইলেকট্রিক ফ্যান এবং ইলেকট্রিক মটর এর ন্যায় বিদ্যুৎ সাশ্যয়ী পণ্যের স্টার লেভেল নির্ধারণ;

খ) বিদ্যুৎ সাশ্যয়ী পণ্য পরীক্ষার মান উন্নয়ন করা;

গ) পরীক্ষণ কাজে নিয়োজিত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি করা;

ঘ) রপ্তানী/বাণিজ্য সুবিধা পাওয়ার লক্ষ্যে বৈদ্যতিক পণ্য পরীক্ষার মান আন্তর্জাতিক লেভেলে রাখা;

ঙ) বৈদ্যুতিক পণ্য পরিক্ষাগারের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা; এবং

চ) Technical Barrier to Trade (TBT) অতিক্রমের মাধ্যমে বাংলাদেশী পণ্যের আন্তর্জাতিক বাজারে প্রবেশের সক্ষমতা অর্জন করা।

০৭। **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

আলোচ্য প্রকল্পটি ১২০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪ হতে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৬.০৫.২০১৫ তারিখে অনুমোদিত হয়। পরিবর্তীতে তিনবারে ব্যয় বৃদ্ধিআ ব্যতিরেকে মেয়াদ ২০১৪ হতে জুন ২০১৭ পর্যন্ত, জুলাই ২০১৪ হতে জুন ২০১৮ পর্যন্ত এবং সর্বশেষ জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮.১। **প্রকল্পের মূল কাজ:**

বৈদ্যুতিক পাখা, মোটর, রেপ্রিজারেটর ও এয়ার কন্ডিশনার এর টেস্টিং সুবিধা সৃষ্টির জন্য যন্ত্রপাতিসহ ল্যাব প্রতিষ্ঠা, অফিস ইকুইপমেন্ট ও ফার্নিচার ক্রয় ইত্যাদি।

৮.২। **প্রকল্পের অঙ্গসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:**

Items of Work (As per latest Approved pp)	Unit	Target (As per latest Approved pp)		Actual progress	
		Physical (Quantity)	Financial (In lakh taka)	Physical (Quantity)	Financial (In lakh taka)
১	২	৩	৪	৫	৬
Revenue Component					
Allowance	Nos	2.50	05	2.50	100%
Stationary	LS	0.75	LS	0.39	52.00%
Printing & Publication	LS	2.00	LS	1.76	45.76%
Local Training	LS	1.00	LS	0.95	95.00%
Seminar & Conference	LS	12.00	07	10.75	89.60%
Entertainment	LS	1.00	LS	0.70	70.00%
Convenience	LS	0.25	LS	0.25	100%
Honorarium	LS	4.00	LS	4.00	100%
Others Expenditure	LS	2.50	LS	2.37	94.80%
Sub Total Revenue	-	**26.00**	**LS**	**23.67**	**92.90%**
Capital Component					
Machineries	Nos	1163.62	74	1163.48	100%
Computer & Accessories	Nos	2.95	04	2.95	100%
Office Equipment	Nos	4.34	6	4.34	100%
Furniture	Nos	3.09	41	3.09	100%
Sub Total Capital		**1174.00**	-	**1173.86**	100%
Total (Revenue Capital)	-	**1200.00**	-	**1197.53**	**96.54%**

০৯। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** :

ক্রঃনং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল
		পূর্ণকালীন	খন্ডকালীন	
১.	বিলকিস বেগম		খন্ডকালীন	০২-০৫-১৫ হতে ১২-০৩-১৬
২	মোঃ লোকমান মিয়া		খন্ডকালীন	১৩-০৩-১৬ হতে ২৯-০১-১৯
৩.	মোঃ আব্দুর রশিদ		খন্ডকালীন	৩০-০১-১- হতে ৩১-১২-১৮

১০। ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

	ক্রয় বিবরণী	প্রাক্কলিত ব্যয়	দরপত্র			কাজ সমাপ্তির তারিখ	
			চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী	প্রকৃত
	১	২	৩	৪	৫	৬	৭
১.	অফিস যন্ত্রপাতি	৭.২৯	৭.২৯	০১.১২.১৫	১৮.০৫.১৬	১৮.০৬.১৬	১৮.০৬.১৬
২.	অফিস ফার্নিচার	৩.০৯	৩.০৯	০১.১২.১৫	১৮.০৫.১৬	১৮.০৬.১৬	২৩.০৬.১৬
৩.	লেফ্রিজারেটর টেস্টিং ল্যাব	৩৯৪.৭০	৩৯৪.৭০	০৯.১০.১৬	১৯.০১.১৭	১৮.০৫.১৭	১১.০৭.১৭
৪.	ইলেকট্রিক মোটর টেস্টিং ল্যাব	২৫৮.৪০	২৫৮.৪০	০৯.১০.১৬	১৯.০১.১৭	১৮.০৫.১৭	১০.০৭.১৭
৫.	এয়ার কন্ডিশনার টেস্টিং ল্যাব	৩৮৮.৬২	৩৮৮.৬২	০৩.০১.১৭	১৩.০৬.১৭	১৩.১০.১৭	১৫.০১.১৮
৬.	ইলেকট্রিক ফ্যান টেস্টিং ল্যাব	১২১.৯০	১২১.৭৬	১২.০৬.১৮	১৬.০৯.১৮	১৫.১২.১৮	২৬.১২.১৮

১১। (ক) ডিপিপি বরাদ্দ ও অগ্রগতি:

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %		মোট	টাকা	**প্রকল্প সাহায্য**	**বাস্তব লক্ষমাত্রা %**
১	২	৩	৪	৫	৬	৭	৮	**৯**	**১০**
২০১৪-১৫	৫২৭.০০	৫২৭.০০	-	-	২০১৪-১৫	-	-	**-**	**-**
২০১৫-১৬	৬৭৩.০০	৬৭৩.০০	-	-	২০১৫-১৬	১৬.০৭	১৬.০৭	**-**	**-**
					২০১৬-১৭	৬৬২.৪৫	৬৬২.৪৫	**-**	**-**
					২০১৭-১৮	৩৯৬.৪৮	৩৯৬.৪৮	**-**	**-**
					২০১৮-	১২৫.০০	১২৫.০০	**-**	**-**

অর্থবছর	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %		মোট	টাকা	**প্রকল্প সাহায্য**	**বাস্তব লক্ষমাত্রা %**
১	২	৩	৪	৫	৬	৭	৮	**৯**	**১০**
					১৯				
মোট=	**১২০০.০০**	**১২০০.০০**				**১২০০.০০**	**১২০০.০০**	**-**	**-**

১১. **(খ)** **<u>এডিপি/সংশোধিত আরএডিপি বরাদ্দ ও অগ্রগতি:</u>**

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				টাকা	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষমাত্রা %		মোট	টাকা	**প্রকল্প সাহায্য**	**বাস্তব অগ্রগতি %**
১	২	৩	৪	৫	৬	৭	৮	**৯**	**১০**
২০১৫-১৬	২০১৫-১৬	২০১৫-১৬			২০.৮০	১৬.০৯	১৬.০৯		**১.৩৪**
২০১৬-১৭	২০১৬-১৭	২০১৬-১৭			৬৭৩.০০	৬৬২.৫২	৬৬২.৫২		**৫৫.২১**
২০১৭-১৮	৫০০.০০	৫০০.০০			৩৯৬.২৫	৩৯৩.৩৪	৩৯৩.৩৪		**৩২.৭৮**
২০১৮-১৯	১২৮.০০	১২৮.০০			১২৮.০০	১২৫.৫৮	১২৫.৫৮		**১০.৪৭**
মোট=	১৮২৮.০০	১৮২৮.০০	-	-	১২১৮.০৫	১১৯৭.৫৩	১১৯৭.৫৩	**-**	**১০০.০০**

১২.০ **<u>পরিদর্শন:</u>**

১২.১ প্রকল্পের কার্যবলী পর্যালোচনা ও মূল্যায়নের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক জনাব মূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক ১৩/০৫/২০১৯ তারিখে বিএসটিআই এর প্রদান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শন কাজে সহায়তা করেন।

১২.২ প্রকল্প পরিচালক প্রকল্পের সার্বিক বিষয়ে অবহিত কেতে গিয়ে বলেন, বিএসটিআই এর প্রতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধির জন্যই Establishment of Chemical Metrology laboratory (CML) at NML in BSTI (1st Revised)' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। গ্রীন হাউজ গ্যাস নির্মাণ হ্রাসে পরিবেশবান্ধ এনার্জী সেভিং ইলেকট্রনিক পণ্য উৎপাদন ও এনার্জী স্টার লেবেল প্রদান বিভিন্ন দেশে চলমান রয়েছে। বাংলাদেশে ৩টি পণ্যের মান পরীক্ষণের সুবিধা বিএসটিআই'তে থাকার ফলে পরীক্ষণ করে সার্টিফিকেট প্রদান করা হচ্ছে। অপর ৩টি পণ্য যেমন-

মোটর, রেপ্রিজারেটর ও এয়ার কন্ডিশনার এর টেস্টিং সুবিধা বিএসটিআইতে নেই। প্রকল্পের মাধ্যমে বিএসটিআইতে এসি, ফ্রিজ, মোটর, রেপ্রিজারেটর ও এয়ার কন্ডিশনার এর টেস্টিং সুবিধা সৃষ্টির জন্য যন্ত্রপাতিসহ ল্যাব প্রতিষ্ঠা, অফিস ইকুইপমেন্ট ও ফার্নিচার ক্রয় এবং স্থাপন করা হয়েছে।




আলোকচিত্র ১-২: এসি টেস্টিং ল্যাবরেটরীর কন্ট্রোল প্যানেল ও অন্যান্য ইক্যুইপমেন্ট পরিদর্শন।

পরিদর্শনকালে দেখা যায় এসি টেস্টিং ল্যাবটি পূর্ণাঙ্গ রূপে সচল রয়েছে। বাংলাদেশে বাজারজাতকৃত বিভিন্ন এয়ার কন্ডিশনার কোম্পানী তাদের এসি বিএসটিআই কর্তৃক টেস্টিং করিয়ে নিয়েছে। ফ্রিজ/রেফ্রিজারেটর টেস্টিং ল্যাবটিও পূর্ণাঙ্গ রূপে সচল রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় আরএফএল কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত ভিশন ডিপ প্রিজার এ ফ্রিজের টেস্টিং চলমান রয়েছে।




আলোকচিত্র ৩-৪ রেফ্রিজারেটর টেস্টিং ল্যাবরেটরীতে চলমান ডিপ ফ্রিজারের টেস্টিং এবং ল্যাবের সার্কিট প্যানেল।

প্রকল্প পরিচালক জানান বিএসটিআই এর বিদ্যমান জনবল দিয়েই বতর্মান কার্যক্রম চালানো হচ্ছে। এই প্রকল্পের আওতায় বাড়তি কোন জনবল ছিলনা। বিদ্যমান জনবলকে ট্রেনিং প্রদান করে দক্ষ করে তোলা হয়েছে। তাদের দ্বারাই ল্যাব চারটি চালানো হচ্ছে। তবে আরো জনবল প্রয়োজন পড়বে।




আলোকচিত্র ৫-৬ ফ্যান টেস্টিং ল্যাবরেটরী এবং ফ্যান টেস্টিং ল্যাবের কম্পিউটার নিয়ন্ত্রিত প্যানেল।

মোটর টেস্টিং ল্যাব সম্পর্কে প্রকল্প পরিচালক জানান অন্য তিনটি ল্যাবের ন্যায় এটিও সম্পূর্ণ রুপে কার্যকর। কিন্তু ইলেকট্রিক মোটর টেস্টিং বাধ্যতামূলক না হওয়ায় কোম্পানীসমূহ তাদের মোটর টেস্ট করতে আগ্রহী হচ্ছেনা। এতদসংক্রান্ত নীতিমালাটি এখনো চুড়ান্ত হয়নি। ইলেকট্রিক মোটর টেস্টিং ও লেবেলিং সংক্রান্ত নীতিমালা দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ অতীব জরুরী।




আলোকচিত্র ৭-৮ মোটর টেস্টিং ল্যাবরেটরীতে চলমান ইলেকট্রিক মোটর টেস্টিং এবং ল্যাবের প্যানেলের চিত্র।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
ক) এসি, রেপ্রিজারেটর, ইলেকট্রিক ফ্যান এবং ইলেকট্রিক মটর এর ন্যায় বিদ্যুৎ সাশ্যয়ী পণ্যের স্টার লেভেল নির্ধারণ; খ) বিদ্যুৎ সাশ্যয়ী পণ্য পরীক্ষার মান উন্নয়ন করা; গ) পরীক্ষণ কাজে নিয়োজিত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি করা; ঘ) রপ্তানী/বাণিজ্য সুবিধা পাওয়ার লক্ষ্যে বৈদ্যতিক পণ্য পরীক্ষার মান আন্তর্জাতিক লেভেলে রাখা; ঙ) বৈদ্যুতিক পণ্য পরিক্ষাগারের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা; এবং চ) Technical Barrier to Trade (TBT) অতিক্রমের মাধ্যমে বাংলাদেশী পণ্যের আন্তর্জাতিক বাজারে	ক) এসি, রেপ্রিজারেটর, ইলেকট্রিক ফ্যান এবং ইলেকট্রিক মটর এর ন্যায় বিদ্যুৎ সাশ্যয়ী পণ্যের স্টার লেভেল নির্ধারণ করা হয়েছে; খ) বিদ্যুৎ সাশ্যয়ী পণ্য পরীক্ষার মান উন্নয়ন করার সুযোগ সৃস্টি হয়েছে; গ) প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অভিজ্ঞতা লাভ করার পরীক্ষণ কাজে নিয়োজিত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি পেয়েছে; ঘ) রপ্তানী/বাণিজ্য সুবিধা পাওয়ার লক্ষ্যে বৈদ্যতিক পণ্য পরীক্ষার মান আন্তর্জাতিক লেভেলে রাখার সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে; ঙ) বৈদ্যুতিক পণ্য পরিক্ষাগারের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে; এবং

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
প্রবেশের সক্ষমতা অর্জন করা।	চ) Technical Barrier to Trade (TBT) অতিক্রমের মাধ্যমে বাংলাদেশী পণ্যের আন্তর্জাতিক বাজারে প্রবেশের সক্ষমতা অর্জনের সুযোগ সুবিধা তৈরি হয়েছে মর্মে প্রকল্প কার্যালয় হতে জানা যায়।

১৪। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ: প্রযোজ্য নয়।**

১৫। **অডিট সংকান্ত:**

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআরে দেখা যায় যে, প্রকল্পটির এক্সটার্নাল অডিট করা হলেও ইন্টার্নাল অডিট করা হয়নি। এছাড়া এক্সটার্নাল অডিটে ২০১৫-১৬ ও ২০১৬-১৭ অর্থবছরে ২টি করে আপত্তি প্রদান করা হয়েছে। আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির উদ্যোগ গ্রহণ জরুরী।

১৬.০ **পর্যবেক্ষণ:**

১৬.১ **মোটর টেস্টিং ল্যাব সংক্রান্ত:** বিএসটিআইএর বিদ্যমান নীতিমালা অনুযায়ী এসি ফ্রিজ ও ইলেকট্রিক ফ্যানের টেস্টিং বিএসটিআই এ করা বাধ্যতামূলক হলেও ইলেকট্রিক মোট টেস্টিং বাধ্যতামূলক নয়। ফলে প্রকল্পের আওতায় স্থাপিত মোটর টেস্টিং ল্যাবটি পূর্ণাঙ্গ রুপে Functional হয়ে উঠেনি।

১৬.২ Exit Plan ও Sustainability: প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদির দীর্ঘমেয়াদে টিকিয়ে রাখা এবং বিএসটিআই এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে এই প্রকল্পটি ভূমিকা রাখতে পারতো। কিন্তু সঠিক Exit Plan না থাকায় মোটর টেস্টিং ও লেবেল নির্ধারণ সহ অন্যান্য কার্যক্রমে Discontinuation দেখা দিয়েছে।

১৬.৩ অডিট সম্পর্কিত: প্রকল্পের External অডিট করা হলে ও Internal অডিট সম্পন্ন করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর এ কোন তথ্য উল্লেখ করা হয়নি। এক্সটার্নাল অডিটে ২০১৫-১৬ ও ২০১৬-১৭ অর্থবছরে ২টি করে আপত্তি প্রদান করা হয়েছে।

১৭.০ **মতামত/সুপারিশ:**

১৭.১। বিএসটিআইএ বিদ্যমান নীতিমালা অনুযায়ী এসি, ফ্রিজ ও ইলেকট্রিক ফ্যানের বাধ্যতামূলক টেস্টিং এর অনুরূপ ইলেকট্রিক মোটর টেস্টিং এর বিষয়টি অবিলম্বে বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.২। প্রকল্পের আওতায় নির্মিত ল্যাব পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল এর সংস্থানসহ বিএসটিআইকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে অন্যথায় ল্যাব নির্মানের পূর্ণাঙ্গ উপকারিতা প্রাপ্তিতে আরো বিলম্ব ঘটবে;

১৭.৩। ভবিষ্যতের কথা বিবেচনায় নিয়ে ল্যাবের যন্ত্রপাতিগুলো পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবলকে (প্রতিটি ল্যাবের/যন্ত্রের জন্য ন্যূনতম ০৩ জনকে) প্রশিক্ষিত করে বিএসটিআই এর এতসংক্রান্ত সক্ষমতা বৃদ্ধি করতে হবে;

১৭.৪। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Sustainability'র বিষয়টি বিবেচনায় রেখে যথাযথ Exit Plan বাস্তবায়ন করা যায়;

১৭.৫। প্রকল্পের External অডিটে প্রদত্ত আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৭.৬। উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৭.১-১৭.৫) আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বিসিক শিল্পনগরী,ঝালকাঠি প্রকল্প (১ম সংশোধিত) **শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত জুন, ২০১৯)

০১. প্রকল্পের নাম : বিসিক শিল্পনগরী,ঝালকাঠি প্রকল্প (১ম সংশোধিত)

০২. প্রশাসনিক মন্ত্রণালয় : শিল্প মন্ত্রণালয়

০৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

০৪. অর্থায়নের উৎস : **জিওবি**

০৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপির চেয়ে%)	অতিক্রান্ত সময় (মূল ডিপির চেয়ে%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫২৫.০০	১৬৭৮.০০	১৩৯০.৪৬	জুলাই ১৪ হতে জুন ১৭	জুলাই ১৪ হতে ডিসেম্বর ১৮	জুলাই ১৪ হতে জুন ১৯	৯১%	৬৬%

০৬. প্রকল্পের পটভূমিঃ

প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধাসহ ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের উন্নয়ন বিসিকের অন্যতম প্রধান কাজ। এ লক্ষ্যে বিসিক ১৯৬০ সাল থেকে সারা দেশে ৭৪টি শিল্প নগরী স্থাপন করেছে। ঝালকাঠি একটি অর্থনৈতিকভাবে অনগ্রসর জেলা। কিন্তু এ জেলায় বিভিন্ন খাতে শিল্পায়নের প্রচুর সম্ভাবনা রয়েছে। ক্ষুদ্র শিল্পের উন্নয়নের জন্য অবকাঠামোগত সুবিধাসহ পরিষেবাগুলো একটি প্যাকেজ থাকা দরকার। এ জেলার বিভিন্ন ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাগণ শহর/উপশহরে বিক্ষিপ্ত ও বিচ্ছিন্ন এবং অপরিকল্পিতভাবে তাদের শিল্প ইউনিটগুলো প্রতিষ্ঠা করছে। এর ফলে ঐ সকল ক্ষুদ্র ও মাঝারী শিল্পের দ্বারা পরিবেশের উপর বিরুপ প্রভাব পড়ছে। বাংলাদেশ সরকার এ জেলায় একটি পরিবেশ বান্ধব ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জাতীয়ভাবে অবদান রাখার জন্য "বিসিক শিল্পনগরী,ঝালকাঠি প্রকল্প (১ম সংশোধিত)"-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করে।

০৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

উদ্যোক্তার চাহিদার আলোকে সকল অবকাঠামোগত সুযোগ-সুবিধা সম্বলিত উন্নত শিল্প প্লট তৈরী করে পরিবেশ বান্ধব শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং জিডিবি বৃদ্ধিতে এসএমই খাতে অবদান রাখার সুযোগ সৃষ্টি করা।

০৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- জমি অধিগ্রহণ;
- ভূমি উন্নয়ন;
- প্রশাসনিক ভবন নির্মাণ;
- পাম্প ড্রাইভার কোয়াটার;
- বাউন্ডারি ওয়াল নির্মাণ;
- রাস্তা নির্মাণ;
- বৈদ্যুতিক লাইন;
- ড্রেন নির্মাণ;
- পানি সরবরাহ লাইন স্থাপন; এবং
- ডাম্পিং ইয়ার্ড নির্মাণ।

০৯. মূল্যায়ন পদ্ধতি (Methodology):

- আরডিপিপি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- প্রকল্প পরিচালকের নিকট সংরক্ষিত রেকর্ডপত্র পর্যালোচনা; এবং
- তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচনা।

১০. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

(লক্ষ টাকায়)

ক্র.নং	অঙ্গের নাম	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		সংখ্যা/ পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	সমাপ্তন
১	২	৩	৪	৫	৬	৭	৮
রাজস্ব ব্যয়:							
সরবরাহ ও সেবা							
০১.	াতায়াত	থোক	১৪.০০	১০০%	১৩.১৩	৯৪%	০.৮৭
০২.	ন কর	থোক	১.৫০	১০০%	১.৫০	১০০%	-
০৩.		থোক	১৩	১০০%	০.০৬	৪৬%	০.০৭
০৪.	া/ইন্টানেট বিল	থোক	১৭	১০০%	০.১৫	৮৮%	০.০২
০৫.	ল	থোক	৫০	১০০%	০.৬৭	৪৫%	০.৮৩
০৬.	লুব্রিকেন্ট	থোক	৪০	১০০%	০.৮৮	৩৭%	১.৫২
০৭.	কাশনা	থোক	৫০	১০০%	০.৪৪	৮৮%	০.০৬
০৮.		থোক	৫০	১০০%	৩.০৩	৫৫%	২.৪৭
০৯.	বিজ্ঞাপন	থোক	৮০	১০০%	২.৭৪	৯৮%	০.০৬
ন্সি:							
১০.	ফর এনভায়রনমেন্ট পলিউশন কন্ট্রোল (ইআইএ ও আইইই)	থোক	৫০	১০০%	৫.৪৫	৯৮%	০.১১
১১.	কপি	থোক	৫০	১০০%	০.৫৪	৩৬%	০.৯৬
অন্যান্য(বিবিধ):							
১২.	রি	থোক	০০	১০০%	৪.০০	১০০%	-
১৩.	দ্বোধন ও অপ্রত্যাশিত ব্যয়)	থোক	.০২	১০০%	১০.৯৮	৯৯%	০.০৪
	রাহ ও সেবা)	থোক	.৫২	১০০%	৪৩.৫৭	৮৬%	৬.৯৫
১৪.	রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন	থোক	৪০	১০০%	৪.০০	৭৪%	১.৪০
	(রাজস্ব)	থোক	.৯২	১০০%	৪৭.৫৭	৮৫%	৮.৩৫
সম্পদ সংগ্রহ:							
	মটরযান						
১৫.	াইকেল	সংখ্যা	৫৪	১০০%	১.৪০	৯১%	০.১৪
১৬.	র এন্ড এক্সেসরিজ	সংখ্যা	৯৬	১০০%	১.৯৬	১০০%	-
	অফিস ইকুইপমেন্ট						
১৭.	কপিয়ার	সংখ্যা	.৪৫	১০০%	১.৪৫	১০০%	-
১৮.	মেশিন	সংখ্যা	.৪৭	১০০%	০.৪৭	১০০%	-
১৯.	ত্র(রেস্ট হাউজের আসবাবপত্রসহ)	থোক	.০০	১০০%%	১২.০০	১০০%	-
২০.	নিকেশন ইকুইপমেন্ট (ল্যান্ড ফোন-২, সেল ফোন-১টি, ইন্টারনেট মডেম-১, রাউটার-১টি)	সংখ্যা	.১৩	১০০%	১.১৩	১০০%	-
২১.	বৈদ্যুতিক সরঞ্জাম	থোক	২.০০	১০০%	২.০০	১০০%	-
২২.	বনায়ন	থোক	২.০০	১০০%	১.৯৫	৯৮%	০.০৫

ক্র.নং	অঙ্গের নাম	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		সংখ্যা/ পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	সমাপ্তন
১	২	৩	৪	৫	৬	৭	৮
	াদ সংগ্রহ)		২২.৫৫	১০০%	২২.৩৬	৯৯%	৯
২৩.	গ্রহণ/ক্রয়	একর	৫১৫.৫১	১০০%	৩২৮.৮৬	৬৪%	১৮৬.
কনস্ট্রাকশন অব ওয়ার্ক							
২৪.	ন	ঘ:মি:	১৯৩.৮৫	১০০%	১৯৩.৮২	১০০%	০.০৩
২৫.	ভবন (মাটি পরীক্ষাসহ)	ব:মি:	১৩৫.২৫	১০০%	১৩৫.২১	১০০%	০.০৪
অন্যান্য দালান ও অবকাঠামো:							
২৬.	ভার কোয়ার্টার	ব:মি:	১৬.৯৯	১০০%	১৬.৯৯	১০০%	-
২৭.	ওয়াল ফর এস্টেট	আরএ	৮০.৭০	১০০%	৭৫.২০	৯৩%	৫.৫০
২৮.	ফর এস্টেট	সংখ্যা	১৫.০০	১০০%	১২.৪৮	৮৩%	২.৫২
২৯.	ণ	ব:মি:	২৯২.১১	১০০%	২৬৯.২৩	৯২%	২৪.৫
৩০.	লভার্ট নির্মাণ	আরএ	১৯১.৪৩	১০০%	১৮২.০০	৯৫%	১০.৪
৩১.	কালেকশন	সংখ্যা	৩৩.০০	১০০%	৩২.৯৫	১০০%	০.০৫
৩২.	রবাহ লাইন	আরএ	১৫.৫৫	১০০%	১২.৩৯	৮০%	৩.১৬
৩৩.	লাইন	আরএ	৪২.০০	১০০%	৩৪.৮৭	৮৩%	৭.১৩
৩৪.	ানেল	সংখ্যা	১১.০৪	১০০%	১১.০৪	১০০%	-
৩৫.	য়ার্ড	ব:মি:	২০.৪৮	১০০%	১৪.৪৯	৭১%	৫.৯৯
	(কনষ্ট্রাকশন)		১০৫১.১১	১০০%	৯৯১.৬৭	৯৪%	৫৯.৪
	(মেলধন)		১৫৮৯.১৮	১০০%	১৩৪২.৮৯	৮৫%	২৪৬.
	স্থ+ মলধন)		১৬৪৫.১০	১০০%	১৩৯০.৪৬	৮৫%	২৫৪.
ক্যাপিটাল ব্লক এলোকেশন							
	কনটিনজেন্সি (১% মোট ব্যয়ের উপর)		.৪৫	১০০%	-	-	১৬.৪৫
	াল কনটিনজেন্সি (১% মোটব্যয়ের উপর)		.৪৫	১০০%	-	-	১৬.৪৫
			.৯০	১০০%	-	-	৩২.৯০
			৮.০০	১০০%	১৩৯০.৪৬	৮৩%	২৮৭.৫৪

১১. অর্থবছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থবছর	আরডিপিপি'তে সংস্থান	আরএডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
১	২	৩	৪	৫	৬
২০১৪-২০১৫	৩৩১.৭৬	৫১৯.৫২	৩৮৯.৬৪	৩৩১.৭৬	৫৭.৮৭
২০১৫-২০১৬	২৩৫.৩১	৮১৭.০০	৪০৮.৫০	২৩৫.৩১	১৭৩.১৯
২০১৬-২০১৭	৯২.৩৫	৩৭৬.০০	১৮৮.০০	৯২.৩৫	৯৫.৬৫
২০১৭-২০১৮	৯৫৩.৭৩	৬৮০.০০	৬৮০.০০	৫৮২.২১	৯৭.৭৯
২০১৮-২০১৯	৬৪.৮৫	১৬৯.০০	১৬৯.০০	১৪৮.৮৩	২০.১৮
মোট=	১৬৭৮.০০	২৬৩৪.৫২	১৮৩৫.১৪	১৩৯০.৪৬	৪৪৪.৬৮

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম	পদবী ও মূল দপ্তর	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
১	২	৩	৪	৫	৬
জনাব অসীম কুমার ঘোষ	উপ-ব্যবস্থাপক বিসিক	২৮-১০-২০১৪ হতে ৩১-১০-২০১৮	অতিরিক্ত	না	-
জনাব মোঃ শাফাউল করিম	সহকারী প্রকৌশলী বিসিক	২২-০২-২০১৮ হতে ৩০-০৬-২০১৯	অতিরিক্ত	না	-

১৩. পণ্য,কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকায়)

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
মাটি ভরাট	০৫-১০-২০১৫ ১৯৩.৮৫	০৫-১০-২০১৫ ১৯২.৮২	৩০-০৩-২০১৬	৩০-০৩-২০১৬	-
রাস্তা নির্মাণ	১৮-০২-২০১৭ ২৭২.৩৪	০৭-০৫-২০১৭ ২৬৯.৯৩	১৫-০৯-২০১৭	১৪-১০-২০১৭	অতিরিক্ত বৃষ্টিপাত হওয়ায়
প্রশাসনিক ভবন	২২-০৬-২০১৭ ১৩৫.২৫	২৯-১০-২০১৭ ১৩৫.২১	২৯-০৫-২০১৮	২৮-০৫-২০১৮	-
ড্রেন ও কালভার্ট	২২-০৬-২০১৭ ১৯৪.৪২	২২-০৬-২০১৭ ১৯২.৪৩	১৫-০৩-২০১৮	১৫-০৩-২০১৮	-
গভীর নলকূপ	১০-০৯-২০১৭ ৩৩.০০	১৮-০৬-২০১৮ ৩২.৯৫	১৮-০৯-২০১৮	১৮-০৯-২০১৮	-
বাউন্ডারী ওয়াল	২২-০৬-২০১৭ ৮০.৬৬	২৬-১০-২০১৭ ৮০.৬৬	০৫-০৮-২০১৮	০৫-০৮-২০১৮	-
পাম্প ড্রাইভার কোয়াটার	০৫-০৭-২০১৮ ১৭.৯২	৩০-১০-২০১৮ ১৭.০২	১৫-১১-২০১৮	১৩-১১-২০১৮	-
মেইন গেট	০৫-০৭-২০১৮ ১৪.৯৭	০৯-০৯-২০১৮ ১২.৪৮	০২-১২-২০১৮	০২-১২-২০১৮	-
সোলার প্যানেল	০৫-০৭-২০১৮ ১৪.৯৭	০৯-০৯-২০১৮ ১২.০৪	১৩-১১-২০১৮	১৩-১১-২০১৮	-
পানি সরবরাহ লাইন	০৫-০৭-২০১৮ ১১.৪৭	০৯-০৯-২০১৮ ১০.৯০	০৭-১১-২০১৮	০৭-১১-২০১৮	-
ডাম্পিং ইয়ার্ড	০৫-০৭-২০১৮ ২০.৩৮	০২-০৫-২০১৯ ১৯.৩৬	২৫-০৬-২০১৯	২৫-০৬-২০১৯	-

১৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

আরডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	অর্জন
উদ্যোক্তাদের চাহিদার আলোকে সকল অবকাঠামোগত সুযোগ-সুবিধা সম্বলিত উন্নত শিল্প প্লট তৈরি করে পরিবেশ বান্ধব শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং জিডিপি বৃদ্ধিতে এসএমই খাতে অবদান রাখার সুযোগ সৃষ্টি করা।	সকল প্রকার অবকাঠামোগত সুযোগ-সুবিধা সম্বলিত যেমন: ভূমি উন্নয়ন, রাস্তা নির্মাণ, ড্রেন-কালভার্ট নির্মাণ, প্রশাসনিক ভবন, বিদ্যুৎ লাইন, পানি সরবরাহ লাইন নির্মাণ, বাউন্ডারী ওয়াল এবং মেইন গেটসহ যাবতীয় কাজ ১০০% সম্পন্ন করে উদ্যোক্তাদের মাঝে প্লট বরাদ্দ দেয়ার উপযোগী করে বিসিক শিল্পনগরী প্রকল্প, ঝালকাঠি তৈরি করা হয়েছে। ইতিমধ্যেই তৈরিকৃত ৭৯টি প্লটের মধ্যে ২০টি প্লট উদ্যোক্তাদের মাঝে বরাদ্দ দেয়া হয়েছে। ১৩টি প্লটে বিভিন্ন ধরনের কারখানা স্থাপন করা হয়েছে।

১৫. প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

(লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয়
মূল অনুমোদন	একনেক কর্তৃক ১৮-০৯-২০১৪ তারিখে অনুমোদিত হয়।	জুলাই/২০১৪ হতে জুন/২০১৭	১৫২৫.০০
১ম সংশোধন	একনেক কর্তৃক ১৫-০৭-২০১৭ তারিখে অনুমোদিত হয়।	জুলাই/২০১৪ হতে ডিসেম্বর/২০১৮	১৬৭৮.০০
ব্যায় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২২-০১-২০১৯ তারিখে পত্র জারি করা হয়	জুলাই/২০১৪ হতে ডিসেম্বর/২০১৯	১৬৭৮.০০

১৬. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ: প্রকল্পের অনুমোদিত সময়ের মধ্যে প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

১৭. অডিট সংক্রান্ত : অদ্যাবধি প্রকল্পের অনুকূলে ব্যয়িত অর্থের কোন অডিট সম্পন্ন হয়নি।

১৮. প্রকল্প পরিদর্শনঃ

বিগত ১৩.০৩.২০২১ ও ১৪.০৩.২০২১ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক মো: বশীর আহাম্মেদ কর্তৃক প্রকল্পের কার্যক্রম সরিজমিনে পরিদর্শন (ঝালকাঠি, বিসিক শিল্প নগরী এলাকা) করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতা প্রদান করেন। প্রকল্পটির আরডিপিপি, প্রাপ্ত পিসিআর, বিভিন্ন সভার কার্যবিবরণী, প্রকল্প পরিচালকের সাথে আলোচনা এবং প্রাপ্ত তথ্যাদির আলোকে আরডিপিপি'র প্রধান প্রধান অংগভিত্তিক পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নেবর্ণিত:

১৯.১ প্রশাসনিক ভবন নির্মাণ:

প্রকল্পের আওতায় ১১.০৮ একর জমিতে প্রশাসনিক ভবন নির্মাণের জন্য ১টি লটে প্যাকেজ নং-WD-03 এর আওতায় সম্পন্ন করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে বিভিন্ন কাগজ-পত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, এ কাজের জন্য আরডিপিপি'তে ১৩৫.২৫ লক্ষ টাকার সংস্থান ছিল এবং দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ১ কোটি ৩১ লক্ষ ১৫ হাজার ৮ শত ৪২.২৫ টাকা। এ কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম) দরপত্র বিজ্ঞপ্তি ২৯/০৬/২০১৭ তারিখের দৈনিক প্রথমআলো, ২৫/০৬/২০১৭ তারিখের দি ফিনান্সিয়াল এক্সপ্রেস ও ২৩/০৬/২০১৭ তারিখের স্থানীয় দৈনিক দূরযাত্রা পত্রিকায় প্রকাশিত হয় এবং বিসিক এর ওয়েব সাইটেও প্রকাশ করা হয়। বর্ণিত কাজের জন্য ৮টি দরপত্র বিক্রয় হয়। বিসিকের ৩জন কর্মকর্তার সমন্বয়ে ০৫/০৯/২০১৬ তারিখের দরপত্র উম্মুক্তকরণ কমিটি গঠন করা হয়। ২৪/০৭/২০১৭ তারিখ প্রাপ্ত দরপত্র উম্মুক্ত হয়। দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত তালিকা ৩(তিন)টি

দরপত্র পাওয়া যায়। উক্ত দরপত্রসমূহ মূল্যায়নের জন্য ৬সদস্য বিশিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হয়। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী দেখা যায় যে, দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অনুষ্ঠিত ৩০/০৩/২০১৭ তারিখে ১ম সভা এবং ২৮/০৮/২০১৭ তারিখে ২য় সভায় প্রাপ্ত দরপত্রের মধ্যে ২টি দরপত্র মূল্যায়ন করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটি ২টি দরপত্রই রেসপনসিভ দরদপত্র হিসেবে বিবেচনা করে এবং খাদিজা ট্রেডার্স, ঝালকাঠি এর উদ্বৃত দর ১ কোটি ৩১ লক্ষ ১৫ হাজার ৮ শত ৪২.২৫ টাকার দরটি মূল্যায়ন কমিটি ১ম সর্বনিম্ন দরদাতা হিসেবে সুপারিশ করে। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ HOPE কর্তৃক অনুমোদিত হয়। ২৩/১০/২০১৭ তারিখে তৎকালীন প্রকল্প পরিচালকের সাথে খাদিজা ট্রেডার্স এর সাথে ১ কোটি ৩১ লক্ষ ১৫ হাজার ৮ শত ৪২.২৫ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয়। ডিপিপি অনুযায়ী কাজ সমাপ্তির জন্য ৩০.০৬.২০১৭ তারিখ নির্ধারিত ছিল, কিন্তু সমাপ্ত হয় ২৮.০৫.২০১৮ তারিখ। ডিপিপি'র নির্ধারিত সময়ের চেয়ে ১১ মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে ভবনটির ড্রয়িং-ডিজাইনসহ বিভিন্ন আইটেম পরিবীক্ষণ করা হয়। ভবনের সিড়ির ওয়ালের বিভিন্ন অংশের প্লাস্টার নষ্ট হয়েছে।

প্যাকেজ নং-WD-03 এর আওতায় প্রশাসনিক ভবন নির্মাণ কাজটি সার্বিক পরীক্ষান্তে দেখা যায় যে, দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত তালিকায় ৩(তিন)টি দরপত্রের উল্লেখ থাকলেও দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক ২টি দরপত্র মূল্যায়ন করা হয়েছে। অর্থাৎ ১টি দরপত্র মূল্যায়ন করা হয়নি। দরপত্র মূল্যায়ন কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে ৩০/০৩/২০১৭ তারিখে। কিন্তু ২য় সভাটি অনুষ্ঠিত হয়েছে ৫মাস পর ২৮/০৮/২০১৭ তারিখে। এ সকল বিষয়ে দরপত্র মূল্যায়ন প্রতিবেদনে কোন ব্যাখ্যা/মতামত নেই। ডিপিপি'তে সংস্থানকৃত ১৩৫.২৫ লক্ষ টাকার সমপরিমানই অর্থই দাপ্তরিক প্রাক্কলিত মূল্য এবং চুক্তিমূল্যে সম্পন্ন হয়েছে।

১৯.২ বাউন্ডারী ওয়াল নির্মাণ:

শিল্প এলাকার বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজটি ১টি লটে প্যাকেজ নং-WD-05 এর আওতায় সম্পন্ন করা হয়েছে। কাজটির জন্য প্রাক্কলিত মূল্য ছিল ৮০ লক্ষ ৬৬ হাজার ৯৩০.৯৭ টাকা। ঠিকাদারের সাথে চুক্তিমূল্য ছিল ৮০ লক্ষ ৬৬ হাজার ৯৩০.৯৭ টাকা। ডিপিপি'তে কাজ সমাপ্তির তারিখ ছিল ৩০-০৬-২০১৭। বাস্তবে কাজটি সমাপ্ত করা হয় ০৭-১১-২০১৮ তারিখ। ডিপিপি'র নির্ধারিত সময়ের চেয়ে ১ বছর ৪ মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায় যে, বিসিক শিল্প নগরীর ১ম গেইট সংলগ্ন বাউন্ডারী ওয়ালের প্রায় ৭০-৮০ ফিট ওয়াল পার্শ্ববর্তী পুকুরে পতিত হয়েছে। সার্বিক পর্যবেক্ষণে প্রতীয়মান বর্ণিত ওয়াল নির্মাণ কাজটি মানসম্মত ছিল না।

১৯.৩ সড়ক নির্মাণ:

এটি প্রকল্পের আওতায় একটি গুরুত্বপূর্ণ কম্পোনেন্টের কাজ। এ কাজের জন্য ১টি লটে প্যাকেজ নং-WD-06 এর আওতায় সম্পন্ন করা হয়েছে। এ কাজের জন্য আরডিপিপি'তে ২৯৩.৮২ লক্ষ টাকার সংস্থান ছিল এবং দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ২ কোটি ৭২ লক্ষ ৩৪ হাজার ১ শত ৯০.৯০ টাকা। ঠিকাদারের সাথে চুক্তিমূল্য ছিল ২ কোটি ৬৯ লক্ষ ৯৩ হাজার ৮ শত ১৬ টাকা। ডিপিপি'তে কাজ সমাপ্তির তারিখ ছিল ৩০.০৬.২০১৬। বাস্তবে কাজটি সমাপ্ত করা হয় ১৪.১০.২০১৭ তারিখ। ডিপিপি'র নির্ধারিত সময়ের চেয়ে ১ বছর ৪ মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্প এলাকার মূল সড়কের কতিপয় অংশে সিলকোর্ট ক্ষতিগ্রস্থ হয়েছে।

১৯.৪ ড্রেন ও কালভার্ট নির্মাণ:

এটি প্রকল্পের আওতায় একটি গুরুত্বপূর্ণ কম্পোনেন্টের কাজ। এ কাজের জন্য ১টি লটে প্যাকেজ নং-WD-07 এর আওতায় সম্পন্ন করা হয়েছে। কাজটির জন্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ১ কোটি ৯৪ লক্ষ ৪২ হাজার ৩৫২.০১ টাকা।

ঠিকাদারের সাথে চুক্তিমূল্য ছিল ১ কোটি ৯৪ লক্ষ ৪২ হাজার ৩৫২.০১ টাকা। ডিপিপি'তে কাজ সমাপ্তির তারিখ ছিল ৩০-০৬-২০১৭। বাস্তবে কাজটি সমাপ্ত করা হয় ১৫-০৩-২০১৮ তারিখ। ডিপিপি'র নির্ধারিত সময়ের চেয়ে ৯ মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে ড্রয়িং-ডিজাইনের সাথে মিল রেখে ড্রেন ও কালভার্ট নির্মাণ করা হয়েছে। প্রধান ২টি কালভার্ট ব্যতীত অন্যান্য কালভার্ট ও ড্রেন বিভিন্ন আবর্জনায় ভরে রয়েছে। উক্ত ড্রেন পরিস্কার ব্যতীত এ পর্যায়ে পানি নিস্কাশন বাধাগ্রস্থ হবে।

১৯.৫ পানি সরবরাহ লাইন নির্মাণ:

শিল্প এলাকার পানি সরবরাহ লাইন নির্মাণ কাজটি ১টি লটে ই-জিপি'তে প্যাকেজ নং-PACKAGE/DEV/JHALOKATH-3/WD=09,Tender ID-210178 এর আওতায় সম্পন্ন করা হয়েছে। কাজটির জন্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ১১ লক্ষ ৪৭ হাজার ৪৭০.৬৮ টাকা। ঠিকাদারের সাথে চুক্তিমূল্য ছিল ১০ লক্ষ ৯০ হাজার ৯৭.১৪৬ টাকা। ডিপিপি'তে কাজ সমাপ্তির তারিখ ছিল ৩০-০৬-২০১৭। বাস্তবে কাজটি সমাপ্ত করা হয় ০৫-০৮-২০১৮ তারিখ। ডিপিপি'র নির্ধারিত সময়ের চেয়ে ১বছর ১মাস অতিরিক্ত সময় ব্যয় হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে পানির মেইন লাইন এবং সাব-লাইনের ড্রয়িং-ডিজাইনসহ বিভিন্ন আইটেম পরিবীক্ষণ করা হয়।

১৯.৬ বিদ্যুৎ লাইন, গভীর নলকূপ স্থাপন এবং ফার্নিচার সংগ্রহ:

প্রকল্পের আওতায় শিল্প নগরীতে বিদ্যুৎ লাইন ও গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। প্রকল্পের সকল শিল্প প্লটে খাবার ও ব্যবহার উপযোগী পানি সরবরাহ করার জন্য একটি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। এ কাজটি ডিপোজিট ওয়ার্কের আওতায় "পল্লী উন্নয়ন একাডেমী (RDA, BOGRA)" এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। একইভাবে বিদ্যুৎ লাইন "পল্লী বিদ্যুৎ সমিতি, ঝালকাঠি" এবং ফার্নিচার সংগ্রহের কাজটি বাংলাদেশ বন শিল্প কর্পোরেশনের নিকট থেকে ডিপোজিট ওয়ার্কের আওতায় সম্পন্ন করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে বিদ্যুৎ লাইন ও গভীর নলকূপ সচল অবস্থায় পাওয়া যায় এবং ফার্নিচার গ্রহণের তালিকা পরীক্ষা করা হয়।

১৯.৭ অডিট সংক্রান্ত:

PCR এ অডিট সংক্রান্তে প্রকল্প পরিচালক তার পত্রে জানিয়েছেন যে, "Yet to be not done" এর পরিবর্তে ভুলবসত: "Yet to be done" লেখা হয়েছে। প্রকৃতপক্ষে অদ্যাবধি প্রকল্পটির ব্যয়িত অর্থের অডিট সম্পাদন করা হয়নি। উক্ত অডিট সম্পাদন করার জন্য প্রকল্প থেকে বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর, খুলনা বরাবরে ৩১-০৭-২০১৯, ১৮-১২-২০১৯ এবং ০১-০২-২০২১ তারিখে পত্র/তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। এক্ষণে প্রকল্পটির অনুকূলে ব্যয়িত অর্থের অডিট সম্পাদন করার জন্য বিসিক/শিল্প মন্ত্রণালয় থেকে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে পারে।

১৯.৮ বিবিধ পর্যবেক্ষণ:

(ক) প্রকল্পের আরডিপিপি'তে প্রতি ৩মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজনের নির্দেশনা ছিল। কিন্তু প্রকল্পের ৫বছর মেয়াদে মাত্র ২টি পিআইসি এবং ১টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। ফলোশ্রুতিতে প্রকল্পের বিভিন্ন সমস্যা পিআইসি ও পিএসসি সভায় উত্থাপিত না হওয়ায় প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা পায়নি।

(খ) আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নাধীন অবস্থায় বিগত ২৪/০৪/২০১৮ তারিখ আইএমইডি পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করা হয়েছে। এটি পিসিআর-এ উল্লেখ রয়েছে।

(গ) প্রশাসনিক মন্ত্রণালয় থেকে পিসিআর এর সুপারিশে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি বাস্তবায়নের ফলে স্থানীয় উদ্যোক্তাদের দ্বারা ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জাতীয়ভাবে অবদান রাখবে।

সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায় যে, এ প্রকল্পটির নির্মাণ কাজ জুন,২০১৯ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের আওতায় সর্বমোট ৭৯টি শিল্প প্লট তৈরী করা হয়েছে, যার মধ্যে মাত্র ২০টি প্লট উদ্যোক্তাদের মাঝে বরাদ্দ দেয়া হয়েছে। তম্মধ্যে ১২টি প্লট একত্রিত করে তার উপর ১টি শিল্প কারখানা (ফার্নিচার তৈরী) স্থাপন করা হয়েছে, যেখানে প্রায় ২৫-৩০ জন শ্রমিক এবং ২-৩ জন তত্ত্বাবধায়ক নিয়োগ পেয়েছে। অপর ১টি কারখানা (সুতা/রশি তৈরী) স্থাপনের

জন্য টিনসেড তৈরী করা হয়েছে। কিন্তু কোন মেশিনপত্র স্থাপন করা হয়নি। অপর ৫৯টি প্লট বরাদ্দ প্রদান অপেক্ষমান রয়েছে এবং বরাদ্দকৃত সকল প্লটেও কারখানা স্থাপন করা হয়নি। এ প্রেক্ষাপটে বলা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নের ফলে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জাতীয়ভাবে অবদান রাখার মাধ্যমে সপ্তম ৫ম বার্ষিকী কর্ম পরিকল্পনা বাস্তবায়নে ভূমিকা রাখার বিষয়টি উপেক্ষিত হতে পারে। তাছাড়া, উক্ত শিল্প প্লটের বরাদ্দ এবং শিল্প প্রতিষ্ঠা স্থাপনে অত্যাধিক বিলম্ব হলে শিল্প নগরীর বিভিন্ন অবকাঠামো যেমন: ড্রেন, পানির লাইন, বিদ্যুৎ লাইন, গভীর নলকূপ ইত্যাদি ব্যবহারের উপযোগীতা হারাতে পারে।

২০. সুপারিশসমূহঃ

২০.১ প্যাকেজ নং-WD-03 এর আওতায় প্রশাসনিক ভবন নির্মাণ কাজের দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত তালিকায় ৩(তিন)টি দরপত্রের উল্লেখ থাকলেও দরপত্র মূল্যায়ন কমিটি ২(দুই)টি দরপত্র মূল্যায়ন করেছে। এ কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে ৩০/০৩/২০১৭ তারিখে কিন্তু ২য় সভাটি অনুষ্ঠিত হয়েছে ৫মাস পর ২৮/০৮/২০১৭ তারিখে। এ সকল বিষয়ে দরপত্র মূল্যায়ন প্রতিবেদনে কোন ব্যাখ্যা/মতামত নেই। আরডিপিপি'তে সংস্থানকৃত ১৩৫.২৫ লক্ষ টাকার সমপরিমানই দাপ্তরিক প্রাক্কলিত মূল্য এবং চুক্তিমূল্যে কাজটি সম্পন্ন হয়েছে। এ বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

২০.২ আলোচ্য প্রকল্পটি জুলাই/১৪ হতে জুন/১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের কার্যক্রম জুলাই ২০১৪ সালে শুরু হয়ে সমাপ্ত হয় জুন ২০১৯ সালে। অর্থাৎ প্রকল্পটি শেষ করতে ০৫ বৎসর সময় লেগেছে। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদে ১বার সংশোধন এবং ১বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। অবকাঠামো উন্নয়নে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে। এ ধরনের দীর্ঘসূত্রতার কারণে Time-over-run ৬৬% এবং Cost-over-run ১১% হয়েছে। ভবিষ্যতে বিসিক এর এ ধরনের শিল্প নগরী স্থাপন প্রকল্পের কার্যক্রম সর্বোর্চ্চ ০৩(তিন) বছরের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;

২০.৩ প্রকল্পের ডিপিপি'র অঙ্গভিত্তিক আর্থিক সংস্থান ও বাস্তব কাজের সংখ্যা/পরিমান দেখানোর পাশাপাশি বাস্তবায়ন অগ্রগতির ক্ষেত্রেও আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতির সংখ্যা/পরিমান উল্লেখ করে পিসিআর এর কপি আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে;

২০.৪ প্রশাসনিক মন্ত্রণালয় থেকে পিসিআর এর সুপারিশে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি বাস্তবায়নের ফলে স্থানীয় উদ্যোক্তাদের দ্বারা ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জাতীয়ভাবে অবদান রাখবে। তাছাড়া আরডিপিপি'তে উল্লেখ রয়েছে যে, প্রকল্পটি বাস্তবায়িত হলে সপ্তম ৫ম বার্ষিকী কর্ম পরিকল্পনা বাস্তবায়নে ভূমিকা রাখবে। এ লক্ষ্যে প্রকল্পের আওতায় নির্মাণকৃত প্লট উদ্যোক্তাদের মাঝে দ্রুত বরাদ্দ প্রদান করত: তা' চালু করার জন্য বিসিক থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.৫ বিসিক শিল্প নগরীর ১ম গেইট সংলগ্ন বাউন্ডারী ওয়ালের প্রায় ৭০-৮০ ফিট ওয়াল পার্শ্ববর্তী পুকুরে পতিত হয়েছে। সার্বিক পর্যবেক্ষণে প্রতীয়মান বর্ণিত ওয়াল নির্মাণ কাজটি মানসম্মত ছিল না। এ বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় থেকে খতিয়ে দেখতে পারে;

২০.৬ বিসিক শিল্প নগরীর ১ম গেইট সংলগ্ন বাউন্ডারী ওয়ালের প্রায় ৭০-৮০ ফিট ওয়াল পার্শ্ববর্তী পুকুরে পতিত হয়েছে। বর্তমানে এ অংশে বাউন্ডারী ওয়াল না থাকায় শিল্প পার্কের নিরাপত্তা বিঘ্নিত (বিভিন্ন স্থাপনা নষ্ট) হতে পারে । তজ্জন্যে এ অংশের বাউন্ডারী ওয়াল মেরামত/প্রতিস্থাপন করতে হবে;

২০.৭ প্রকল্পটির অনুকূলে ব্যয়িত অর্থের অডিট সম্পাদন করার জন্য বিসিক/শিল্প মন্ত্রণালয় থেকে উদ্যোগ গ্রহণ করতে হবে। অডিট সম্পাদনের পর প্রাপ্ত অডিট রিপোর্ট আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং

২০.৮ প্রকল্পের আরডিপিপি'তে প্রতি ৩মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। কিন্তু প্রকল্পের ৫বছর মেয়াদে মাত্র ২টি পিআইসি এবং ১টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। ফলোশুতিতে প্রকল্পের বিভিন্ন সমস্যা পিআইসি ও পিএসসি সভায় উত্থাপিত না হওয়ায় প্রকল্প বাস্তবায়নে কোন দিকনির্দেশনা পায়নি। প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়টি আরো গভীরভাবে অনুসন্ধান করে পরবর্তী প্রকল্পে এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করতে পারে।

২১। বর্ণিত পর্যবেক্ষণ ও সুপারিশগুলো প্রতিপালনকরতঃ আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

প্রকল্প পরিদর্শনের স্থির চিত্রঃ



চিত্র-১: বিসিক শিল্পনগরী, ঝালকাঠি সমাপ্ত প্রকল্পের বিভিন্ন ডকুমেন্ট পর্যালোচনা এবং প্রকল্প পরিচালেক সাথে আলোচনা।



চিত্র-২: শিল্প নগরীর প্রধান গেইট।



চিত্র-৩: শিল্প নগীর প্রধান ড্রেন পরিমাপ।



চিত্র-৪: প্রশাসনিক ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল।



চিত্র-৫: ড্রয়িই-ডিজাইনের সাথে ড্রেন পরিমাপ করা হয়।;



চিত্র-৬: শিল্প নগরীর ডাম্পিং স্টেশন পর্যবেক্ষণ।

	
চিত্র-৭: পানির লাইনের পাইপের ব্যাস পরিমাপ	চিত্র-৮: শিল্প নগরীতে স্থাপিত ‘সারেং ফার্নিচার’ এর কারখানা পরিদর্শন শেষে এমডি’র সাথে আলোচনা।